



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

“কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প, কুষ্টিয়া
(১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন



জুন ২০২০

“কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প, কুষ্টিয়া (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের
নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন

পরামর্শক প্রতিষ্ঠান পরামর্শকবৃন্দ

মোঃ নিয়াজুল হক
টীম লিডার

ইঞ্জিনিয়ার শাহ আলম সরকার
সিভিল ইঞ্জিনিয়ার

ডাঃ গোলাম শওকত হোসেন
পাবলিক হেলথ স্পেশালিস্ট

শামস আরা নাজমিন
ডাটা ম্যানেজমেন্ট স্পেশালিস্ট

আইএমইডি'র কর্মকর্তাবৃন্দ

মোঃ মোখলেছার রহমান সরকার
মহাপরিচালক (যুগ্ম সচিব)

কাজী দেলোয়ার হোসেন
পরিচালক

মোহাম্মদ সাইফুর রহমান
উপ-পরিচালক

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
প্রথম অধ্যায় : প্রকল্পের বিস্তারিত বর্ণনা		
১.১	প্রকল্পের পটভূমি	১
১.২	প্রকল্পের উদ্দেশ্য	১
১.৩	প্রকল্প বাস্তবায়নকাল (অনুমোদন, সংশোধন/ মেয়াদ বৃদ্ধি)	১
১.৪	প্রকল্প অর্থায়নের অবস্থা (মূল/ সংশোধন এর হ্রাস/ বৃদ্ধির হার)	২
১.৫	প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ	২
১.৬	প্রকল্প এলাকা	৩
১.৭	প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা	৩
১.৮	প্রকল্পের কর্ম-পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা	৫
১.৯	লগ ফ্রেম	১৫
১.১০	টেকসইকরণ পরিকল্পনা	১৬
দ্বিতীয় অধ্যায় : নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনা পদ্ধতি ও সময় ভিত্তিক কর্মপরিকল্পনা		
২.১	নিবিড় পরিবীক্ষণের কার্যপরিধি	১৭
২.২	নিবিড় পরিবীক্ষণের কার্য পদ্ধতি	১৭
২.৩	তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি	২০
২.৪	সময় ভিত্তিক কর্মপরিকল্পনা	২২
তৃতীয় অধ্যায় : ফলাফল পর্যালোচনা		
৩.১	প্রকল্পের অগ্রগতি	২৫
৩.২	ক্রয় কার্যক্রম	৩৮
৩.৩	উদ্দেশ্য অর্জন	৪৫
৩.৪	প্রকল্প ব্যবস্থাপনা	৪৮
৩.৫	সম্ভাব্য টেকসই পরিকল্পনা	৪৯
চতুর্থ অধ্যায় : প্রকল্পের সবল ও দুর্বল দিক পর্যালোচনা		
৪.১	প্রকল্পের সবল দিক	৫০
৪.২	প্রকল্পের দুর্বল দিক	৫০
৪.৩	সুযোগ	৫২
৪.৪	ঝুঁকি	৫২
পঞ্চম অধ্যায় : সার্বিক পর্যবেক্ষণ		
৫.১	প্রকল্পের সার্বিক পর্যবেক্ষণ	৫৪
ষষ্ঠ অধ্যায় : সুপারিশ ও উপসংহার		
৬.১	সুপারিশ	৭৪
৬.২	উপসংহার	৭৫

নির্বাহী সার-সংক্ষেপ

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রতিবছর কিছু গুরুত্বপূর্ণ চলমান প্রকল্প নির্বাচন করে আউটসোর্সিংয়ের মাধ্যমে নিয়োগকৃত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিবিড় পরিবীক্ষণ করে থাকে। চলতি ২০১৯-২০ অর্থবছরে ৩৬টি চলমান প্রকল্প নির্বাচন করে নিবিড় পরিবীক্ষণ করা হচ্ছে। পরিবীক্ষণে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে প্রকল্পের অগ্রগতি ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে পর্যবেক্ষণ, প্রকল্প বাস্তবায়নে পরিলক্ষিত ব্যত্যয় ও সুপারিশ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়। স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন” প্রকল্পটি নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচন করা হয়েছে।

দেশের মানুষের সুস্বাস্থ্য নিশ্চিত করতে উন্নত চিকিৎসা ব্যবস্থা এবং মানসম্পন্ন চিকিৎসক অপরিহার্য। এ লক্ষ্যে সরকার পর্যায়ক্রমে সকল জেলায় মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন করছে। এর ধারাবাহিকতায় ২০১২ সালে কুষ্টিয়াতেও একটি মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপনের উদ্যোগ নেয়া হয়। “কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প, কুষ্টিয়া (১ম সংশোধিত)” প্রকল্পটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীনে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ২৭৫৪৩.৫১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী ২০১২ হতে ডিসেম্বর ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ এক বছর বৃদ্ধি করে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হয়। প্রকল্পের মেয়াদ পুনরায় এক বছর বৃদ্ধি করে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হয়। প্রকল্পটির ১ম সংশোধন ২১ জুন ২০১৮ তারিখে ৬১১০৮.৪৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী ২০১২ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত বাস্তবায়নের জন্য একনেক সভায় অনুমোদিত হয়। সর্বশেষ ২৫ জুন ২০১৯ তারিখে প্রকল্পটির আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় করা হয়। ডিপিপি অনুযায়ী প্রকল্পের প্রধান উদ্দেশ্যসমূহের মধ্যে উল্লেখযোগ্য হল চিকিৎসা শিক্ষার জন্য অবকাঠামো নির্মাণ করা, চিকিৎসক তৈরীর মাধ্যমে চিকিৎসক এবং জনসাধারণের আনুপাতিক হার যৌক্তিক করা, চিকিৎসা শিক্ষাকে বিকেন্দ্রিকরণ করা, প্রান্তিক জেলার তৃণমূল জনসাধারণ পর্যায়ে চিকিৎসা সুবিধা নিশ্চিত করা, চিকিৎসা শিক্ষার চাহিদা পূরণ করা ইত্যাদি।

প্রাক্কলিত ব্যয়ের (৬১১.০৮ কোটি টাকা) বিপরীতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২০৭.৩০ কোটি টাকা যা মোট প্রকল্প ব্যয়ের প্রায় ৩৩.৯৩%। মূল ডিপিপি অনুসারে তিন বছরে বাস্তবায়নের জন্য নির্ধারিত প্রকল্পের খাতের মধ্যে উল্লেখযোগ্য হলো ৬৯.৭৫% নির্মাণ খাত, ১৪.৩১% যন্ত্রপাতি ক্রয়, ৭.৯৭% ভূমি অধিগ্রহণ এবং ৪.২৯% আসবাবপত্র ক্রয়। তন্মধ্যে নির্মাণখাতে ৩২.৩৬% আর্থিক অগ্রগতি অর্জিত হয়েছে। উল্লেখ্য, উক্ত ব্যয় সম্পাদনের জন্য চলমান নির্মাণ কাজ ও অবশিষ্ট ৪২টি প্যাকেজের নির্মাণ কাজের দরপত্র আহবান থেকে শুরু করে নির্মাণ সমাপ্ত করা, নির্মিত স্থাপনায় যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় করে স্থাপন করতে হবে। প্রকল্পের কার্যক্রম জানুয়ারি ২০১২ থেকে শুরু হয়ে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত আট বছরে প্রকল্পের ভৌত কাজের আর্থিক অগ্রগতি মাত্র ৩৪%। প্রকল্পের মেয়াদ ইতোমধ্যে ২০০% বৃদ্ধি পেয়েছে এবং এ মেয়াদে নির্মাণ কাজ সম্পন্ন করা সম্ভব হয় নাই।

১ম সংশোধন অনুসারে ডিসেম্বর ২০১৯ সালে প্রকল্পের মেয়াদ শেষ হয়েছে। বর্তমানে ডিসেম্বর ২০১৯ প্রকল্প মেয়াদ শেষ হয়ে গেলেও ২য় সংশোধনী এখনো প্রক্রিয়াধীন থাকায় মেয়াদ বৃদ্ধি সম্ভব হয় নাই। এখানে উল্লেখ্য যে, ২০১৭-২০১৮ সালে প্রকল্প মেয়াদ না থাকায় কার্যক্রম স্থবির ছিল। ডিপিপিতে নির্ধারিত লক্ষ্যমাত্রার আলোকে প্রধান প্রধান ভবনের কোনটিরই শতভাগ বাস্তব অগ্রগতি সম্পন্ন হয়নি। প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত সকল ভবনের জন্য দরপত্র আহ্বান সম্ভব হয়নি। একটি ভবন নির্মাণ কার্যক্রমকে একাধিক প্যাকেজে বিভক্ত করার কারণে প্রতিটি প্যাকেজের জন্য আলাদা দরপত্র আহ্বান ও আলাদা কমিটি গঠন করা হয়েছে। ফলে দরপত্র মূল্যায়নে অতিরিক্ত অর্থ ও সময় ব্যয় হয়েছে। প্রকল্পটির শুরু থেকে অব্যবস্থাপনা লক্ষ্য করা যায়। সংশোধিত ডিপিপিতে নির্মাণ প্যাকেজকে ৭১টি প্যাকেজে বিভক্ত করা হয়েছে এবং একটি ভবন নির্মাণকে সর্বোচ্চ চারটি প্যাকেজে ভাগ করা হয়েছে। ফলে সময় ও অর্থের অপচয় হয়েছে। প্রকল্পটির ক্রয় কার্যে একটি ভবনকে একাধিক প্যাকেজে বিভক্ত করে LTM- ব্যবহার করে একাধিক ঠিকাদারের মাধ্যমে কাজ পরিচালনা করা হয়েছে। একটি প্যাকেজকে অনেকগুলো ছোট ছোট প্যাকেজে বিভক্তিকরণ করায় ঠিকাদার স্বল্প টেন্ডার সিকিউরিটি এবং সীমিত পারফরমেন্স গ্যারান্টি প্রদানের মাধ্যমে কাজগুলো করার সুযোগ পেয়েছে। সীমিত আকারের কাজে অনেকক্ষেত্রে স্বনামধন্য ঠিকাদাররা কাজে আগ্রহ প্রকাশ করে নাই। এছাড়া একটি ভবন নির্মাণের জন্য একাধিক প্যাকেজের মাধ্যমে কার্যাদেশ প্রদান করার ফলে একাধিক ঠিকাদার একটি ভবনের

কাজ পরিচালনার জন্য সম্পূর্ণ করা হয়েছে। ফলে প্রকল্প ব্যবস্থাপনায় সমস্যা তৈরি হয়েছে। গত ২১/০৬/২০১৮ তারিখে একনেক সভায় প্রকল্পের ১ম সংশোধন অনুমোদনের প্রাক্কালে এই মর্মে সিদ্ধান্ত প্রদান করা হয় যে, “যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই আর্থিক ও পরিকল্পনা শৃংখলা লঙ্ঘন করে অনুমোদিত ডিপিপি’র সংস্থানকৃত নির্মাণ কাজের Scope of work পরিবর্তনসহ যে সকল অনিয়ম করা হয়েছে সে বিষয়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে”। তবে এ সংক্রান্ত কোন ব্যবস্থা এখন পর্যন্ত নেয়া হয় নাই।

প্রকল্পটি বাস্তবায়নে কোন Feasibility Study করা হয়নি। Feasibility Study না করার কারণে প্রকল্পের ভবনসমূহের প্রাক্কলনের পূর্বে সুনির্দিষ্ট Formation Ground Level (FGL) নির্ধারণ করা সম্ভব হয়নি। ডিপিপি প্রণয়নের পরে কুষ্টিয়া- রাজবাড়ী সড়কের উপরিভাগকে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় প্রতিটি ভবনের প্লাইস্ট পর্যন্ত প্রায় ১৮ ফুট বালি ভরাট করার প্রয়োজন হয়। ফলে বালি ভরাটের পরিমাণ এবং প্রতিটি ভবনের পাইলের সংখ্যা অনেক বৃদ্ধি পায়। প্রকল্পটিতে অধিকাংশ ভবন নির্মাণ কাজকে একাধিক প্যাকেজে বিভক্তির কারণে ভবনের প্রায় অর্ধেক তলার কাজ প্রথম ধাপে দরপত্র আহ্বান করা হয়। দ্বিতীয় ধাপে বাকি অর্ধেকের জন্য ভার্টিক্যাল এক্সটেনশন করা হচ্ছে। নির্মাণাধীন ভবনের কাঠামোগত কাজ সম্পূর্ণ শেষ হবার পূর্বেই ফিনিশিং এর কাজ সম্পন্ন করায় প্লাস্টার, চৌকাঠ, জানালার থাই, গ্রীল, টাইলস ইত্যাদি নষ্ট হচ্ছে।

দরপত্র আহ্বানের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে ডিপিপিতে অনুমোদিত ২০০৮ সালের রেট শিডিউলের পরিবর্তে ২০১১ সালের রেট শিডিউল অনুযায়ী দরপত্র আহ্বান করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তর ১ মে ২০১৮ তারিখে নির্মাণ সংক্রান্ত নতুন রেট শিডিউল কার্যকর করে। কিন্তু রেট শিডিউল কার্যকর করার পরেও ২১ জুন ২০১৮ তারিখে পূর্ববর্তী ২০১৪ সালের রেটে প্রকল্প সংশোধন করে একনেক কর্তৃক অনুমোদন নেয়া হয়। যা পরবর্তীতে প্রকল্পের রেট শিডিউল সংক্রান্ত সমস্যার সৃষ্টি করে। নতুন রেট শিডিউল কার্যকর হওয়ার পরে চার বছরের পুরাতন রেট শিডিউলে প্রকল্পের সংশোধন কাম্য ছিলনা। মাঠ পর্যায়ে ভৌত অবকাঠামো নির্মাণ কাজ বাস্তবায়নে অধিকাংশ ঠিকাদার কোন ওয়াক প্রোগ্রাম প্রদান করে নাই। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে CPM প্রস্তুত করা হয়নি। প্রকল্পের ভৌত অবকাঠামো বাস্তবায়নকারী কর্তৃপক্ষ গণপূর্ত অধিদপ্তরের সাথে স্থাপত্য অধিদপ্তরের সমন্বয়হীনতার কারণে নির্মাণ কাজের অগ্রগতি ব্যাহত হয়ে থাকে। আর্কিটেকচারাল নকশা ও স্ট্রাকচারাল নকশা যথাযথ সময়ে মাঠ পর্যায়ে সরবরাহ না করার ফলে নির্মাণ কাজে বিলম্ব হয়।

প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম শুরুর আগেই ২০১২ শিক্ষাবর্ষ হতে প্রতি ব্যাচে ৫০ জন করে শিক্ষার্থী এমবিবিএস কোর্সে ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে। বর্তমানে একাডেমিক কার্যক্রম চলমান আছে। সম্পূর্ণ নির্মাণ কার্যক্রম বাস্তবায়ন হওয়ার পূর্বে মেডিকেল শিক্ষা ব্যবস্থা চালু করায় এবং প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক ও ক্লিনিক্যাল প্রশিক্ষণের যথাযথ সুযোগ না থাকায় মেডিকেল শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ চিকিৎসা শিক্ষা প্রাপ্তিতে আশংকা রয়েছে।

ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের অনুমোদনের পূর্বে প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি করা প্রয়োজন। প্রকল্পের প্রতিটি ভবন নির্মাণ কার্যকে একাধিক প্যাকেজে বিভক্ত না করে একটি ভবন নির্মাণের কাজ একটি প্যাকেজের আওতায় সম্পন্ন করা যেতে পারে। একনেক সভার সিদ্ধান্ত মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে ডিপিপিতে নির্ধারিত প্যাকেজকে একাধিক প্যাকেজে বিভক্ত করার ব্যাপারে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর ২০১৯-এ শেষ হয়ে যাওয়ায় অতি দ্রুত ২য় সংশোধন প্রক্রিয়াকরণ সম্পন্ন করে প্রকল্পটির মেয়াদ বাড়ানোর উদ্যোগ নেয়া যেতে পারে।

Acronym and Glossary

DGHS	:	Directorate General of Health Services
DPP	:	Development Project Proposal/ Proforma
DPM	:	Direct Procurement Method
FGD	:	Focus Group Discussion
FGL	:	Formation Ground level
GoB	:	Government of Bangladesh
HSD	:	Health Services Division
KII	:	Key Informant Interview
LTM	:	Limited Tendering Method
MoHFW	:	Ministry of Health and Family Welfare
OTM	:	Open Tendering Method
PAR	:	Project Appraisal Report
PIU	:	Project Implementation Unit
PPR	:	Public Procurement Rules
PWD	:	Public Works Department
RDPP	:	Revised Development Project Proposal
SWOT	:	Strengths, Weaknesses, Opportunities and Threats
TOR	:	Terms of Reference

প্রথম অধ্যায়

প্রকল্পের বিস্তারিত বর্ণনা

১.১। প্রকল্পের পটভূমি

বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীকে স্বল্প ব্যয়ে মান সম্পন্ন চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে পর্যাপ্ত সংখ্যক চিকিৎসক তৈরির জন্য মেডিকেল কলেজ স্থাপন করা প্রয়োজন। কুষ্টিয়া বাংলাদেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলে অবস্থিত, যার আয়তন ১৬২১.১৫ বর্গ কিলোমিটার এবং জনসংখ্যা প্রায় ১৭.৪০ লক্ষ। এ অঞ্চলের জনগণের মধ্যে শিক্ষার হার বেশি হলেও উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের অভাবে এ অঞ্চলের জনগণ উচ্চ শিক্ষা লাভের ক্ষেত্রে পিছিয়ে আছে। এ অঞ্চলের শিক্ষার্থীরা একটি মেডিকেল কলেজের অভাবে চিকিৎসা শিক্ষা লাভের ক্ষেত্রে অন্যান্য অঞ্চলের শিক্ষার্থীদের থেকে পিছিয়ে রয়েছে। এ বাস্তবতার আলোকে এ অঞ্চলের শিক্ষার্থীদের উচ্চতর চিকিৎসা শিক্ষা লাভের সুযোগ বৃদ্ধির আলোকে “কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন” প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়।

প্রকল্পের পরিচিতি

- (ক) প্রকল্পের নামঃ কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প, কুষ্টিয়া (১ম সংশোধিত)
- (খ) উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/ স্বাস্থ্য সেবা বিভাগ
- (গ) বাস্তবায়নকারী সংস্থাঃ স্বাস্থ্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর (নির্মাণ কাজ)
- (ঘ) প্রকল্পের বাস্তবায়ন অবস্থাঃ চলমান
- (ঙ) প্রকল্পের অবস্থানঃ কুষ্টিয়া জেলা।

১.২। প্রকল্পের উদ্দেশ্য

প্রকল্পের মূল উদ্দেশ্য হলোঃ

- (ক) চিকিৎসার শিক্ষার জন্য অবকাঠামো নির্মাণ করা;
- (খ) চিকিৎসক তৈরীর মাধ্যমে চিকিৎসক এবং জনসাধারণের আনুপাতিক হার যৌক্তিক করা;
- (গ) চিকিৎসা শিক্ষাকে বিকেন্দ্রিকরণ করা;
- (ঘ) প্রান্তিক জেলার তৃণমূল জনসাধারণ পর্যায়ে চিকিৎসা সুবিধা নিশ্চিত করা;
- (ঙ) চিকিৎসা শিক্ষার চাহিদা পূরণ করা;
- (চ) হাসপাতালকে ক্লিনিক্যাল এবং ব্যবহারিক পরীক্ষাগার হিসাবে মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য উপযোগী করা;
- (ছ) কুষ্টিয়া ও তার পার্শ্ববর্তী জেলার জনগণের জন্য আধুনিক চিকিৎসা সেবা প্রদান করা;
- (জ) উপযুক্ত এবং আধুনিক চিকিৎসা সুবিধার উপযোগী পরিকাঠামো তৈরী করা;
- (ঝ) বিশেষ পরিষেবার প্রদানের মাধ্যমে বিনা মূল্যে কার্যকর স্বাস্থ্য সেবা নিশ্চিত করা;
- (ঞ) শিশু এবং মাতৃ মৃত্যুর হার হ্রাস নিশ্চিত করা;
- (ট) চিকিৎসা সেবার মাধ্যমে মানুষের আয়ুষ্কাল বৃদ্ধি করা; এবং
- (ঠ) ডাক্তার এবং অন্যান্য পেশার জনগণের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

১.৩। প্রকল্প বাস্তবায়নকাল (অনুমোদন, সংশোধন, মেয়াদ বৃদ্ধি)


ডিপিপি ধরন	প্রকল্প শুরুর তারিখ	প্রকল্প সমাপ্তির তারিখ
মূল ডিপিপি	(ক) জানুয়ারী ২০১২	ডিসেম্বর ২০১৪ খ্রিঃ
	১ম ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি- জানুয়ারী ২০১২	ডিসেম্বর ২০১৫ খ্রিঃ
	২য় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি- জানুয়ারী ২০১২	ডিসেম্বর ২০১৬ খ্রিঃ
১ম সংশোধিত ডিপিপি	(খ) জানুয়ারী ২০১২	ডিসেম্বর ২০১৯ খ্রিঃ

(সূত্রঃ আরডিপিপি)

১.৪। প্রকল্প অর্থায়নের অবস্থা (অনুমোদন, সংশোধন, হ্রাস/ বৃদ্ধি)
প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নাধীন রয়েছে।

(লক্ষ টাকায়)

বর্ণনা	ব্যয় (মূল ডিপিপি)	ব্যয় (১ম সংশোধিত)	পার্থক্য	
			ব্যয় বৃদ্ধি	শতকরা হার
মোট	২৭৫৪৩.৫১	৬১১০৮.৪৬	৩৩৫৬৪.৯৫	১২২%



১.৫। প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ

প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য প্রস্তাবিত মূল কার্যক্রমসমূহ হলোঃ


- ক) ১০ তলা ভিত বিশিষ্ট ৭ তলা হাসপাতাল ভবন নির্মাণ (৫৯৯২১.৯৬ বর্গমিটার);
- খ) ৬ তলা ভিত বিশিষ্ট ৬ তলা একাডেমিক ভবন নির্মাণ (১৪৮৬৪.৩৬ বর্গমিটার);
- গ) ৬ তলা ভিত বিশিষ্ট ৪ তলা ছাত্র ও ছাত্রীদের পৃথক হোস্টেল ভবন নির্মাণ (প্রতিটি ৩৬৯৬.৫৮ বর্গমিটার);
- ঘ) ৬ তলা ভিত বিশিষ্ট ৬ তলা সিঙ্গেল পুরুষ ও মহিলা ডক্টরস পৃথক ডরমেটরী ভবন নির্মাণ (প্রতিটি ১৪৩৯.৯৯ বর্গমিটার);
- ঙ) ৬ তলা ভিত বিশিষ্ট ৪ তলা স্টাফ নার্সেস ডরমেটরী ভবন নির্মাণ (১৪১২.১১ বর্গমিটার);
- চ) ৬ তলা ভিত বিশিষ্ট ৪ তলা হাসপাতালের জরুরী স্টাফ নার্সেস ডরমেটরী ভবন নির্মাণ (৫৪৩.৪৮ বর্গমিটার);
- ছ) ৬ তলা ভিত বিশিষ্ট ৩ তলা ইন্টার্নী পুরুষ ও মহিলা ডক্টরস পৃথক ডরমেটরী ভবন নির্মাণ (প্রতিটি ১১৭৪.৯৩ বর্গমিটার);
- জ) ৬ তলা ভিত বিশিষ্ট ২ তলা (১৮০০ এবং ১৫০০ বর্গফুটের) আবাসিক ভবন নির্মাণ (১৫২৩.৬০ বর্গমিটার);
- ঝ) ৬ তলা ভিত বিশিষ্ট ৩ তলা (১৮০০ এবং ১৫০০ বর্গফুটের) মেডিকেল কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, উপ-পরিচালকের জন্য আবাসিক ভবন নির্মাণ (২২৮৫.৪০ বর্গমিটার);
- ঞ) ৬ তলা ভিত বিশিষ্ট ২ তলা (১০০০ এবং ১০০০ বর্গফুটের) আবাসিক ভবন নির্মাণ (৯২৯.০২ বর্গমিটার);
- ট) ৬ তলা ভিত বিশিষ্ট ৩ তলা (৮০০ এবং ৬০০ বর্গফুটের) আবাসিক ভবন নির্মাণ (৯২৯.০২ বর্গমিটার);
- ঠ) ৪ তলা ভিত বিশিষ্ট ২ তলা মর্গের ভবন নির্মাণ (৬০৫.৭২ বর্গমিটার);

- ড) ৬ তলা ভিত বিশিষ্ট ৪ তলা মাল্টি-পারপাস ভবন নির্মাণ (বাণিজ্যিক স্থান, ব্যাংক, ডাক অফিস, ব্যামাগার ও ইনডোর খেলার জায়গা) (১৮৫৮.০৫ বর্গমিটার);
- ঢ) ৪ তলা ভিত বিশিষ্ট ২ তলা মসজিদ ভবন নির্মাণ (২৫৫.৬৭ বর্গমিটার);
- ণ) ৪ তলা ভিত বিশিষ্ট ২ তলা ২টি সাব-স্টেশন ভবন নির্মাণ (১২১১.৪৫ বর্গমিটার);
- ত) অন্যান্য আবাসিক ভবন নির্মাণ;
- থ) ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন;
- দ) মেডিকেল ও অন্যান্য যন্ত্রপাতি সংগ্রহ;
- ধ) আসবাবপত্র সংগ্রহ; এবং
- ন) টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি সংগ্রহ।

(সূত্রঃ আরডিপিপি)

১.৬। প্রকল্প এলাকা

প্রকল্প এলাকা খুলনা বিভাগের অধীনে কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর উপজেলায় অবস্থিত।



১.৭। প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা

১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী খাতভিত্তিক বিভাজন অনুসারে বাস্তবায়ন লক্ষ্যমাত্রা নিম্নবর্ণিত সারণীতে দেওয়া হলোঃ

(লক্ষ টাকায়)

ইকনমিক কোড	অঙ্গের নাম	সংখ্যা/ পরিমাণ	আর্থিক সংস্থান
(ক)রাজস্ব ব্যয়			
৪৫০১	কর্মকর্তার বেতন	১ জন	১১.৬৩
৪৬০১	কর্মচারীদের বেতন	৪ জন	১৩.১৫
৪৭০০	ভাতাদি	৫ জন	৬.৮৫
৪৮০১	ভ্রমণ ব্যয় (টিএ/ডিএ)	থোক	৮.০০
৪৮১৫	ডাক	থোক	১.০০
৪৮১৬	টেলিফোন	থোক	২.০০
৪৮১৮	রেজিস্ট্রেশন ফি	থোক	৬.০০
৪৮১৯	পানি	থোক	১.০০
৪৮২১	বিদ্যুৎ	থোক	৫.০০
৪৮২২	গ্যাস ও জ্বালানি	থোক	৬.০০

৪৮২৩	পেট্রোল ও লুব্রিকেন্ট	থোক	১০.০০
৪৮২৪	বীমা/ ব্যাংক চার্জ	থোক	১.০০
৪৮২৭	প্রিন্টিং ও বাইন্ডিং	থোক	৩.০০
৪৮২৮	স্টেশনারি/সিল/স্ট্যাম্প	থোক	৬.০০
৪৮৩১	বই ও সাময়িকী	থোক	৮০.০০
৪৮৩৩	আউটসোর্সিং	থোক	২২.০০
৪৮৩৪	খেলার সামগ্রী	থোক	২০.০০
৪৮৪৫	আপায়ন	থোক	৫.০০
৪৮৫১	অনিয়মিত শ্রমিক	থোক	৩২.১৯
৪৮৫২	কেমিক্যালস	থোক	৪০.০০
৪৮৬৮	এমএসআর	থোক	৪৫৮.৪৫
৪৮৮৩	সম্মানি	থোক	৬.০০
৪৮৮৮	কম্পিউটার সামগ্রী	থোক	৫.০০
৪৮৯৯	সাধারণ থোক বরাদ্দ	থোক	৭.৭৫
৪৯০১	মোটর যানবাহন	থোক	৬.০০
৪৯০৬	আসবাবপত্র	থোক	২.০০
৪৯১১	কম্পিউটার	থোক	২.০০
৪৯৯১	অফিস সরঞ্জামাদি	থোক	৪.০০
	উপ-মোট (রাজস্ব ব্যয়)	-	৭৭১.০২
(খ) মূলধন ব্যয়:			
৬৮০৭	মোটর যানবাহন	৬টি	২৪৬.১৯
৬৮১৩	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম	-	৮৭৪৭.৮৫
৬৮২১	আসবাবপত্র	-	২৬২৭.৩৯
৬৮২৩	টেলিকমিউনিকেশন এবং যন্ত্রপাতি	-	২৬.০০
৬৯০১	ভূমি অধিগ্রহণ/ ক্রয়	৩০ একর	৪৮৬৯.১২
৭০০৬	ভবনসমূহ নির্মাণ	-	৪২৬২২.৬৯
	উপ মোট (মূলধন ব্যয়)	-	৫৯১৩৯.২৪
(গ)	ফিজিক্যাল কন্টিনজেন্সি	১%	৫৯৯.১০
(ঘ)	প্রাইস কন্টিনজেন্সি	১%	৫৯৯.১০
	সর্বমোট (ক+খ+গ+ঘ)	-	৬১১০৮.৪৬

(সূত্রঃ ১ম সংশোধিত ডিপিপি)

১.৮। প্রকল্পের ক্রয় পরিকল্পনা

কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী পণ্য (Goods) প্যাকেজের ক্রয় পরিকল্পনার ছক নিম্নে প্রদান করা হলোঃ

প্যাকেজ নং	প্যাকেজের বিবরণ (পণ্য ক্রয়)	পরিমাণ	ক্রয় পদ্ধতি	ক্রয় চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	অনুমানিক খরচ (লক্ষ টাকায়)	দরপত্রের আহ্বান	চুক্তি স্বাক্ষর	চুক্তি সম্পন্ন
জিডিটি-১	মটর গাড়ী, প্রকল্প পরিচালক (মাইক্রোবাস-১)	১টি	ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	২৮.৫০	মার্চ-১৩	মার্চ-১৩	মার্চ-১৩
জিডিটি-২	মটর গাড়ী, কলেজ (বাস-১ এবং মাইক্রোবাস-১)	২টি	ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৮৩.৬৯	মার্চ-১৯	এপ্রিল-১৯	জুন-১৯
জিডিটি-৩	মটর গাড়ী, হাসপাতাল-(এম্বুলেন্স-২ এবং পিক-আপ-১)	৩টি	ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	১৩৪.০০	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯
জিডিই -৪	যন্ত্রপাতি								
জিডিই- ৪.১	যন্ত্রপাতি (প্রকল্প অফিস)	তালিকা অনুযায়ী	ওটিএম (এনসিটি)/ ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	১.৩৭	মার্চ-১৩	মার্চ-১৩	জুন-১৩
জিডিই -৪.২	যন্ত্রপাতি (প্রকল্প অফিস)	তালিকা অনুযায়ী	ওটিএম (এনসিটি)/ ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৪.৩৩	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯
জিডিই -৫	যন্ত্রপাতি (কলেজ)								
জিডিই-৫.১	এনাটমী বিভাগ, ফিজিওলজী বিভাগ, বায়োকেমিস্ট্রি বিভাগ।	তালিকা অনুযায়ী	ওটিএম (এনসিটি)/ ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৩২১.৩০	মার্চ-১৯	এপ্রিল-১৯	জুন-১৯
জিডিই-৫.২	প্যাথলজী বিভাগ, মাইক্রোবায়োলজী বিভাগ, ভাইরোলজী বিভাগ, ইমিউনোলজী বিভাগ।	তালিকা অনুযায়ী	ওটিএম (এনসিটি)/ ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৯৯৬.৩৯	মার্চ-১৯	এপ্রিল-১৯	জুন-১৯
জিডিই-৫.৩	ফার্মাকোলজী,কমিউনিটি মেডিসিন বিভাগ, ফরেনসিক মেডিসিন, বায়ো- মেডিকেল ইনঞ্জিনিয়ারিং।	তালিকা অনুযায়ী	ওটিএম (এনসিটি)/ ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	২৮৯.৫৪	মার্চ-১৯	এপ্রিল-১৯	জুন-১৯
জিডিই-৫.৪	প্রশাসনিক শাখা (প্রিন্সিপাল, ভাইস-প্রিন্সিপাল, অফিস, লাইব্রেরী, হোস্টেল, গ্যালারী এবং এমআইএস)।	তালিকা অনুযায়ী	ওটিএম (এনসিটি)/ ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৯২.১৮	মার্চ-১৯	এপ্রিল-১৯	জুন-১৯

প্যাকেজ নং	প্যাকেজের বিবরণ (পণ্য ক্রয়)	পরিমাণ	ক্রয় পদ্ধতি	ক্রয় চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	অনুমানিক খরচ (লক্ষ টাকায়)	দরপত্রের আহ্বান	চুক্তি স্বাক্ষর	চুক্তি সম্পন্ন
জিডিই-৫.৫	জিমনেসিয়াম, ইনডোর গেম।	তালিকা অনুযায়ী	ওটিএম (এনসিটি)/ ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	২০.০০	মার্চ-১৯	এপ্রিল-১৯	জুন-১৯
জিডিই ৬	যন্ত্রপাতি (হাসপাতাল)								
জিডিই-৬.১	সার্জারী বিভাগ, নিরোসার্জারী বিভাগ, ইউরোলজী বিভাগ, অর্থোপেডিক্স বিভাগ, গাইনী এন্ড অবস্ বিভাগ।	তালিকা অনুযায়ী	ওটিএম (এনসিটি)/ ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৭৬৫.৪২	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯
জিডিই-৬.২	অপারেশন থিয়েটার, এ্যানেসথিশিয়া বিভাগ, স্ট্রেইলিং ইজার রুম।	তালিকা অনুযায়ী	ওটিএম (এনসিটি)/ ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৯৩৩.৯৪	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯
জিডিই-৬.৩	অপথেলমোলজী বিভাগ, দন্ত বিভাগ, ইএনটি বিভাগ, ফিজিওথেরাপি।	তালিকা অনুযায়ী	ওটিএম (এনসিটি)/ডিপিএ ম	প্রকল্প পরিচালক	জিওবি	৫২৮.২৮	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯
জিডিই-৬.৪	মেডিসিন বিভাগ, নেফ্রলজী বিভাগ, শিশু বিভাগ, কার্ডিওলজী, ডার্মাটোলজী বিভাগ, সাইক্রিয়াটি, অফিস সরঞ্জাম (হাসপাতাল), ওয়েস্ট মেনেজমেন্ট (হাসপাতাল), মর্গ এন্ড মরচুয়ারী (হাসপাতাল), চেষ্ট বিভাগ।	তালিকা অনুযায়ী	ওটিএম (এনসিটি)/ ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	১০০০.৩৩	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯
জিডিই-৬.৫	রেডিওলজী এন্ড ইমেজিং বিভাগ, ব্লাড ব্যাংক বিভাগ, ল্যাব ইকুপমেন্ট।	তালিকা অনুযায়ী	ওটিএম (এনসিটি)/ ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৩৬১৪.৭৮	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯
জিডিএফ-৭	আসবাবপত্র								
জিডিএফ- ৭.১	আসবাবপত্র (প্রকল্প অফিস)	তালিকা অনুযায়ী	ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	১.৯৩	মার্চ-১৩	এপ্রিল-১৩	জুন-১৩
জিডিএফ-৮	আসবাবপত্র (কলেজ)								
জিডিএফ- ৮.১	প্রিন্সিপাল এবং ভাইস-প্রিন্সিপাল, অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও কিউরেটর, প্রভাষক।	তালিকা অনুযায়ী	ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	২৫২.৫৬	মার্চ-১৯	এপ্রিল-১৯	জুন-১৯
জিডিএফ- ৮.২	মেডিকেল কলেজ অফিস রুম, মেডিকেল কলেজ লাইব্রেরী, কলেজ কনফারেন্স রুম, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম, বিভাগীয় অফিস রুম, একাডেমিক ভবন, গ্যালারি, গেস্ট রুম ইত্যাদি।	তালিকা অনুযায়ী	ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৭৭২.৮৮	মার্চ-১৯	এপ্রিল-১৯	জুন-১৯

প্যাকেজ নং	প্যাকেজের বিবরণ (পণ্য ক্রয়)	পরিমাণ	ক্রয় পদ্ধতি	ক্রয় চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	অনুমানিক খরচ (লক্ষ টাকায়)	দরপত্রের আহ্বান	চুক্তি স্বাক্ষর	চুক্তি সম্পন্ন
জিডিএফ- ৮.৩	বিভাগীয় ক্লাশ রুম ও ল্যাবরেটরী: এনাটমী, ফিজিওলজী, বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজী, প্যাথলজী, ভাইরোলজী, ইমনোলজী, ফরেনসিক মেডিসিন, কমিউনিটি মেডিসিন, ফার্মাকোলজী, পাবলিক হেল্থ মেনেজমেন্ট, বায়ো-স্ট্যাটিস্টিকস এন্ড ইপিডিমোলজী। রুম: কমোন ক্লাস রুম, স্টুডেন্ট কমোন রুম (মেডিকেল কলেজ) (ছাত্র+ ছাত্রী), মেডিকেল কলেজ স্টোর রুম, মেডিকেল কলেজ গেষ্ট হাউজ।	তালিকা অনুযায়ী	ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	১১৯.০৩	মার্চ-১৯	এপ্রিল-১৯	জুন-১৯
জিডিএফ- ৮.৪	স্টুডেন্ট হোস্টেল (মেল এবং ফিমেল) সিট ১২৫+১২৫=২৫০, কমোন রুম (সিট- ১২৫+১২৫=২৫০), গেষ্ট রুম, কিচেন, ডাইনিং হল, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং সেকশন।	তালিকা অনুযায়ী	ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	১৪০.৬৬	মার্চ-১৯	এপ্রিল-১৯	জুন-১৯
জিডিএফ-৯	আসবাবপত্র (হাসপাতাল)								
জিডিএফ- ৯.১	ডাইরেক্টর, ডেপুটি ডাইরেক্টর ও এ্যাসিস্টেন্ট ডাইরেক্টর রুম, অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও সহকারী অধ্যাপক, রেজিস্ট্রার, সহকারী রেজিস্ট্রার, মেডিকেল অফিসার, মেডিকেল অফিসার - আউট ডোর (এমও), রেসিডেন্ট ফিজিসিয়ান (আরপি), রেসিডেন্ট সার্জন (আরএস)।	তালিকা অনুযায়ী	ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৩৪২.৩৫	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯
জিডিএফ- ৯.২	কেবিন, এক্স-রে রুম, রেডিওলজি রুম, প্যাথলজী রুম - প্যাথলজী রুম, ব্লাড ব্যাংক, ডিসপেন্সারী রুম, নার্স ডিউটি রুম, স্টাফ নার্স ডেসিং রুম, অপারেশন থিয়েটার (৩টি) নার্স রুম, এ্যানেসথিসিয়া রুম, ইন্টেলাইজার রুম, ডিফারেন্ট ওয়ার্ড, ইনকোয়ারী এন্ড রিসিপশন। ইমারজেন্সী স্টোর, ইনসপেকশন রুম।	তালিকা অনুযায়ী	ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	১০৬.০৯	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯
জিডিএফ- ৯.৩	জেনারেল স্টোর এন্ড অফিস রুম, হাসপাতাল কিচেন ইনক্লুডিং অফিস, হাসপাতাল অফিস, হাসপাতাল কনফারেন্স রুম, হাসপাতাল লাইব্রেরী, আইটেম ফর ডিফারেন্ট ডিপার্টমেন্ট, কম্পিউটার রুম, মিসিলিনিয়াস ফার্নিচার (হাসপাতাল)।	তালিকা অনুযায়ী	ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৪৪০.৩০	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯

প্যাকেজ নং	প্যাকেজের বিবরণ (পণ্য ক্রয়)	পরিমাণ	ক্রয় পদ্ধতি	ক্রয় চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	অনুমানিক খরচ (লক্ষ টাকায়)	দরপত্রের আহ্বান	চুক্তি স্বাক্ষর	চুক্তি সম্পন্ন
জিডিএফ- ৯.৪	নার্স ডরমেটরী ইন্টার্নী ডক্টর'স হোস্টেল (মেল এন্ড ফিমেল), মর্গ এন্ড মরচয়ারী, মসজিদ।	তালিকা অনুযায়ী	ডিপিএম	প্রকল্প পরিচালক	জিওবি	৭০.০৭	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯
জিডিএমএস আর-১০	এমএসআর (হাসপাতাল)								
জিডিএমএস আর-১০.১	এমএসআর (হাসপাতাল)	তালিকা অনুযায়ী	ওটিএম (এনসিটি)	প্রকল্প পরিচালক	জিওবি	৪৫৮.৮৮	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯
জিডিসি-১১	কেমিক্যাল								
জিডিসি- ১১.১	কেমিক্যাল (কলেজ)	--	ওটিএম (এনসিটি)	প্রকল্প পরিচালক	জিওবি	১৫.০০	মার্চ-১৯	এপ্রিল-১৯	জুন-১৯
জিডিসি- ১১.২	কেমিক্যাল (হাসপাতাল)	--	ওটিএম (এনসিটি)	প্রকল্প পরিচালক	জিওবি	২৫.০০	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯
জিডিবিএ- ১২	বই ও সাময়িকী								
জিডিবিএ- ১২.১	বই ও সাময়িকী (কলেজ)	--	ওটিএম (এনসিটি)	প্রকল্প পরিচালক	জিওবি	৫০.০০	মার্চ-১৯	এপ্রিল-১৯	জুন-১৯
জিডিবিএ- ১২.২	বই ও সাময়িকী (হাসপাতাল)	--	ওটিএম (এনসিটি)	প্রকল্প পরিচালক	জিওবি	৩০.০০	জুলাই-১৯	আগস্ট-১৯	অক্টোবর-১৯

(সূত্রঃ ১ম সংশোধিত ডিপিপি)

কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী সেবা খাতের (Service) ক্রয় পরিকল্পনার ছক নিম্নে প্রদান করা হলোঃ

প্যাকেজ নং	প্যাকেজের বর্ণনা (সেবা)	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রকল্পিত (লক্ষ টাকা)	প্রাক যোগ্যতা আহ্বান	দরপত্র আহ্বান	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী
এসডি-০১	ড্রাইভার-১ অফিস সহায়ক-১	জন	২	ওটিএম (এনসিটি)	প্রকল্প পরিচালক	জিওবি	২৪.০০	মার্চ-১৩	মে-১৩	মে-১৩	ডিসেম্বর-২০১৯
সেবার মোট মূল্য							২৪.০০				

(সূত্রঃ ১ম সংশোধিত ডিপিপি)

কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী পূর্ত কাজের (Works) ক্রয় পরিকল্পনার ছক নিম্নে প্রদান করা হলোঃ

Package No	Description of Procurement Package	Unit	Quantity	Procurement Method & (Type)	Contract Approving Authority	Source of Fund	Estd Cost (Lakh taka)	Invitation of Tender	Signing of Contract	Completion of Contract
WD1	Construction of 3 storied Hospital Building with 10 storied foundation in/c variation work.	Sqm	32932.55	OTM (NCT)	CCGP	GOB	10608.04	29/6/2014	15/6/2015	14/6/2018
WD2	Remaining work of pile	Nos	487	OTM (NCT)	PWD	GOB	625.17	12/1/2016	24/1/2016	23/3/2016
WD3	Remaining work of sand filling	Cum	61646.17	OTM (NCT)	PWD	GOB	371.11	16/9/2015	5/10/2015	5/2/2016
WD4	Vertical Extension of Hospital Building from 3 rd floor to 6 th floor in/c ancillary work	Sqm	28679.30	OTM (NCT)	MOHFW	GOB	7369.35	1/5/2018	1/8/2018	20/11/2019
WD5	Construction of 4 storied Academic Building with 6 storied foundation in/c variation work	Sqm	9875.34	OTM (NCT)	MOHFW	GOB	3259.09	11/12/2012	23/07/2013	23/13/2015
WD6	Vertical Extention of Academic Building from 4 th floor to 5 th floor in/c ancillary work	Sqm	4837.40	OTM (NCT)	PWD	GOB	1184.25	5/5/2018	4/8/2018	3/8/2019
WD7	Construction of 4 storied Hostel Building (Male) with 6 storied foundation in/c variation work	Sqm	3815.59	OTM (NCT)	PWD	GOB	1101.19	1/1/2013	22/5/2013	22/11/2014
WD8	Compound Drain & Compound wall in male hostel building	Rm	204.00&262.11	LTM (NCT)	PWD	GOB	31.87	5/5/2018	5/6/2018	4/12/2018
WD9	Construction of 4 storied Hostel Building (Female) with 6 Storied foundation in/c variation work	Sqm	3815.589	OTM (NCT)	PWD	GOB	1101.72	1/1/2013	22/5/2013	22/11/2014
WD10	Compound Drain & Compound wall in Female Hostel Building	Rm	204.00&262.50	LTM (NCT)	PWD	GOB	31.91	5/5/2018	5/6/2018	4/12/2018
WD11	Construction of 3 storied Single Doctors Accommodation (Male) with 6 storied foundation in/c variation work	Sqm	667.13	OTM (NCT)	PWD	GOB	259.00	18/3/2013	12/9/2013	15/1/2015

Package No	Description of Procurement Package	Unit	Quantity	Procurement Method & (Type)	Contract Approving Authority	Source of Fund	Estd Cost (Lakh taka)	Invitation of Tender	Signing of Contract	Completion of Contract
WD12	Vertical Extention of Single Doctors Accommodation (Male) from 3 rd floor to 5 th floor in/c ancillary work	Sqm	616.03	OTM (NCT)	PWD	GOB	197.85	5/5/2018	4/8/2018	3/8/2019
WD13	Construction of 3 storied Single Doctors Accommodation (Female) with 6 storied foundation in/c variation work	Sqm	667.13	OTM/(NCT)	PWD	GOB	246.11	19/3/2013	8/9/2013	8/1/2015
WD14	Vertical Extention of Single Doctors Accommodation (Female) from 3 rd Floor to 5 th floor in/c ancillary work	Sqm	616.03	OTM (NCT)	PWD	GOB	216.15	5/5/2018	4/8/2018	3/8/2019
WD15	Construction of 4 storied Staff Nurses Dormitory Building with 6 storied foundation	Sqm	1412.11	OTM (NCT)	PWD	GOB	516.08	25/4/2016	10/8/2016	9/8/2017
WD16	Construction of 4 storied Emergency Staff Dormitory (Hospital) Building with 6 storied foundation	Sqm	529.54	OTM (NCT)	CCGP	GOB	173.03	5/5/2018	4/8/2018	3/8/2019
WD17	Construction of 2 storied Mosque with 4 storied foundation	Sqm	255.67	OTM (NCT)	PWD	GOB	135.59	16/6/2015	16/11/2015	16/5/2016
WD18	Construction of 1 storied Residential Accommodation Building (1800&1500 sft) (For Hospital) with 6 storied foundation	Sqm	717.95	OTM (NCT)	PWD	GOB	372.28	1/12/2015	3/4/2016	2/7/2017
WD19	Vertical Extention of Residential Accommodation Building 1 st floor (1800 & 1500 sft) (For Hospital) in/c ancillary work	Sqm	702.71	OTM (NCT)	PWD	GOB	244.53	3/5/2018	3/8/2018	2/2/2019
WD20	Construction of 3 storied Residential Accommodation building (1800 & 1500 sft) College	Sqm	1821.47	OTM (NCT)	PWD	GOB	568.36	5/12/2013	7/7/2014	7/10/2015

Package No	Description of Procurement Package	Unit	Quantity	Procurement Method & (Type)	Contract Approving Authority	Source of Fund	Estd Cost (Lakh taka)	Invitation of Tender	Signing of Contract	Completion of Contract
	& Hospital (Principal, Director, Vice- principal & Deputy Director) with 6 storied foundation in/c variation work									
WD21	Vertical extention of Residential Accommodation building (1800 & 1500 sft) College & Hospital (Principal, Director, Vice- principal & Deputy Director) from 2 nd floor (1500 sft) in/c ancillary work	Sqm	302.00	OTM (NCT)	PWD	GOB	123.37	3/5/2018	3/8/2018	2/2/2018
WD22	Construction of 3 storied Residential Accommodation building (1000 & 1000 sft) (hospital) with 6 storied foundation in/c variation work	Sqm	954.38	OTM (NCT)	PWD	GOB	292.98	18/9/2014	14/10/2014	29/6/2017
WD23	Compound Drain & Compound Wall in (1000 & 1000 sft) in/c ancillary work	Rm	150.00 & 172.53	LTM (NCT)	PWD	GOB	19.58	38/5/2018	3/8/2018	2/2/2019
WD24	Construction of 3 storied Residential Accommodation Building (800 & 600 sft) (Hospital) with 6 storied foundation	Sqm	890.47	OTM (NCT)	PWD	GOB	326.64	3/5/2018	3/8/2018	2/8/2019
WD25	Construction of Internee Doctors Dormitory Building for Male (3 Storied with 6 Storied foundation)	Sqm	1174.93	OTM (NCT)	PWD	GOB	447.77	3/5/2018	3/8/2018	2/8/2019
WD26	Construction of Internee Doctors Dormitory Building for Female (3 Storied with 6 Storied foundation)	Sqm	1174.93	OTM (NCT)	PWD	GOB	447.77	3/5/2018	3/8/2018	2/8/2019
WD27	Construction of Teaching Morgue & Mortuary Building (2 Storied with 4 Storied foundation)	Sqm	605.72	OTM (NCT)	PWD	GOB	246.18	3/5/2018	3/8/2018	2/8/2019
WD28	Construction of Electric Sub-	Sqm	1211.45	OTM (NCT)	PWD	GOB	492.36	3/5/2018	3/8/2018	3/8/2019

Package No	Description of Procurement Package	Unit	Quantity	Procurement Method & (Type)	Contract Approving Authority	Source of Fund	Estd Cost (Lakh taka)	Invitation of Tender	Signing of Contract	Completion of Contract
	Station Building (2 nos)(2 Storied with 4 storied foundation)									
WD29	Construction of Multipurpose Building (Commercial Space, Bank , Post Office, Gymnasium & Indoor Game Etc)(4 storied with 6 storied foundation)	Sqm	1858.05	OTM (NCT)	PWD	GOB	517.27	3/5/2018	3/8/2018	2/8/2019
WD30	Underground Water Tank	nos	2	LTM (NCT)	PWD	GOB	45.00	12/4/2015	21/5/15	3/7/2015
WD31	Deep Tubewel (200x400mm) in/c Distribution Line	nos	2	LTM (NCT)	PWD	GOB	150.00	5/9/2013	4/8/2013	5/2/2014
WD32	1600 KVA Sub Station Equipment Including Feeder Cable, Over Hear Line With PDB Charger (For Hospital)	nos	2	OTM(NCT)	PWD	GOB	624.00	10/6/2018	9/9/2018	8/3/2019
WD33	1250 KVA Sub Station Equipment Including Feeder Cable ,Over Hear Line With PDB Charges (For Academic & Residential Building)	nos	1	LTM (NCT)	PWD	GOB	258.00	20/04/2016	16/05/2016	15/05/2016
WD34	Ring Main Unit	nos	L.S.	OTM (NCT)	PWD	GOB	60.00	10/6/2018	9/9/2018	8/3/2019
WD35	Charge For 11KV Transmission Line Shifting (work done by PDB as deposit work)	Job	L.S.	DPM	PWD	GOB	60.00	20/07/2018	19/10/2018	18/7/2019
WD36	500 KVA Diesel Generator with ATS (For Hospital)	nos	1	OTM (NCT)	PWD	GOB	132.00	20/07/2018	19/10/2018	18/4/2019
WD37	300 KVA Diesel Generator with ATS (For Hospital OT)	nos	1	OTM/(NCT)	PWD	GOB	90.00	20/07/2018	19/10/2018	18/4/2019
WD38	Submersible Pumpmotor Set With Standby (30HP)	nos	6	OTM (NCT)	PWD	GOB	100.00	16/10/2015	19/11/2015	18/1/2016
WD39	Centrifugal Pumpmotor Set With Standby (10 H.P=4 nos.,	nos	30	OTM (NCT)	PWD	GOB	130.00	20/07/2018	19/10/2018	18/4/2019

Package No	Description of Procurement Package	Unit	Quantity	Procurement Method & (Type)	Contract Approving Authority	Source of Fund	Estd Cost (Lakh taka)	Invitation of Tender	Signing of Contract	Completion of Contract
	5H.P=26nos)									
WD40	Lift (2100Kg/ 1800Kg/ 1600Kg/ 1000Kg)for Hospital 21 nos & for Academic 2 nos	nos	23	OTM (NCT)	PWD	GOB	1980.00	10/12/2017	9/3/2018	8/9/2018
WD41	Air Cooler (Split/ Window) including (Split Package Ducted Type AC With Hepa Filter For OT Block, ICU, Post OT Block etc)	Ton	200	OTM (NCT)	PWD	GOB	324.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD42	Single AC (Split/Window) including Wiring For Hospital (150 Ton)& Academic(60 Ton) Building	Ton	210	OTM (NCT)	PWD	GOB	288.00	6/10/2015	1/11/2015	30/1/2016
WD43	Lightning Protection System (All Building)	Job	L.S.	LTM (NCT)	PWD	GOB	54.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD44	Security/ Compound/ garden Lighting	Job	L.S.	LTM (NCT)	PWD	GOB	48.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD45	Solar System	kWP	40	OTM (NCT)	PWD	GOB	120.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD46	Fire Detection & Protection System	Job	L.S.	OTM (NCT)	PWD	GOB	384.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD47	PABX / Intercom (For Hospital & Academic Building	Job	L.S.	LTM (NCT)	PWD	GOB	66.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD48	Stage light & sound system	Job	L.S.	LTM (NCT)	PWD	GOB	108.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD49	Conference system (For Hospital & Academic building.	Job	L.S.	LTM (NCT)	PWD	GOB	66.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD50	Medical Gas System & Distribution Line	Job	L.S.	OTM (NCT)	PWD	GOB	720.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD51	CCTV Security System	Job	L.S.	LTM (NCT)	PWD	GOB	60.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD52	Projector	Job	L.S.	LTM (NCT)	PWD	GOB	14.50	12/12/2018	15/3/2019	14/9/2019

Package No	Description of Procurement Package	Unit	Quantity	Procurement Method & (Type)	Contract Approving Authority	Source of Fund	Estd Cost (Lakh taka)	Invitation of Tender	Signing of Contract	Completion of Contract
WD53	Computer Network	Job	L.S.	LTM(NCT)	PWD	GOB	84.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD54	Measuring and testing instrument	Job	L.S.	LTM (NCT)	PWD	GOB	24.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD55	Surface Drain	Job	L.S.	LTM (NCT)	PWD	GOB	150.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD56	Water body / Pond	Job	L.S.	LTM (NCT)	PWD	GOB	100.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD57	Sewerage System	Job	L.S.	LTM (NCT)	PWD	GOB	100.00	12/12/2018	15/3/2019	14/9/2019
WD58	Site Improvement	cum	279257.68	OTM (NCT)	PWD	GOB	833.36	8/4/2014	3/6/2014	3/7/2014
WD59	Internal Road	sqm	10702.34	OTM (NCT)	PWD	GOB	308.89	13/6/2013	22/8/2013	22/11/2013
WD60	Arboriculture	Job	L.S.	OTM (NCT)	PWD	GOB	50.00	12/8/2018	11/11/2018	10/5/2019
WD61	Link Corridor	Job	1	OTM (NCT)	PWD	GOB	200.00	12/8/2018	11/11/2018	10/5/2019
WD62	Waste Water Treatment Plant	Job	1	OTM (NCT)	PWD	GOB	500.00	12/8/2018	11/11/2018	10/5/2019
WD63	Pump House	nos	3	OTM (NCT)	PWD	GOB	15.00	20/5/2013	27/8/2013	27/11/2013
WD64	Garden & Garden Fencing (Arboriculture in/c)	Job	L.S.	OTM (NCT)	PWD	GOB	20.00	12/5/2018	11/9/2018	10/3/2019
WD65	Culvert & Drainage	Job	1	OTM (NCT)	PWD	GOB	50.00	12/11/2018	11/3/2019	10/6/2019
WD66	Underground Water Reservoir (2 Nos) & Distribution Line	Gallon	100000	OTM (NCT)	PWD	GOB	100.00	12/5/2018	11/9/2018	10/3/2019
WD67	Water Reservoir (For Rain Water Harvesting)& Distribution Line	Gallon	50000	LTM (NCT)	PWD	GOB	30.00	12/5/2018	11/9/2018	10/3/2019
WD68	Boundary Wall	RM	1157.73	OTM (NCT)	PWD	GOB	1601.11	12/5/2018	11/9/2018	10/3/2019
WD69	Garbage waste disposal/incinerator	Job	1	OTM (NCT)	PWD	GOB	30.00	12/5/2018	11/9/2018	10/3/2019

Package No	Description of Procurement Package	Unit	Quantity	Procurement Method & (Type)	Contract Approving Authority	Source of Fund	Estd Cost (Lakh taka)	Invitation of Tender	Signing of Contract	Completion of Contract
WD70	Sahid Minar & Bijoy Stambho	Job	1	OTM (NCT)	PWD	GOB	20.00	12/11/2018	11/3/2018	10/6/2019
WD71	Soil Investigation	Job	L.S.	LTM (NCT)	PWD	GOB	24.00	10/3/2018	11/6/2018	10/2/2019

(সূত্রঃ ১ম সংশোধিত ডিপিপি)

১.৯। প্রকল্পের লগফ্রেম

চিকিৎসা বিজ্ঞান বিষয়ক শিক্ষা ব্যবস্থাকে সম্প্রসারণ করা এবং স্বাস্থ্য সেবা সম্প্রসারণের ক্ষেত্রে এদেশে আরও চিকিৎসক প্রস্তুত করা।

সংক্ষিপ্ত বর্ণনা	বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক	যাচাইয়ের মাধ্যম	গুরুত্বপূর্ণ অনুমান
<p>লক্ষ্য</p> <ul style="list-style-type: none"> চিকিৎসা বিজ্ঞানে চিকিৎসার সুযোগ প্রসারিত করা। স্বাস্থ্য সেবা প্রদানের জন্য দেশে অধিক চিকিৎসক তৈরি করা। 	<ul style="list-style-type: none"> প্রতিবছর অতিরিক্ত ১০০ জন মেধাবী ছাত্র ছাত্রী চিকিৎসা বিজ্ঞানে শিক্ষা গ্রহণ করতে সক্ষম হবে। প্রশিক্ষণ সুবিধা প্রসারিত করতে হবে। 	<ul style="list-style-type: none"> আইএমইডি প্রতিবেদন স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য এবং পরিসংখ্যান বিভাগ 	
<p>উদ্দেশ্য</p> <ul style="list-style-type: none"> মেডিকেল শিক্ষার জন্য অবকাঠামো তৈরি। আরো চিকিৎসক তৈরির মাধ্যমে চিকিৎসক-জন সাধারণের অনুপাত যুক্তিযুক্ত করা। চিকিৎসা শিক্ষা বিকেন্দ্রীকরণ করা। প্রান্তিক জেলায় তৃণমূল জনসাধারণ পর্যায়ে চিকিৎসা সুবিধা নিশ্চিত করা। চিকিৎসা শিক্ষার চাহিদা পূরণ করা। হাসপাতালকে ক্লিনিক্যাল এবং ব্যবহারিক পরীক্ষাগার হিসেবে মেডিকেল কলেজের ছাত্র ছাত্রীদের জন্য উপযোগী করা। 	<ul style="list-style-type: none"> শিক্ষার্থীদের মধ্যে একডেমিক পরিবেশ করতে। প্রতিবছর ১০০ জন নবীন চিকিৎসক তৈরি হবে। 	<ul style="list-style-type: none"> আইএমইডি প্রতিবেদন স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য এবং পরিসংখ্যান বিভাগ 	<ul style="list-style-type: none"> গণমাধ্যমের সাহায্যে জনসাধারণের মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে হবে।

<p>ইনপুট</p> <ul style="list-style-type: none"> ● মেডিকেল ছাত্র ছাত্রীদের জন্য ভৌত অবকাঠামো নির্মাণ ● রোগীর চিকিৎসা সেবা এবং মেডিকেল ছাত্র ছাত্রীদের ব্যবহারিক শিক্ষার প্রয়োজনে হাসপাতাল স্থাপন ● জমি অধিগ্রহণ ● প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ। <p>মোট খরচঃ ৬১১০৮.৪৬ লক্ষ টাকা।</p>	<p>ডিসেম্বর/ ২০১৯ ইং এর মধ্যে নিম্ন বর্ণিত অবকাঠামোসমূহ তৈরি করা হবে ৪২৬২২.৬৯ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে।</p> <ul style="list-style-type: none"> ● কলেজ একাডেমিক ভবন নির্মাণ ব্যয় ৪৪৪৫.৩৪ লক্ষ টাকা। ● হাসপাতাল ভবন নির্মাণ ব্যয় ২০০৩৮.০২ লক্ষ টাকা। ● অন্যান্য নির্মাণ ব্যয় ১৮১৩৯.৩৩ লক্ষ টাকা। ● ৩০ একর জমির মূল্য ৪৮৬৯.১২ লক্ষ টাকা। <p>সম্পদ ও সংগ্রহঃ</p> <ul style="list-style-type: none"> ● গাড়ীর মূল্য বাবদ ২৪৬.১৯ লক্ষ টাকা ব্যয় হবে। ● যন্ত্রপাতি মূল্য বাবদ ৮৭৪৭.৮৫ লক্ষ টাকা ব্যয় হবে। ● আসবাবপত্রের মূল্য বাবদ ২৬২৭.৩৯ লক্ষ টাকা ব্যয় হবে। ● টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি বাবদ ২৬ লক্ষ টাকা ব্যয় হবে। 	<ul style="list-style-type: none"> ● টেন্ডার নথি পত্র। ● চুক্তি ● বিল/ ভাউচার ● প্রকল্প পরিচালক এবং গণপূর্ত বিভাগ থেকে প্রাপ্ত তথ্য ও পরিসংখ্যান। 	<ul style="list-style-type: none"> ● প্রকল্প পরিচালক ও প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট জনবল সার্বক্ষণিক কাজ করবে। ● যথাসময়ে অর্থ অবমুক্তি করতে হবে। ● নির্মাণ কাজ সিডিউল মোতাবেক যথাসময়ে কাজ সম্পন্ন করতে হবে।
---	--	---	--

(সূত্রঃ ১ম সংশোধিত ডিপিপি)

১.১০। প্রকল্পের সম্ভাব্য টেকসইকরণ পরিকল্পনা

প্রকল্পের মূল ডিপিপি এবং সংশোধিত ডিপিপিতে কোন সম্ভাব্য টেকসইকরণ পরিকল্পনা প্রণয়ন করা হয়নি।

দ্বিতীয় অধ্যায়

নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনা পদ্ধতি ও সময় ভিত্তিক কর্মপরিকল্পনা

২.১। নিবিড় পরিবীক্ষণের কার্যপরিধি

প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের কার্যপরিধিসমূহ নিম্নরূপঃ

- ১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/ সংশোধন, অর্থায়ন অবস্থা ইত্যাদি) পর্যালোচনা ও বিশ্লেষণ;
- ২) প্রকল্পের সার্বিক এবং অঙ্গভিত্তিক বাস্তবায়ন (ভৌত ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, সারণীতে উপস্থাপন ও পর্যালোচনা;
- ৩) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৪) প্রকল্পের আওতায় সম্পাদিত/ চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহ/ ক্রয়ের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ/ ক্রয় আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর ইত্যাদি) প্রতিপালিত করা হয়েছে বা হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৫) প্রকল্পের আওতায় সংগৃহীত/ সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্যক্রম ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন, গুণগত মান এবং পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে বা হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৬) অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী প্রকল্পের আওতায় ইতোমধ্যে সম্পাদিত ও চলমান ভৌত কাজসমূহ পরিদর্শন ও নির্মাণ কাজের গুণগত মান যাচাই করা;
- ৭) প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা (যদি থাকে), যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পণ্য, কার্য ও সেবা ক্রয়/ সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের অস্বাভাবিক ব্যয় বৃদ্ধি ও সময় বৃদ্ধি ইত্যাদি বিষয়াদি কারণসহ বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৮) SWOT Analysis;
- ৯) নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে সুনির্দিষ্ট সুপারিশ প্রদান ও কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত প্রাসঙ্গিক/সংশ্লিষ্ট অন্যান্য কাজ; এবং
- ১০) নিবিড় পরিবীক্ষণের মাধ্যমে প্রারম্ভিক, খসড়া, চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রণয়ন, চূড়ান্ত প্রতিবেদন দাখিল ও কর্মশালা আয়োজনের মাধ্যমে সংস্থা/ মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ।

২.২। নিবিড় পরিবীক্ষণ কার্য পদ্ধতি


নিবিড় পরিবীক্ষণ কর্মসম্পাদনের জন্য চুক্তিপত্রে নির্দেশিত টাইম লাইন অনুসারে কর্মপদ্ধতি প্রণয়ন করা হয়েছে। নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে প্রাইমারী উৎস (প্রকল্প স্টেকহোল্ডার, স্থানীয় জনপ্রতিনিধি এবং প্রকল্প সুবিধাভোগীদের সাথে আলোচনা/ সমীক্ষা) ও সেকেন্ডারী উৎস (রিপোর্ট, সংরক্ষিত তথ্য, ডকুমেন্ট ইত্যাদি) থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের ইম্পট্রুমেণ্টস/ টুলসের অংশ হিসেবে প্রকল্পের ডিপিপি/ প্রকল্প সম্পর্কিত নথি/ রিভিউ/ মূল্যায়ন প্রতিবেদন সংগ্রহের চেকলিস্ট; অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক কাজের অগ্রগতির চেকলিস্ট; স্পেসিফিকেশন অনুসারে প্রকল্পের অঙ্গভিত্তিক মালামাল, যন্ত্রাংশ, উপাদান, কাঠামো ও কার্য ইত্যাদির গুণগত মান এর বাস্তব যাচাইয়ের চেকলিস্ট; ক্রয় পদ্ধতি পর্যালোচনার চেকলিস্ট; জরীপ প্রশ্নমালা; এফজিডি প্রশ্নমালা; কী ইনফরম্যান্ট ইন্টারভিউ (কেআইআই) প্রশ্নমালা প্রণয়ন করা হয়েছে।

২.২.১। নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার পরিকল্পনা

“কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প, কুষ্টিয়া (১ম সংশোধিত)” প্রকল্পের নিবিড় পরিবীক্ষণে সমীক্ষার কর্মপরিকল্পনা অনুযায়ী সমীক্ষা কার্যক্রম সংখ্যাগত ও গুণগত পদ্ধতির সমন্বয়ে সম্পন্ন করা হয়েছে। উত্তরদাতাদের মাঝ থেকে বিভিন্ন টুলস ব্যবহার করে তথ্য সংগ্রহ করা হয়েছে যা নিম্নে উল্লেখ করা হলো।

নং	পদ্ধতি	উত্তরদাতা	সংখ্যা
১	প্রতিবেদন পর্যালোচনা	ডিপিপি, প্রকল্পের ডিজাইন, প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন, অন্তর্বর্তীকালীন জরিপ প্রতিবেদন, আইএমই বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে প্রণীত প্রতিবেদনের সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সংক্রান্ত প্রতিবেদন	প্রাপ্ত প্রাসঙ্গিক প্রতিবেদন
গুণগত পদ্ধতি			
২	ফোকাস গ্রুপ আলোচনা	প্রকল্প পরিচালকের দপ্তরের কর্মকর্তা, মেডিকেল কলেজের অধ্যক্ষ, মেডিকেল কলেজের অধ্যাপক, সিভিল সার্জন এর প্রতিনিধি, গণপূর্ত অধিদপ্তরের প্রকৌশলী, মাঠ পর্যায়ে নিযুক্ত প্রকৌশলী, ঠিকাদার, শিক্ষানবিশ ডাক্তার, স্থানীয় জনপ্রতিনিধি, মেডিকেল কলেজে অধ্যয়নরত ছাত্র ছাত্রী, মেডিকেল কলেজে অধ্যয়নরত ছাত্র ছাত্রীদের অভিভাবক ও অন্যান্য স্টেকহোল্ডার	২টি
৩	কী ইনফরমেন্ট ইন্টারভিউ	আইএমইডি'র কর্মকর্তা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কর্মকর্তা প্রকল্প পরিচালক প্রকল্প পরিচালকের দপ্তরের কর্মকর্তা মেডিকেল কলেজের অধ্যক্ষ মেডিকেল কলেজের শিক্ষক স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তা গণপূর্ত অধিদপ্তরের প্রকৌশলী	৮টি
৪	মাঠ পরিদর্শন এবং ভৌত পর্যবেক্ষণ ও যাচাইকরণ	প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন	প্রকল্প এলাকায় অঙ্গভিত্তিক কাজের পর্যবেক্ষণ
৬	ক্রয় সংক্রান্ত নথি পর্যালোচনা	প্রকল্পের বিভিন্ন উপাদানের নমুনা প্যাকেজের ক্রয় সংক্রান্ত নথি	ক্রয় প্যাকেজ
৭	জাতীয় পর্যায়ে কর্মশালা	আইএমইডি'র কর্মকর্তা এবং প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তরের কর্মকর্তা ও জাতীয় পর্যায়ের স্টেকহোল্ডার	১

চিত্র ২.১: নিবিড় পরিবীক্ষণ গবেষণা পদ্ধতি



২.৩। তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ


২.৩.১। তথ্য সংগ্রহকারীদের নিয়োগ ও প্রশিক্ষণ

এ সমীক্ষার জন্য তথ্য সংগ্রহকারীদেরকে প্রস্তাবিত কার্যক্রমের ওপর এক কর্মদিবসের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রমে প্রকল্প সংশ্লিষ্ট আইএমইডি'র কর্মকর্তাগণ নিবিড় পরিবীক্ষণ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান করছেন। তথ্য সংগ্রহকারীদেরকে প্রশিক্ষণের উদ্দেশ্য, নমুনা নির্বাচন, তথ্য সংগ্রহের বিষয়, সমীক্ষার প্রশ্নপত্র ও অন্যান্য গাইডলাইন সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তথ্য সংগ্রহকারীদের পরিচয়পত্র প্রদানপূর্বক মাঠপর্যায়ে তথ্য সংগ্রহের জন্য প্রেরণ করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রমে যেসব বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে তার মধ্যে অন্যতম হলো

- প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য;
- নিবিড় পরিবীক্ষণ কাজের কর্মপরিধি;
- নিবিড় পরিবীক্ষণ কাজের কর্মপদ্ধতি;
- নিবিড় পরিবীক্ষণ কাজের প্রশ্নপত্র, ছক ও গাইডলাইন;
- উত্তরদাতার শ্রেণিবিন্যাস;
- উত্তরদাতার সাক্ষাৎকার গ্রহণের কৌশল;
- উত্তর লিপিবদ্ধ করার পদ্ধতি ইত্যাদি।

২.৩.২। তথ্য সংগ্রহ ও মাঠ কার্যক্রম তদারকি

এ সমীক্ষাটি পরিচালনার জন্য সাক্ষাৎকার প্রদানকারীদের ধরণ অনুযায়ী ভিন্ন ভিন্ন প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে। স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত চূড়ান্ত প্রশ্নমালার মাধ্যমে সরাসরি সাক্ষাৎকার গ্রহণ করে তথ্য সংগ্রহ করা হয়েছে। মাঠপর্যায়ে কার্যক্রম পরিচালনার জন্য প্রকল্পের আওতায় সরবরাহকৃত উপকরণের চেকলিষ্ট, নির্বাচিত নমুনার আকার, উত্তরদাতাদের জেলা ও উপজেলার নাম, ঠিকানা এবং নির্দিষ্ট সংখ্যক প্রশ্নমালা সরবরাহ করা হয়েছে। কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে উপস্থিত থেকে তথ্য সংগ্রহ কার্যক্রম পরিবীক্ষণ করেন। এই সমীক্ষা কার্যক্রমের জন্য নিম্নলিখিত গুণগত বিশ্লেষণ করা হয়েছে।



২.৩.৩। নির্মাণ কাজের বাস্তব অগ্রগতি পর্যবেক্ষণ

প্রকল্পটি নির্মাণ প্রধান একটি প্রকল্প। প্রকল্পের শুরু হতে এ পর্যন্ত যে সকল নির্মাণ কাজের টেন্ডার করা হয়েছে (চলমান কাজ ও সমাপ্ত কাজ) সেগুলোর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত তথ্যাদি যেমন- টেন্ডার প্রদানের তারিখ, প্রদত্ত সময়সীমার আলোকে বাস্তব অগ্রগতি কতটুকু অর্জিত হয়েছে, নির্ধারিত ব্যয় ও সময়ের মধ্যে কাজ শেষ হয়েছে কিনা, না হলে তার কারণ, নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার সময়, কাজের আর্থিক ও বাস্তব অগ্রগতি ইত্যাদি তথ্য উপস্থাপন ও বিশ্লেষণ করা হয়েছে। কুষ্টিয়া গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীর কার্যালয় হতে এবং পরিদর্শনের মাধ্যমে সংগৃহীত তথ্যাদির বিশ্লেষণ ও সারণীর মাধ্যমে প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। প্রকল্পভুক্ত যে সকল নির্মাণ কাজের প্রক্রিয়াকরণ করা হয়নি/ কাজ আরম্ভ করা হয়নি, সেগুলোর সর্বশেষ অবস্থা তুলে ধরা হয়েছে। প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও সময় বৃদ্ধির কারণ বিশ্লেষণসহ বাস্তবায়নকারী সংস্থার সংশ্লিষ্ট জনবলের/ বিভাগের ভূমিকা পর্যবেক্ষণ ও পর্যালোচনা করা হয়েছে। বিভিন্ন নির্মাণ কার্যক্রমের চুক্তি সম্পাদনের পর চুক্তি মূল্য অপেক্ষা নির্মাণ মূল্য বৃদ্ধির প্রবণতা লক্ষ্য করা যায়। এতদবিষয়ে প্রয়োজনীয় পরিবীক্ষণ সম্পন্ন করে পর্যবেক্ষণ ও পর্যালোচনা প্রদান করা হয়েছে। এক্ষেত্রে বিভিন্ন নির্মাণ কার্যক্রমের চুক্তি সম্পাদনের পর চুক্তি মূল্য অপেক্ষা নির্মাণ মূল্য বৃদ্ধি পর্যালোচনার

অংশ হিসেবে ক্রয় প্যাকেজের চুক্তি মূল্য যদি সর্বশেষ পরিশোধিত মূল্য থেকে বেশি হয় কতটুকু পার্থক্য রয়েছে তা নির্ণয় করা হয়েছে। এছাড়া নিম্নোক্ত বিষয়গুলো বিশ্লেষণ করা হয়েছে

- মূল BoQ থেকে চূড়ান্ত BoQ পার্থক্য কতটুকু তা নির্ণয় করা হয়েছে (যদি থাকে);
- কোন নতুন অঙ্গ অন্তর্ভুক্ত হয়েছে কিনা তা যাচাইকরণ;
- BoQ থেকে কোন অঙ্গ বাদ পড়েছে কিনা তা যাচাইকরণ;
- নতুন কোন অঙ্গ যোগ করা হলে, কোন প্রেক্ষিতে তা অন্তর্ভুক্ত করা হয়েছে তা যাচাইকরণ;
- কত তারিখে তা অন্তর্ভুক্ত করা হয়েছে তা পর্যালোচনা;
- ব্যবহারকারীর কোন নতুন অঙ্গ অন্তর্ভুক্তির চাহিদা ছিল কিনা তা পর্যালোচনা।

২.৩.৪। ক্রয় (Procurement) সংক্রান্ত নীতিমালার পরিবীক্ষণ

প্রকল্পের মালামাল (Goods), কাজ (Works), এবং সেবা (Service) এর ক্রয় (Procurement) সংক্রান্ত যে সকল চুক্তি সম্পাদিত হয়েছে, সেগুলোতে ক্রয় সংক্রান্ত প্রযোজ্য সরকারী নীতিমালা অনুসরণ করা হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখার জন্য প্রকল্প পরিচালকের দপ্তরে রক্ষিত বিভিন্ন রেকর্ড দেখা হয়েছে এবং তথ্যাদি সংগ্রহ ও পর্যালোচনা করে মতামত প্রণয়ন করা হয়েছে। অনেক ক্ষেত্রে বিভিন্ন নির্মাণ কার্যক্রমের চুক্তি সম্পাদনের পর চুক্তি মূল্য অপেক্ষা নির্মাণ মূল্য বৃদ্ধির প্রবণতা লক্ষ্য করা যায়। প্রকল্প বাস্তবায়নকালীন এ ধরনের প্রবণতা ও অন্যান্য ক্রয় সংক্রান্ত সমস্যা পর্যালোচনা করা হয়েছে।

২.৩.৫। ফোকাস গ্রুপ আলোচনা

তথ্য সংগ্রহকারীদের সহায়তায় ফোকাস গ্রুপ আলোচনা এমনভাবে পরিচালনা করা হয়েছে যাতে সকল অংশগ্রহণকারী স্বাধীনভাবে তাঁদের মতামত প্রদান করতে পারেন। প্রকল্প সুবিধাভোগী ও প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে ফোকাস গ্রুপ আলোচনা করা হয়েছে। পরামর্শকগণ উপস্থিত সকলকে আলোচনার শুরুতে এ প্রকল্প সম্পর্কে ও এর উদ্দেশ্য বিষয়ে অবগত করেন। প্রতিটি ফোকাস গ্রুপ আলোচনায় ১০-১২ জন স্টেকহোল্ডার থাকবেন। তথ্য সংগ্রহকারীগণ আলোচনার গুরুত্বপূর্ণ বিষয়গুলো লিপিবদ্ধ করেন। ফোকাস গ্রুপ আলোচনার মাধ্যমে নিম্নে বর্ণিত বিষয়গুলোর অনুসন্ধান করা হবেঃ

- কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প, কুষ্টিয়া (১ম সংশোধিত) প্রকল্পের বর্তমান অবস্থা সম্পর্কে;
- প্রকল্পের কাজের তুলনায় প্রকৃত অর্জন কতটুকু;
- প্রকল্পের নির্মাণ কাজের মান এবং বাস্তব অগ্রগতি সম্পর্কে;
- প্রকল্পের নির্মাণ কাজের নকশা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্পর্কে;
- প্রকল্পের বিভিন্ন স্থাপনার স্থাপত্য নকশা, কাঠামো নকশা এবং প্রাক্কলন প্রাপ্তির সংক্রান্ত তথ্যাদি সম্পর্কে;
- প্রকল্পের বিভিন্ন স্থাপনার প্রাক্কলন প্রাপ্তির সাথে সংশ্লিষ্ট অংগসমূহের দরপত্র প্রক্রিয়াকরণ সম্পর্কে;
- মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপনে সুবিধা ও অসুবিধা সম্পর্কে;
- প্রকল্পটি সার্বিক কার্যক্রম সম্পূর্ণভাবে বাস্তবায়ন সম্পর্কে;
- প্রকল্পটির ক্রয় কার্য সম্পর্কে;
- প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি সম্পর্কে;
- গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট জনবলের তদারকির তথ্যাদি সম্পর্কে;
- প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা সম্পর্কে;
- প্রকল্পটির বিভিন্ন অঙ্গের বর্তমান অবস্থা সম্পর্কে;
- চিকিৎসা সেবা ও এর মান কি পরিমাণ বৃদ্ধি পেয়েছে সে সম্পর্কে;
- প্রকল্প বাস্তবায়নের ফলে আধুনিক ও সাশ্রয়ী চিকিৎসা সেবা সম্প্রসারণ সম্পর্কে;
- প্রকল্প রক্ষণাবেক্ষণ সংক্রান্ত আলোচনা;
- প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নকালে বিভিন্ন ধরনের সবল, দুর্বল দিক বা ঝুঁকি।


২.৩.৬। কী ইনফরমেন্ট ইন্টারভিউ

কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প, কুষ্টিয়া (১ম সংশোধিত) প্রকল্প সম্পর্কে এর বিভিন্ন স্টেকহোল্ডার যথাক্রমে আইএমইডি'র কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কর্মকর্তা, প্রকল্প পরিচালক, উপজেলা কর্মকর্তাবৃন্দ, প্রকল্প পরিচালকের দপ্তরের কর্মকর্তা, মেডিকেল কলেজের অধ্যক্ষ, মেডিকেল কলেজের শিক্ষক, হাসপাতাল ম্যানেজমেন্ট কর্তৃপক্ষ, গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় প্রকৌশলী, মাঠ পর্যায়ে নিযুক্ত প্রকৌশলী, ঠিকাদার ইত্যাদি। এ প্রকল্পের বর্তমান অবস্থা, বাস্তবায়নজনিত সমস্যা, প্রকল্পের ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়েছে। এছাড়াও প্রকল্প সংশ্লিষ্টদের নিকট থেকে ই-মেইলের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য ও মতামত গ্রহণ করা হয়েছে।

২.৩.৭। তথ্য প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ

তথ্য-উপাত্ত প্রক্রিয়াকরণঃ সংগৃহীত তথ্য-উপাত্তে কোন অসংগতি আছে কিনা কিংবা ত্রুটি আছে কিনা যাচাই করে কম্পিউটারে এন্ট্রি করানোর পূর্বেই অশোধিত উপাত্তের সম্পাদনা করা হয়েছে। অনুরূপভাবে তথ্য-উপাত্তের প্রয়োজনীয় কোডিং করা হয়েছে। সম্পাদিত ও কোডিংকৃত তথ্য-উপাত্ত “প্রশ্নমালা” অনুযায়ী ডাটা অপারেটরের মাধ্যমে কম্পিউটারে নির্দিষ্ট সফটওয়্যারে এন্ট্রি দেয়া হয়েছে। SPSS প্যাকেজ ডাটা এন্ট্রি ও বিশ্লেষণ করার কাজে ব্যবহার করা হয়েছে।

তথ্য-উপাত্ত বিশ্লেষণঃ প্রক্রিয়াকরণকৃত এবং সাজানো, তথ্য-উপাত্ত প্রশ্নমালাভিত্তিক এবং সমীক্ষার উদ্দেশ্য অনুযায়ী পৃথক করা হয়েছে এবং পৃথক ভাবে বিশ্লেষণ করা হয়েছে। পরামর্শক এ কাজের জন্য SPSS কম্পিউটার প্রোগ্রাম ব্যবহার করেছেন। বিভিন্ন তথ্য ও সূচকের জন্য পৃথক পৃথক একক মাত্রার বা একাধিক মাত্রার সারণী তৈরী করা হয়েছে এবং বর্ণনামূলক বিশ্লেষণ করা হয়েছে। ইহা ছাড়াও অধিকতর দৃষ্টিগ্রাহ্য হওয়ার জন্য গ্রাফ ও চার্টের ব্যবহার করা হয়েছে।



২.৪। সময়ভিত্তিক কর্মপরিকল্পনা

চার মাসের মধ্যে এ নিবিড় পরিবীক্ষণ সম্পন্ন করা হয়েছে। নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার আনুমানিক সময়সূচী নিম্নলিখিত সারণীতে প্রদান করা হলঃ

ক্রমিক নং	কর্মসূচী	আনুমানিক সমাপ্তির তারিখ
১	চুক্তিপত্র	৬/১/২০২০
২	প্রকল্প সংশ্লিষ্ট দলিলাদি সংগ্রহ ও পর্যালোচনা	৭/১/২০২০
৩	আইএমইডি-র সঙ্গে সূচনা সভা	১৯/১/২০২০
৪	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে সূচনা সভা	১৯/১/২০২০
৫	নিবিড় পরিবীক্ষণ জন্য কর্মপদ্ধতির বিস্তারিত বিবরণ, কর্ম পরিকল্পনা ও প্রশ্নপত্র প্রস্তুতকরণ	৮/১/২০২০ - ২০/১/২০২০
৬	কর্ম পদ্ধতির বিস্তারিত বিবরণ, কর্ম পরিকল্পনা ও প্রশ্নপত্র প্রস্তুতকরণ খসড়া প্রারম্ভিক প্রতিবেদন দাখিল	২০/১/২০২০
৭	প্রারম্ভিক প্রতিবেদনের উপর টেকনিক্যাল কমিটির সভা	২৮/১/২০২০
৮	প্রারম্ভিক প্রতিবেদনের উপর স্ট্রিয়ারিং কমিটির সভা	১৭/২/২০২০
৯	চূড়ান্ত প্রারম্ভিক প্রতিবেদন দাখিল	৩/৩/২০২০
১০	তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ	৪/৩/২০২০
১১	তথ্য সংগ্রহকারীদের মাঠ পর্যায়ে প্রেরণ	৫/৩/২০২০

১২	মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ ও সরেজমিনে পরিদর্শন	৫/৩/২০২০ - ২৮/৩/২০২০
১৪	প্রকল্পের সাথে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণের সাথে সাক্ষাৎকার ও প্রশ্নমালার মাধ্যমে তথ্য সংগ্রহ	৬/৩/২০২০ - ২৮/৩/২০২০
১৫	সরেজমিনে পর্যবেক্ষণ করে প্রকল্পের যন্ত্রপাতি পর্যবেক্ষণ চেকলিষ্ট পূরণ করা	৬/৩/২০২০ - ৩০/৩/২০২০
১৬	ফোকাস গ্রুপ আলোচনা	১০/২/২০২০ - ২০/৩/২০২০
১৭	তথ্য উপাত্ত কোডিং, এন্ট্রিকরণ	১০/৩/২০২০ - ২৪/৩/২০২০
১৮	তথ্য উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ	২৫/৩/২০২০
১৯	১ম খসড়া প্রতিবেদন প্রস্তুত ও জমা	২৮/৩/২০২০
২০	১ম খসড়া প্রতিবেদনের উপর টেকনিক্যাল কমিটির সভা	২৯/৩/২০২০
২১	টেকনিক্যাল কমিটির সভা থেকে প্রাপ্ত মতামত সংযোজন	৩০/৩/২০২০
২২	১ম খসড়া প্রতিবেদনের উপর স্টিয়ারিং কমিটির সভা	১৫/৪/২০২০
২৩	জাতীয় কর্মশালা আয়োজন	২০/৪/২০২০
২৪	কর্মশালা থেকে প্রাপ্ত মন্তব্য ২য় খসড়া প্রতিবেদনে সংযোজন ও দাখিল	২৩/৪/২০২০
২৫	২য় খসড়া প্রতিবেদনের উপর টেকনিক্যাল কমিটির সভা	২৫/৪/২০২০
২৬	টেকনিক্যাল কমিটির সভা থেকে প্রাপ্ত মতামত সংযোজন	২৭/৪/২০২০
২৭	২য় খসড়া প্রতিবেদনের উপর স্টিয়ারিং কমিটির সভা	২৮/৪/২০২০
২৮	চূড়ান্ত প্রতিবেদন দাখিল	৫/৫/২০২০

আনুমানিক সমাপ্তির তারিখ আইএমইডি থেকে মন্তব্য প্রাপ্তির তারিখের উপর নির্ভরশীল

কর্ম পরিকল্পনা

নং	কাজের বিবরণ	কার্যক্রমের সময় মাস ভিত্তিক (২০২০)																			
		জানুয়ারি ২০২০				ফেব্রুয়ারি ২০২০				মার্চ ২০২০				এপ্রিল ২০২০				মে ২০২০			
		সপ্তাহ ১	সপ্তাহ ২	সপ্তাহ ৩	সপ্তাহ ৪	সপ্তাহ ১	সপ্তাহ ২	সপ্তাহ ৩	সপ্তাহ ৪	সপ্তাহ ১	সপ্তাহ ২	সপ্তাহ ৩	সপ্তাহ ৪	সপ্তাহ ১	সপ্তাহ ২	সপ্তাহ ৩	সপ্তাহ ৪				
১.	চুক্তিপত্র																				
২.	প্রকল্প সংশ্লিষ্ট দলিলাদি সংগ্রহ ও পর্যালোচনা																				
৩.	আইএমইডি-র সঙ্গে সূচনা সভা																				
৪.	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে সূচনা সভা																				
৫.	নিবিড় পরিবীক্ষণের জন্য কর্মপদ্ধতির বিস্তারিত বিবরণ, কর্মপরিকল্পনা ও প্রশ্নপত্র প্রস্তুতকরণ																				
৬.	কর্মপদ্ধতির বিস্তারিত বিবরণ, কর্মপরিকল্পনা ও প্রশ্নপত্র প্রস্তুতকরণ খসড়া প্রারম্ভিক প্রতিবেদন দাখিল																				
৭.	প্রারম্ভিক প্রতিবেদনের উপর টেকনিক্যাল কমিটির সভা																				

নং	কাজের বিবরণ	কার্যক্রমের সময় মাস ভিত্তিক (২০২০)																				
		জানুয়ারি ২০২০				ফেব্রুয়ারি ২০২০				মার্চ ২০২০				এপ্রিল ২০২০				মে ২০২০				
		সপ্তাহ ১	সপ্তাহ ২	সপ্তাহ ৩	সপ্তাহ ৪	সপ্তাহ ১	সপ্তাহ ২	সপ্তাহ ৩	সপ্তাহ ৪	সপ্তাহ ১	সপ্তাহ ২	সপ্তাহ ৩	সপ্তাহ ৪	সপ্তাহ ১	সপ্তাহ ২	সপ্তাহ ৩	সপ্তাহ ৪	সপ্তাহ ১	সপ্তাহ ২	সপ্তাহ ৩	সপ্তাহ ৪	
৮.	টেকনিক্যাল কমিটির সভা থেকে প্রাপ্ত মতামত সংযোজন																					
৯.	প্রারম্ভিক প্রতিবেদনের উপর স্টিয়ারিং কমিটির সভা																					
১০.	চূড়ান্ত প্রারম্ভিক প্রতিবেদন দাখিল																					
১১.	তথ্যসংগ্রহকারীদের প্রশিক্ষণ																					
১২.	তথ্য সংগ্রহকারীদের মাঠ পর্যায়ে প্রেরণ																					
১৩.	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা এবং উপকারভোগীদের তালিকা এবং যোগাযোগের তথ্য সংগ্রহ																					
১৪.	মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ ও সরেজমিনে পরিদর্শন																					
১৫.	প্রকল্পের সাথে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ কর্মকর্তাগণের সাথে সাক্ষাৎকার ও প্রশ্নমালার মাধ্যমে তথ্য সংগ্রহ																					
১৬.	সরেজমিনে পর্যবেক্ষণ করে প্রকল্পের কার্যক্রম পর্যবেক্ষণ চেকলিষ্ট পূরণ করা																					
১৭.	ফোকাস গ্রুপ আলোচনা																					
১৮.	তথ্য উপাত্ত কোডিং ও এন্ট্রিকরণ																					
১৯.	তথ্য উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ																					
২০.	১ম খসড়া প্রতিবেদন প্রস্তুত ও জমা																					
২১.	১ম খসড়া প্রতিবেদনের উপর টেকনিক্যাল কমিটির সভা																					
২২.	টেকনিক্যাল কমিটির সভা থেকে প্রাপ্ত মতামত সংযোজন																					
২৩.	২য় খসড়া প্রতিবেদনের উপর স্টিয়ারিং কমিটির সভা																					
২৪.	জাতীয় কর্মশালা আয়োজন																					
২৫.	কর্মশালা থেকে প্রাপ্ত মন্তব্য চূড়ান্ত খসড়া প্রতিবেদনে সংযোজন ও দাখিল																					
২৬.	চূড়ান্ত খসড়া প্রতিবেদনের উপর টেকনিক্যাল কমিটির সভা																					
২৭.	টেকনিক্যাল কমিটির সভা থেকে প্রাপ্ত মতামত সংযোজন																					
২৮.	চূড়ান্ত খসড়া প্রতিবেদনের উপর স্টিয়ারিং কমিটির সভা																					
২৯.	চূড়ান্ত প্রতিবেদন দাখিল																					

তৃতীয় অধ্যায় ফলাফল পর্যালোচনা

৩.১। প্রকল্পের অগ্রগতি

৩.১.১। অর্থবছর ভিত্তিক বরাদ্দ

“কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প, কুষ্টিয়া (১ম সংশোধিত)” প্রকল্পটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীনে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ৬ মার্চ ২০১২ তারিখে ২৭৫৪৩.৫১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী ২০১২ হতে ডিসেম্বর ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্যে একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ এক বছর বৃদ্ধি করে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ পুনরায় এক বছর বৃদ্ধি করে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হয়। পরবর্তীতে প্রকল্পটির ১ম সংশোধনী ৬১১০৮.৪৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ডিসেম্বর ২০১৯ মেয়াদে একনেক কর্তৃক অনুমোদিত হয়। সর্বশেষ ২৫ জুন ২০১৯ তারিখে প্রকল্পটির আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় করা হয়। প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অর্থবছর ভিত্তিক বরাদ্দ তুলে ধরা হলোঃ

সারণী ৩.১ অর্থবছর ভিত্তিক বরাদ্দ

লক্ষ টাকায়

বছর নং	অর্থবছর	প্রকল্প সংশোধন	মোট প্রাক্কলিত ব্যয় (জিওবি)
বছর ১	২০১১-২০১২	অন্তঃ অঙ্গ ব্যয় সমন্বয়	০.০০
		১ম সংশোধিত	০.০০
		মূল	৬০০.০০
বছর ২	২০১২-২০১৩	অন্তঃ অঙ্গ ব্যয় সমন্বয়	৭৩১.৮৪
		১ম সংশোধিত	৭৩১.৮৪
		মূল	৭৫১০.৮৯
বছর ৩	২০১৩-২০১৪	অন্তঃ অঙ্গ ব্যয় সমন্বয়	২১৪৭.৯৮
		১ম সংশোধিত	২১৪৭.৯৮
		মূল	৭৬৭৪.৫৩
বছর ৪	২০১৪-২০১৫	অন্তঃ অঙ্গ ব্যয় সমন্বয়	৩২৯৫.৫৫
		১ম সংশোধিত	৩২৯৫.৫৫
		মূল	১১৭৫৮.০৯
বছর ৫	২০১৫-২০১৬	অন্তঃ অঙ্গ ব্যয় সমন্বয়	৫১৪৮.০৫
		১ম সংশোধিত	৫১৪৮.০৫
		মূল	০.০০
বছর ৬	২০১৬-২০১৭	অন্তঃ অঙ্গ ব্যয় সমন্বয়	১৯৯৯.৯৯
		১ম সংশোধিত	১৯৯৯.৯৯
		মূল	০.০০
বছর ৭	২০১৭-২০১৮	অন্তঃ অঙ্গ ব্যয় সমন্বয়	০.০০
		১ম সংশোধিত	১৫৩০.০০
		মূল	০.০০
বছর ৮	২০১৮-২০১৯	অন্তঃ অঙ্গ ব্যয় সমন্বয়	১৩২০০.০০
		১ম সংশোধিত	২৮৭৫১.২০
		মূল	০.০০
বছর ৯	২০১৯-২০২০ (জুলাই- ডিসেম্বর)	অন্তঃ অঙ্গ ব্যয় সমন্বয়	৩৪৫৮৫.০৫
		১ম সংশোধিত	১৭৫০৩.৮৫
		মূল	০.০০

মোট	অন্তঃ অঙ্গ ব্যয় সমন্বয়	৬১১০৮.৪৬
	১ম সংশোধিত	৬১১০৮.৪৬
	মূল	২৭৫৪৩.৫১

৩.১.২। প্রকল্পের বছরভিত্তিক ডিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থ ছাড় ও বাস্তবায়ন

প্রকল্পের বছর ভিত্তিক ডিপিপি'র সংস্থান, অর্থ ছাড় ও বাস্তবায়ন পর্যালোচনায় দেখা যায় যে, মোট ৬১১০৮.৪৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত প্রকল্পটির আট বছর মেয়াদ অতিবাহিত হলেও ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ব্যয় হয়েছে মাত্র ২০৭৩১.৩৭ লক্ষ টাকা। যা প্রাক্কলিত ব্যয়ের মাত্র ৩৪%। অবশিষ্ট প্রায় ৬৬% আর্থিক অগ্রগতি অর্জন এবং সমুদয় নির্মাণ কার্যক্রম সম্পাদন করে প্রকল্পটি সমাপ্ত করতে হবে।

সারণী ৩.২ অর্থবছর ভিত্তিক আরডিপিপি'র সংস্থান, এডিপি বরাদ্দ, অর্থ ছাড় ও প্রকৃত ব্যয়

(লক্ষ টাকা)

অর্থবছর	আরডিপিপি'র সংস্থান	এডিপি বরাদ্দ	অর্থ ছাড়	প্রকৃত ব্যয়
২০১১-২০১২	-	-	-	-
২০১২-২০১৩	৭৩১.৮৪	১০০০	৭৪৭.২৪	৭৩১.৮৪
২০১৩-২০১৪	২১৪৭.৯৮	২১৫০.০০	২১৫০.০০	২১৪৭.৯৮
২০১৪-২০১৫	৩২৯৫.৫৫	৩৩০০.০০	৩৩০০.০০	৩২৯৫.৫৫
২০১৫-২০১৬	৫১৪৮.০৫	৬০০৩.০০	৬১৯৭.২৪	৫১৪৮.০৫
২০১৬-২০১৭	১৯৯৯.৯৯	২০২৫.০০	৪৮০০.০০	১৯৯৯.৯৯
২০১৭-২০১৮	-	-	-	-
২০১৮-২০১৯	১৩২০০.০০	১৫০২০.০০	৭৫১০.০০	৫৮৯৪.২৮
২০১৯-২০২০ (জুলাই- ডিসেম্বর ১৯)	৩৪৫৮৫.০৫	১৪০০০	৭০০০	১৫০৯.৩১
মোট	৬১১০৮.৪৬			২০৭২৭

প্রকল্পে ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্দ ছিল ১৪০০০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে (ডিসেম্বর ২০১৯ পর্যন্ত) প্রকৃত ব্যয় হয়েছে ১৫০৯.৩১ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থবছরে এখনো অবকাঠামো নির্মাণ কাজ সম্ভব না হওয়ায় মেডিকেল যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় সম্ভব হয়নি। এছাড়া অবকাঠামো নির্মাণ কাজে সামান্য অগ্রগতি হওয়ায় ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যয় সম্ভব হয়নি। এখানে উল্লেখ্য যে, ২০১৭-২০১৮ অর্থবছরে প্রকল্পের কাজ বন্ধ থাকায় কোন ব্যয় করা সম্ভব হয়নি।

৩.১.৪। প্রকল্পের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি পর্যালোচনা

“কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প, কুষ্টিয়া (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটির সমস্ত ভৌত অবকাঠামো নির্মাণ কাজ বাস্তবায়নের দায়িত্বে রয়েছে গণপূর্ত অধিদপ্তর। প্রকল্পটির ৯ বছর মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত থাকলেও ডিসেম্বর ২০১৯ পর্যন্ত সামগ্রিক ভৌত অগ্রগতি ৩৪% এবং নির্মাণ কাজের অগ্রগতি ৫৫%। আরডিপিপি অনুযায়ী খাতভিত্তিক বিভাজন অনুসারে বাস্তবায়ন লক্ষ্যমাত্রা ও ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত অগ্রগতি নিম্নবর্ণিত সারণীতে দেওয়া হল

সারণী ৩.৩ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত অগ্রগতি

(লক্ষ টাকায়)


ক্র: নং	অঙ্গের নাম	সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়	মোট বরাদ্দের (%)	ডিসেম্বর ২০১৯ পর্যন্ত অগ্রগতি		২০১৯-২০২০ এডিপিতে বরাদ্দ	ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ক্রম্পুঞ্জিত অগ্রগতি	
				আর্থিক	বাস্তব		আর্থিক	আর্থিক
(ক) রাজস্ব ব্যয়								
১.	কর্মকর্তার বেতন	১১.৬৩	০.০২	-		৭.৬৩	-	-
২.	কর্মচারীদের বেতন	১৩.১৫	০.০২	১৩.১৫	১০০%		-	-

৩.	ভাতাদি	৬.৮৫	০.০১	৬.৮৫	১০০%	-	-	-
৪.	ভ্রমণ ব্যয় (টিএ/ডিএ)	৮.০০	০.০১	৫.৬৬	৭১%	২.০১	০.৫১	২৮%
৫.	অন্যান্য কর	০.০০	-	০.০০	-	-	-	-
৬.	ডাক	১.০০	-	০.১০	১০%	০.৫০	-	-
৭.	টেলিফোন	২.০০	০.০১	০.৩১	১৬%	১.৬০	০.০১	১%
৮.	রেজিস্ট্রেশন ফি	৬.০০	-	০.৩৩	৬%	৫.০০	-	-
৯.	পানি	১.০০	০.০১	০.০০	-	০.৮০	-	-
১০.	বিদ্যুৎ	৫.০০	০.০১	০.০০	-	৪.৬০	-	-
১১.	গ্যাস ও জ্বালানি	৬.০০	০.০২	০.৭২	১২%	২.৬৮	-	-
১২.	পেট্রোল ও লুব্রিকেন্ট	১০.০০	-	৫.৪৮	৫৫%	৫.১২	.৭৫	১৫%
১৩.	বীমা/ ব্যাংক চার্জ	১.০০	-	০.০০	-	০.৬০	-	-
১৪.	প্রিন্টিং ও বাইন্ডিং	৩.০০	০.০১	১.০৪	৩৫%	১.০০	.২৪	২৪%
১৫.	স্টেশনারি/সিল/স্ট্যাম্প	৬.০০	০.১৩	১.৮১	৩০%	৩.৬৪	.৪৩	১২%
১৬.	খেলার সামগ্রী	২০.০০	০.০৪	০.০০	-	-	-	-
১৭.	আপ্যায়ন	৫.০০	০.০৩	১.১৩	২৩%	৩.৪০	০.৮০	২৪%
১৮.	অনিয়মিত শ্রমিক	৩২.১৯	০.০১	১৩.৪৩	৪২%	১৭.৮৪	২.৪৪	১৪%
১৯.	আউটসোর্সিং	২২.০০	০.০৫	১১.৭৬	৫৩%	৭.৬০	২.২৮	৩০%
২০.	বই ও সাময়িকী	৮০.০০	০.০৭	০.০০	-	৫০.০০	-	-
২১.	কেমিক্যালস	৪০.০০	০.৭৫	০.০০	-	১৫.০০	-	-
২২.	এমএসআর	৪৫৮.৪৫	০.০১	০.০০	-	৪৫৮.৪৫	-	-
২৩.	সম্মানি	৬.০০	০.০১	২.৭১	৪৫%	৩.৪৩	১.৩৬	৪০%
২৪.	কম্পিউটার সামগ্রী	৫.০০	০.০১	২.২৬	৪৫%	২.২৭	০.১৯	৮%
২৫.	অন্যান্য ব্যয়	৭.৭৫	০.০১	৭.৭৫	১০০%	-	-	-
২৬.	মোটর যানবাহন	৬.০০	-	৩.৬৫	৬১%	২.০০	০.৩০	১৫%
২৭.	আসবাবপত্র	২.০০	-	০.৫৫	২৮%	১.৪৫	-	-
২৮.	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	২.০০	০.০১	০.৩৫	১৮%	০.৯৫	-	-
২৯.	অন্যান্য মেরামত ও সংরক্ষণ	৪.০০	১.২৬	০.৬২	১৬%	৩.৪৩	-	-
৩০.	উপ-মোট (রাজস্ব ব্যয়)	৭৭১.০২		৭৯.৬৬	১০%	৬০০.০০	৯.৩১	২%
(খ)	মূলধন ব্যয়:			০.৪০				-
২৯.	মোটর যানবাহন	২৪৬.১৯	১৪.৩২	২৮.৫০	১২%	৮৪.০০	-	-
৩০.	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম	৮৫৪৭.৮৫	৪.৩০	১.৩৭	-	১৮২০.০০	-	-
৩১.	আসবাবপত্র	২৬২৭.৩৯	০.০৪	২.৭৬	-	১৫৮৯.০০	-	-
৩২.	টেলিকমিউনিকেশন এবং যন্ত্রপাতি	২৬.০০	৭.৯৭	০.০০	-	১০.০০	-	-
৩৩.	ভূমি	৪৮৬৯.১২		৮৪২.৫৮	১৭%	৮০.০০	-	-
৩৪.	নির্মাণ	৪২৬২২.৬৯	৬৯.৭৫	১৯৭৭৬.৫০	৪৬%	৯৮২৭.০০	১৫০০	১৫%
৩৫.	সিডি/ভ্যাট	২০০.০০		০.০০	-	-	-	-
	উপ মোট (মূলধন ব্যয়):	৫৯১৩৯.২৪	৯৬.৭৮	২০৬৫১.৭১	৩৫%	১৩৪০০.০০	১৫০০০	১১%
(গ)	ফিউক্যাল কন্টিনজেন্সি	৫৯৯.১০		০.০০	-	-	-	-
(ঘ)	প্রাইস কন্টিনজেন্সি	৫৯৯.১০		০.০০	-	-	-	-
	সর্বমোট (ক+খ+গ+ঘ)	৬১১০৮.৪৬		২০৭৩১.৩৭	৩৪%	১৪০০০.০০	১৫০৯.৩১	১১%

(সূত্রঃ প্রকল্প পরিচালকের দপ্তর)

উপরোক্ত সারণী পর্যালোচনা করলে দেখা যায় যে, ডিপিপি অনুযায়ী প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ছিল ৬১১০৮.৪৬ লক্ষ টাকা এবং সর্বশেষ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত অগ্রগতি ২০৭৩১.৩৭ লক্ষ টাকা। চলতি অর্থবছরে লক্ষ্যমাত্রা ১৪০০০ লক্ষ টাকা থাকলেও ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ১৫০৯.৩১ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়েছে। এখানে উল্লেখ্য যে, ২০১৭-২০১৮ পর্যন্ত অর্থবছরে প্রকল্পে কোন ব্যয় করা হয়নি।

এই সমীক্ষায় প্রতিটি অঞ্জের ভিত্তিতে ডিপিপিতে উল্লেখিত বাস্তবিক লক্ষ্যমাত্রার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা হয়েছে যা নিম্নে উল্লেখিত লেখচিত্রের সাহায্যে বিশ্লেষণ করা হয়েছে। যেহেতু প্রকল্প বাস্তবায়নে অব্যবস্থাপনা ছিল তাই ডিপিপিতে উল্লেখিত সময়ের মধ্যে আর্থিক অগ্রগতি অর্জন সম্ভব হয়নি, যা পরবর্তীতে বিস্তারিত তথ্য উপাত্তসহ আলোচনা করা হয়েছে।



উপরোক্ত লেখচিত্রে ডিপিপি অনুসারে প্রকল্পের প্রকৃত অগ্রগতি এবং প্রকল্পের অসমাপ্ত কাজগুলো শতকরা হিসেবে দেখানো হয়েছে। উপরোক্ত সারণি থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, প্রকল্পের মোট রাজস্ব ব্যয় ৭৭১.০২ লক্ষ টাকা এবং ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি ৯.৩১ লক্ষ টাকা। যা মোট রাজস্ব ব্যয়ের ১.২%। প্রকল্পের মোট মূলধন ব্যয় ৫৯১৩৯.২৪ লক্ষ টাকা এবং ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি ১৩৪০০.০০ লক্ষ টাকা। যা মোট মূলধন ব্যয়ের ২২%। এছাড়া বর্তমানে নির্মাণ কাজ প্রাথমিক পর্যায়ে থাকায় ডিপিপিতে উল্লেখিত খাত যন্ত্রপাতি এবং আসবাবপত্র খাতে সীমিত ব্যয় হয়েছে। জমি অধিগ্রহণ সম্পন্ন করা সম্ভব হয়নি। প্রকল্পটি নির্মাণ প্রধান প্রকল্প হওয়ার কারণে এর অধিকাংশ বরাদ্দ নির্মাণ ও পূর্ত খাতে রয়েছে। প্রকল্পের মোট নির্মাণ ও পূর্ত কাজে বরাদ্দ ব্যয় ৪২৬২২.৬৯ লক্ষ টাকা এবং ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি ১৯৭৬৬ লক্ষ টাকা। যা মোট নির্মাণ ও পূর্ত কাজের বরাদ্দের ৪৬.৩৯%। লেখচিত্রের সার্বিক বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, প্রকল্পটি ডিসেম্বর ২০১৯ সালে শেষ হবার কথা থাকলেও প্রকল্পের অগ্রগতি বেশিভাগ ক্ষেত্রে অনেক মন্থর এবং অধিকাংশ কাজ অসমাপ্ত রয়ে গেছে।

প্রকল্পের অগ্রগতি বিশ্লেষণ করলে দেখা যায় যে, প্রকল্পটিতে ডিসেম্বর ২০১৯ সাল পর্যন্ত সার্বিক ভৌত অগ্রগতি মাত্র ৩৪%। এখানে উল্লেখ্যযোগ্য বিষয় হচ্ছে প্রকল্পটির ভবনসমূহ নির্মাণ ব্যয় মোট বরাদ্দের প্রায় ৭০%। প্রকল্পের নির্মাণ সম্পন্ন হওয়ার পর প্রকল্পের অন্যান্য মূলধন ব্যয়ে সংগৃহীত যন্ত্রপাতি এবং অন্যান্য সরঞ্জাম স্থাপন সম্ভব হবে। প্রকল্পের যন্ত্রপাতি এবং সরঞ্জাম সংগ্রহে বরাদ্দ আছে ৮৫৪৭.৮৫ লক্ষ টাকা (১৪.৩২%) এবং আসবাবপত্রে প্রায় ২৬২৭.৩৯ লক্ষ টাকা (৪.৩০%)। ৩০ একর ভূমি অধিগ্রহণে বরাদ্দ আছে ৪৮৬৯.১২ লক্ষ টাকা যা মোট বরাদ্দের প্রায় ৮%। কিন্তু বাস্তবে ডিসেম্বর ২০১৯ সালের মধ্যে ২০ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে এবং ১ম সংশোধনীতে অতিরিক্ত ১০ একর ভূমির জন্য বরাদ্দ দেয়া হলেও তা বাস্তবে অধিগ্রহণ সম্ভব হয়নি। ভূমি মন্ত্রণালয় ১০ একরের স্থলে ৮ একর ভূমি দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদানের অনুমোদন প্রদান করে। ফলে ৮ একর ভূমির সেলামী মূল্য বাবদ ৩৫৭.৫৪ লক্ষ টাকা ট্রেজারি চালানোর মাধ্যমে পরিশোধ করা হয়েছেন। ফলে মোট ভূমির পরিমাণ দাড়াবে ২৮ একর এবং এ বাবদ মোট খরচ হয়েছে ৮৪২.৫৮ লক্ষ টাকা। ফলে ভূমি বাবদ মোট বরাদ্দ বাবদ ৪৮৬৯.১২ লক্ষ টাকার

মধ্য হতে ৩৯৪৬.৫৫ লক্ষ টাকা অব্যয়িত আছে ডিসেম্বর ২০১৯ সালে পর্যন্ত। প্রকল্পের নির্মাণ কাজ (যা মোট বরাদ্দের প্রায় ৭০%) যথাসময়ে সম্পন্ন করা সম্ভব না হলে প্রকল্পের কোন লক্ষ্যমাত্রাই যথাসময়ে অর্জন করা সম্ভব হবে না।

৩.১.৫। প্রধান প্রধান কার্যক্রমের বিবরণ

হাসপাতাল ভবনঃ

প্রকল্পটির মূল ডিপিপি গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রণীত হয়েছিল। ডিপিপি অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল এর আলোকে প্রাক্কলন অনুমোদন সাপেক্ষে ২০১৪ সালে দরপত্র আহবান করা হয়। মেডিকেল কলেজ সংলগ্ন কুষ্টিয়া- রাজবাড়ী সড়কের উপরিভাগকে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় ভবনের প্লীন্সে প্রায় ১৮ ফুট বালি ভরাট করার প্রয়োজন হয়। ফলে বালি ভরাটের পরিমাণ, আরসিসি কাজের পরিমাপ, রডের পরিমাণ ইত্যাদি বৃদ্ধি পায়। মূল ডিপিপি মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে কাজের অনেক সুবিধাদি কমিয়ে ১০ তলা ফাউন্ডেশন ও ৩ তলা পর্যন্ত দরপত্র আহবান করা হয়েছে। ভবনটির ভীতে মাটি পরীক্ষার রিপোর্ট ও টেষ্ট পাইলের লোড টেষ্টের রিপোর্টের প্রেক্ষিতে গণপূর্ত ডিজাইন বিভাগের কাঠামোগত নকশা অনুযায়ী ভবনের পাইলের সংখ্যাও অনেক বৃদ্ধি পায়। প্রাক্কলনে ২৪০০ পাইল ধরা ছিল কিন্তু অনুমোদিত নকশা অনুযায়ী ২৮৯৮ টি পাইল করা হয়। তাছাড়া স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থাপত্য নকশা এবং ডিজাইন বিভাগ কর্তৃক প্রদত্ত কাঠামোগত নকশা অনুযায়ী কাজ করায় বিভিন্ন আইটেমের কাজের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। প্রকল্পটির ১ম সংশোধনের পূর্বে ৩ তলা পর্যন্ত হাসপাতাল ভবনের ৫৪% কাজ সমাপ্ত হয়েছিল। ১ম সংশোধনে ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম তলা সহ আনুষঙ্গিক অঙ্কসহ ডিপিপি অনুযায়ী ভবনটি নির্মাণের লক্ষ্যে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী খসড়া প্রাক্কলন অনুসরণ করে মূল্য নির্ধারণ করা হয়েছে। প্রকল্পটির ১ম সংশোধনের অনুমোদনের পরে ৩ তলা পর্যন্ত হাসপাতাল ভবনের অবশিষ্ট ৪৬% কাজ সহ ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম তলা সহ আনুষঙ্গিক অঙ্কসমূহের কাজ বাস্তবায়ন শুরু করা হয়। প্যাকেজ নং WD-4 Vertical Extension of Hospital Building from 3rd floor to 6th floor in/c ancillary work এর আওতায় হাসপাতাল ভবন নির্মাণের কাজ এখনো সমাপ্ত করা হয়নি।

সর্বশেষ অগ্রগতিঃ ভবনটির ৬টি ব্লকে বিভক্ত। ব্লক-এ ও সি ৭ম তলা পর্যন্ত নির্মিত হবে যার ৭ম তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ৬য় তলা পর্যন্ত গাঁথুনির কাজ সমাপ্ত ও প্লাস্টারের কাজ চলমান আছে। ব্লক বি ৭ম তলা পর্যন্ত নির্মিত হবে যার ৩য় তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ৩য় তলা পর্যন্ত গাঁথুনির কাজ সমাপ্ত ও প্লাস্টারের কাজ চলমান আছে। ব্লক ডি ১ম তলা পর্যন্ত নির্মিত হবে যার ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ব্লক ই ২য় তলা পর্যন্ত নির্মিত হবে যার ১ম তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ব্লক এফ ২য় তলা পর্যন্ত নির্মিত হবে যার ২য় তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে।



একাডেমিক ভবনঃ

প্রকল্পটির মূল ডিপিপি গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রণীত হয়েছিল। ডিপিপি অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। ২০১১ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল এর আলোকে প্রাক্কলন অনুমোদন সাপেক্ষে ২০১৩ সালে দরপত্র আহ্বান করা হয়। ২০১১ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল পরিবর্তন হওয়ায়, মেডিকেল কলেজ সংলগ্ন কুষ্টিয়া- রাজবাড়ী সড়কের উপরিভাগকে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় ভবনের প্লীন্সে প্রায় ১৮ ফুট বালি ভরাট করার প্রয়োজন হয়। ফলে বালি ভরাটের পরিমাণ, আরসিসি কাজের পরিমাণ, রডের পরিমাণ ইত্যাদি বৃদ্ধি পায়। ডিপিপি মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে কাজের অনেক সুবিধাদি (Scope) কমিয়ে ৮ তলা ফাউন্ডেশন ও ৪ তলা পর্যন্ত দরপত্র আহ্বান কর হয়েছিল। ভবনটির ভীতে মাটি পরীক্ষার রিপোর্ট ও টেষ্ট পাইলের লোড টেষ্টের রিপোর্টের প্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তরের ডিজাইন বিভাগের কাঠামোগত নকশা অনুযায়ী ভবনের পাইলের সংখ্যাও অনেক বৃদ্ধি পায়। তাছাড়া স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থাপত্য নকশা এবং ডিজাইন বিভাগ কর্তৃক প্রদত্ত কাঠামোগত নকশা অনুযায়ী কাজ করায় বিভিন্ন আইটেমের কাজের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। প্রকল্পটির ১ম সংশোধনের পূর্বে একাডেমিক ভবনের ৬ তলা ফাউন্ডেশনসহ ৪ তলা পর্যন্ত কাজের ৯৫% সমাপ্ত হয়। ১ম সংশোধনে ৫ম ও ৬ষ্ঠ তলা সহ আনুষঙ্গিক অঙ্গসহ ডিপিপি অনুযায়ী ভবনটি নির্মাণের লক্ষ্যে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী খসড়া প্রাক্কলন অনুসরণ করে মূল্য নির্ধারণ করা হয়েছে। প্রকল্পটির ১ম সংশোধনের অনুমোদনের পরে ৮ তলা ফাউন্ডেশনসহ ৪ তলা পর্যন্ত কাজের অবশিষ্ট ৫% কাজ সমাপ্ত সহ ৫ম ও ৬ষ্ঠ তলা সহ আনুষঙ্গিক অঙ্গসমূহের কাজ বাস্তবায়ন শুরু করা হয়। প্যাকেজ নং WD-6 Vertical Extension of Academic Building from 4th floor to 5th floor in/c ancillary Work এর আওতায় একাডেমিক ভবন নির্মাণের কাজ এখনো সমাপ্ত করা হয়নি।

সর্বশেষ অগ্রগতিঃ ভবনটির ৬ষ্ঠ তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। নিচ তলা থেকে ৪র্থ তলা পর্যন্ত ইটের গাঁথুনি, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল, টাইলস, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ ৬ষ্ঠ তলা পর্যন্ত সমাপ্ত হয়েছে। দরজার কাঠের পাল্লা ও জানালার থাই ৪র্থ তলা পর্যন্ত সমাপ্ত। ৪র্থ তলা পর্যন্ত দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে। ভবনটি হস্তান্তরের আগে তৃতীয় কোট রং সম্পন্ন করে হস্তান্তর কাজ সম্পন্ন করা হবে। ৫ম ও ৬ষ্ঠ তলার ফিনিশিং কাজ চলমান আছে।




ছাত্র হোস্টেল ভবনঃ

প্রকল্পটির মূল ডিপিপি গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রণীত হয়েছিল। ডিপিপি অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। ২০১১ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল এর আলোকে প্রাক্কলন অনুমোদন সাপেক্ষে ২০১৩ সালে দরপত্র আহ্বান করা হয়। বাস্তবে কাজ করার সময় যেমন- মেঝেতে আরবিসি ও আরসিসি কাজ, টাইলস সংযোজন, সিড়ির রেইলিং ও টালি সংযোজন, বারান্দায় গ্রীল সংযোজন ইত্যাদিসহ প্রায় প্রতিটি আইটেমের কাজের পরিমাপই বৃদ্ধি পেয়েছে। তাছাড়া ভবনের প্লীন্সে ১৩-০ ফুট বালি ভরাট করার সংস্থান ছিল কিন্তু পরবর্তীতে মেডিকেল কলেজ সংলগ্ন কুষ্টিয়া রাজবাড়ী সড়কের উপরিভাগকে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় ভবনের প্লীন্সে প্রায় ১৫'-৬'' ফুট বালি ভরাট করা হয়েছে। ফলে বালি ভরাটের পরিমাণ, আরসিসি কাজের পরিমাণ, রডের পরিমাণ ইত্যাদি ও বৃদ্ধি পেয়েছে। ডিপিপি মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে কাজের অনেক

সুবিধাদি (Scope) কমিয়ে দরপত্র আহবান করা হয়েছিল। তাছাড়া স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থাপত্য নকশা এবং ডিজাইন বিভাগ কর্তৃক প্রদত্ত কাঠামোগত নকশা অনুযায়ী কাজ করায় বিভিন্ন আইটেমের কাজের পরিমাণ বৃদ্ধি পেয়ে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়েছে। এছাড়াও বর্ণিত ভবনের জন্য ডিপিপি অনুযায়ী মৃত্তিকা পরীক্ষা ও ভূ-গর্ভস্থ জলাধার নির্মাণ করা হয়েছে। উল্লেখ্য যে, ভবনটিকে পূর্নাঙ্গভাবে ব্যবহার করার জন্য উল্লেখিত আংগিনায় কম্পাউন্ড ডেনসহ সীমানা প্রাচীর নির্মাণ করার উদ্যোগ নেয়া হয়ে। সীমানা প্রাচীর নির্মাণের ক্ষেত্রে কার্যস্থলের ইজিএল হতে এফজিএল এর উচ্চতা ১৫'-৬" ফুট এবং সীমানা প্রাচীরের উচ্চতা ৬'-০" ফুট হওয়ায় কলামের উচ্চতা করা হয়েছে ২১'-৬" ফুট। ফলে সীমানা প্রাচীর নির্মাণে ২টি গ্রেড বীম নির্মাণ করার প্রয়োজনীয়তা দেখা দেয়। উল্লেখিত অবস্থা বিবেচনা করে সীমানা প্রাচীর নির্মাণের দর বিস্তারিত প্রাক্কলনের ভিত্তিতে বিবেচনা করা হয়েছে। প্রকল্পটির ১ম সংশোধনের পূর্বে উক্ত ভবনের ৯০% কাজ সমাপ্ত হয়। ১ম সংশোধনে কম্পাইন্ড ডেন, সীমানা প্রাচীর ও আনুষঙ্গিক অঙ্গসহ ডিপিপি অনুযায়ী ভবনটি নির্মাণের লক্ষ্যে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী খসড়া প্রাক্কলন অনুসরণ করে মূল্য নির্ধারণ করা হয়েছে। ১ম সংশোধনের অনুমোদনের পরে ছাত্র হোস্টেল ভবনের অবশিষ্ট ১০% কাজ সমাপ্ত সহ আনুষঙ্গিক অঙ্গসমূহের কাজ বাস্তবায়ন শুরু করা হয়। প্যাকেজ নং WD-৪ Compound Drain & Compound wall in Male Hostel Building এর আওতায় ছাত্র হোস্টেল ভবনের কম্পাউন্ড ডেনসহ সীমানা প্রাচীর নির্মাণ কাজ এখনো সমাপ্ত করা হয়নি।

সর্বশেষ অগ্রগতিঃ ভবনটির ৪র্থ তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ইটের গাঁথুনি, প্লাস্টার, চোকাঠ, দরজার কাঠের পাল্লা, জানালার থাই, গ্রীল, টাইলস, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ সহ আনুষঙ্গিক কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। ভবনটিতে দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে। ভবনটি হস্তান্তরের আগে তৃতীয় কোট রং সম্পন্ন করে হস্তান্তর কাজ সম্পন্ন করা হবে।



ছাত্রী হোস্টেল ভবনঃ

প্রকল্পটির মূল ডিপিপি গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রণীত হয়েছিল। ডিপিপি অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। ২০১১ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল এর আলোকে প্রাক্কলন অনুমোদন সাপেক্ষে ২০১৩ সালে দরপত্র আহবান করা হয়। বাস্তবে কাজ করার সময় যেমন- মেঝেতে আরবিসি ও আরসিসি কাজ, টাইলস সংযোজন, সিড়ির রেইলিং ও টালি সংযোজন, বারান্দায় গ্রীল সংযোজন ইত্যাদিসহ প্রায় প্রতিটি আইটেমের কাজের পরিমাপই বৃদ্ধি পেয়েছে। তাছাড়া ভবনের গ্লীন্সে ১৩ ফুট বালি ভরাট করার সংস্থান ছিল কিন্তু পরবর্তীতে মেডিকেল কলেজ সংলগ্ন কুষ্টিয়া রাজবাড়ী সড়কের উপরিভাগকে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় ভবনের গ্লীন্সে প্রায় ১৭ ফুট বালি ভরাট করা হয়েছে। ফলে বালি ভরাটের পরিমাণ, আরসিসি কাজের পরিমাণ, রডের পরিমাণ ইত্যাদিও বৃদ্ধি পেয়েছে। ডিপিপি মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে কাজের অনেক সুবিধাদি (Scope) কমিয়ে দরপত্র আহবান করা হয়েছিল। তাছাড়া স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থাপত্য নকশা এবং ডিজাইন বিভাগ কর্তৃক প্রদত্ত কাঠামোগত নকশা অনুযায়ী কাজ করায় বিভিন্ন আইটেমের কাজের পরিমাণ বৃদ্ধি পেয়ে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়েছে। এছাড়াও বর্ণিত ভবনের জন্য ডিপিপি অনুযায়ী মৃত্তিকা পরীক্ষা ও ভূ-গর্ভস্থ জলাধার নির্মাণ করা হয়েছে। উল্লেখ্য যে, ভবনটিকে পূর্নাঙ্গ ভাবে ব্যবহার করার জন্য উল্লেখিত আংগিনায় কম্পাউন্ড ডেনসহ সীমানা প্রাচীর নির্মাণের প্রয়োজন পড়ে। সীমানা প্রাচীর নির্মাণের ক্ষেত্রে কার্যস্থলের ইজিএল হতে এফজিএল এর উচ্চতা ১৭ ফুট এবং সীমানা প্রাচীরের উচ্চতা ৬ ফুট হওয়ায় কলামের উচ্চতা করা হয়েছে ২৩ ফুট। ফলে সীমানা

প্রাচীর নির্মাণে ২টি গ্রেড বীম নির্মাণ করার প্রয়োজনীয়তা দেখা দেয়। উল্লেখিত অবস্থা বিবেচনা করে সীমানা প্রাচীর নির্মাণের দর বিস্তারিত প্রাক্কলনের ভিত্তিতে বিবেচনা করা হয়েছে। প্রকল্পটির ১ম সংশোধনের পূর্বে উক্ত ভবনের ৯০% কাজ সমাপ্ত হয়। ১ম সংশোধনে কম্পাউন্ড ড্রেন, সীমানা প্রাচীর ও আনুষঙ্গিক অঙ্গসহ ডিপিপি অনুযায়ী ভবনটি নির্মাণের লক্ষ্যে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী মূল্য নির্ধারণ করা হয়। ১ম সংশোধনের অনুমোদনের পরে ছাত্রী হোস্টেল ভবনের অবশিষ্ট ১০% কাজ সমাপ্ত সহ আনুষঙ্গিক অঙ্গসমূহের কাজ বাস্তবায়ন শুরু করা হয়। প্যাকেজ নং WD-10 Compound Drain & Compound wall in Female Hostel Building এর আওতায় ছাত্রী হোস্টেল ভবনের কম্পাউন্ড ড্রেনসহ সীমানা প্রাচীর নির্মাণ কাজ এখনো সমাপ্ত করা হয়নি।

সর্বশেষ অগ্রগতিঃ ভবনটির ৪র্থ তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ইটের গাঁথুনি, প্লাস্টার, চোকাঠ, দরজার কাঠের পাল্লা, জানালার থাই, গ্রীল, টাইলস, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ সহ আনুষঙ্গিক কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। ভবনটিতে দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে। ভবনটি হস্তান্তরের আগে তৃতীয় কোট রং সম্পন্ন করে হস্তান্তর কাজ সম্পন্ন করা হবে।



পুরুষ ডাক্তার ডরমেটরী ভবনঃ

গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রকল্পটির মূল ডিপিপি প্রণীত হয়েছিল। ডিপিপি অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। ২০১১ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল এর আলোকে প্রাক্কলন অনুমোদন সাপেক্ষে ২০১৩ সালে দরপত্র আহ্বান করা হয়। মেডিকেল কলেজ সংলগ্ন কুষ্টিয়া-রাজবাড়ী সড়কের উপরিভাগকে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় ভবনের প্লীম্বে প্রায় ১৮ ফুট বালি ভরাট করার প্রয়োজন হয়। ফলে বালি ভরাটের পরিমাণ, আরসিসি কাজের পরিমাপ, রডের পরিমাণ ইত্যাদি বৃদ্ধি পায়। ডিপিপি মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে কাজের অনেক সুবিধাদি (Scope) কমিয়ে ৬তলা ফাউন্ডেশন ও ৩তলা পর্যন্ত দরপত্র আহ্বান করা হয়েছে। তাছাড়া স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থাপত্য নকশা এবং ডিজাইন বিভাগ কর্তৃক প্রদত্ত কাঠামোগত নকশা অনুযায়ী কাজ করায় বিভিন্ন আইটেমের কাজের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে, অনুমোদিত ডিপিপিতে উক্ত কাজের প্রাক্কলন প্রণয়ন কালে সুপার স্ট্রাকচার-এর ৫ম তলার দর বিবেচনার সময় ভুলবশতঃ টাঃ ১৩,০৬০/= এর পরিবর্তে ১,৩৬০/= বিবেচনা করা হয়েছিল। অর্থাৎ (১৩০৬০-১৩৬০)=১১,৭০০ টাকা কম বিবেচনা করায় মোট ২৩২.২৫ বর্গ মিটার @ ১১৭০০ টাকা হিসাবে মোট টাকা ২৭,১৭,৩২৫ কম যা ডিপিপি মূল্য এর সহিত যোগ করলে (২৭,১৭,৩২৫ + ২,২০,০৪,৪৩৭) = ২,৪৭,২১,৭৬২ প্রকৃত ডিপিপি মূল্য হতো। প্রকল্পটির ১ম সংশোধনের পূর্বে উক্ত ভবনের ৯০% কাজ সমাপ্ত হয়। ১ম সংশোধনে ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলার সহ ভবনটিতে ১০,০০০ গ্যালন ভূ-গর্ভস্থ জলাধার, ড্রেন এবং কম্পাউন্ড ওয়াল নির্মাণের জন্য আনুষঙ্গিক অঙ্গসহ ডিপিপি অনুযায়ী ভবনটি নির্মাণের লক্ষ্যে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী মূল্য পুনঃনির্ধারণ করে ১ম সংশোধন অনুমোদনের পরে পুরুষ ডাক্তার ডরমেটরী ভবনের ৩তলা পর্যন্ত অবশিষ্ট ১০% কাজ সমাপ্ত সহ ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলা সহ অনুসঙ্গিক অঙ্গসমূহের কাজ বাস্তবায়ন শুরু করা হয়। প্যাকেজ নং WD-12 Vertical Extension of Single

Doctors Accommodation (Male) from 3rd Floor to 5th floor in/c ancillary work এর আওতায় পুরুষ ডাক্তার ডরমেটরী ভবনের নির্মাণ কাজ এখনো সমাপ্ত করা হয়নি।

সর্বশেষ অগ্রগতিঃ ভবনটির ৬ষ্ঠ তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ইটের গাঁথুনী, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল, টাইলস, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ (পাইপ ওয়্যারিং) ৬ষ্ঠ তলা পর্যন্ত সমাপ্ত হয়েছে। ফিনিশিং কাজ চলমান আছে। ৬ষ্ঠ তলা পর্যন্ত দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে। ভবনটি হস্তান্তরের আগে জানালার খাই, সেনিটারী ও বৈদ্যুতিক ফিটিংস স্থাপন ও তৃতীয় কোট রং সম্পন্ন করে হস্তান্তর কাজ সম্পন্ন করা হবে। ফিনিশিং কাজ চলমান আছে।



মহিলা ডাক্তার ডরমেটরী ভবনঃ

গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রকল্পটির মূল ডিপিপি প্রণীত হয়েছিল। ডিপিপি অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। ২০১১ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল এর আলোকে প্রাক্কলন অনুমোদন সাপেক্ষে ২০১৩ সালে দরপত্র আহবান করা হয়। মেডিকেল কলেজ সংলগ্ন কুষ্টিয়া-রাজবাড়ী সড়কের উপরিভাগকে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় ভবনের প্লীন্সে প্রায় ২০-০ ফুট বালি ভরাট করার প্রয়োজন হয়। ফলে বালি ভরাটের পরিমাণ, আরসিসি কাজের পরিমাণ, রডের পরিমাণ ইত্যাদি বৃদ্ধি পায়। ডিপিপি মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে কাজের অনেক সুবিধাদি (Scope) কমিয়ে ৬তলা ফাউন্ডেশন ও ৩তলা পর্যন্ত দরপত্র আহবান করা হয়েছে। তাছাড়া স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থাপত্য নকশা এবং ডিজাইন বিভাগ কর্তৃক প্রদত্ত কাঠামোগত নকশা অনুযায়ী কাজ করায় বিভিন্ন আইটেমের কাজের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। তাছাড়া বিশেষ ভাবে উল্লেখ্য যে, অনুমোদিত ডিপিপিতে আলোচিত কাজের প্রাক্কলন প্রণয়ন কালে সুপার ষ্ট্রাকচার এর ৫ম তলার দর বিবেচনার সময় ভুলবশতঃ টাঃ ১৩০৬০/= এর পরিবর্তে ১৩৬০/= বিবেচনা করা হয়েছিল। অর্থাৎ (১৩০৬০-১৩৬০)=১১৭০০ কম বিবেচনা করায় মোট ২৩২.২৫ বর্গ মিটার @ ১১৭০০ টাকা হিসাবে মোট টাকা ২৭,১৭,৩২৫.০০ কম যা ডিপিপি মূল্য এর সহিত যোগ করলে (২৭,১৭,৩২৫+২,২০,০৪,৪৩৭) = ২,৪৭,২১,৭৬২ প্রকৃত ডিপিপি মূল্য দাড়ায়। প্রকল্পটির ১ম সংশোধনের পূর্বে উক্ত ভবনের ৯২% কাজ সমাপ্ত হয়। ১ম সংশোধনে ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলার সহ ভবনটিতে ১০,০০০ গ্যালন ভূ-গর্ভস্থ জলাধার, ড্রেন এবং কম্পাউন্ড ওয়াল নির্মাণের জন্য আনুষঙ্গিক অঙ্গসহ ডিপিপি অনুযায়ী ভবনটি নির্মাণের লক্ষ্যে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী মূল্য পুনঃনির্ধারণ করা হয়েছে। ১ম সংশোধনের অনুমোদনের পরে অবশিষ্ট ৮% কাজ সমাপ্ত সহ ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলা সহ আনুষঙ্গিক অঙ্গসমূহের কাজ বাস্তবায়ন শুরু করা হয়। প্যাকেজ নং WD-14 Vertical Extension of Single Doctors Accommodation (Female) from 3rd Floor to 5th floor in/c ancillary work এর আওতায় মহিলা ডাক্তার ডরমেটরী ভবনের নির্মাণ কাজ এখনো সমাপ্ত করা হয়নি।

সর্বশেষ অগ্রগতিঃ ভবনটির ৬ষ্ঠ তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ইটের গাঁথুনী, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল, টাইলস, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ (পাইপ ওয়্যারিং) নিচ থেকে ৩য় তলা পর্যন্ত সমাপ্ত হয়েছে। দরজার কাঠের

পাল্লা ও জানালার থাই ওয় তলা পর্যন্ত এবং ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলায় কাজ চলমান আছে। ওয় তলা পর্যন্ত দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে। ভবনটি হস্তান্তরের আগে তৃতীয় কোট রং সম্পন্ন করে হস্তান্তর কাজ সম্পন্ন করা হবে। ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলার ফিনিশিং কাজ চলমান আছে।

স্টাফ নার্স ডরমেটরী ভবনঃ

গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রকল্পটির মূল ডিপিপি প্রণীত হয়েছিল। ডিপিপি অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল এর আলোকে প্রাক্কলন অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। ২০১৩ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল আলোকে প্রাক্কলন অনুমোদন সাপেক্ষে ২০১৬ সালে দরপত্র আহবান করা হয়। মেডিকেল কলেজ সংলগ্ন কুষ্টিয়া- রাজবাড়ী সড়কের উপরিভাগে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় ভবনের প্লীন্সে প্রায় ১৮-০ ফুট বালি ভরাট করার প্রয়োজন হয়। ফলে বালি ভরাটের পরিমাণ, আরসিসি কাজের পরিমাপ, রডের পরিমাণ ইত্যাদি বৃদ্ধি পায়। ডিপিপি মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে কাজের অনেক সুবিধাদি (Scope) কমিয়ে ডিপিপি মূল্যের মধ্যে দরপত্র আহবান করা হয়েছিল। ১ম সংশোধনে ভবনটিতে ১০,০০০ গ্যালন ভূ-গর্ভস্থ জলাধার, ড্রেন এবং কম্পাউন্ড ওয়াল নির্মাণের জন্য আনুষঙ্গিক অঙ্গসহ ডিপিপি অনুযায়ী ভবনটি নির্মাণের লক্ষ্যে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী মূল্য পুনঃনির্ধারণ করা। ১ম সংশোধনের অনুমোদনের পরে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী স্টাফ নার্স ডরমেটরীর কাজ শুরু করা হয়েছে।

সর্বশেষ অগ্রগতিঃ ভবনটির ২য় তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ২য় তলা পর্যন্ত ইটের গাঁথুনী, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল সমাপ্ত হয়েছে। ফিনিশিং কাজ চলমান আছে এবং ওয় তলার কলাম ঢালাইয়ের প্রস্তুতি চলছে। ওয় তলা থেকে ৪র্থ তলা পর্যন্ত ভার্তিক্যাল এক্সটেনশনের কাজ শুরু করা সম্ভব হয় নাই।

ইমারজেন্সি স্টাফ নার্স ডরমেটরী ভবনঃ

গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রকল্পটির মূল ডিপিপি প্রণীত হয়েছিল। ডিপিপি অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। মেডিকেল কলেজ সংলগ্ন কুষ্টিয়া-রাজবাড়ী সড়কের উপরিভাগে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় ভবনের প্লীন্সে প্রায় ১৮ ফুট বালি ভরাট করার প্রয়োজন হয়। ফলে বালি ভরাটের পরিমাণ, আরসিসি কাজের পরিমাপ, রডের পরিমাণ ইত্যাদি বৃদ্ধি পায়। ১ম সংশোধনে ভবনটিতে ৫,০০০ গ্যালন ভূ-গর্ভস্থ জলাধার, ড্রেন এবং কম্পাউন্ড ওয়াল নির্মাণের জন্য আনুষঙ্গিক অঙ্গসহ ডিপিপি অনুযায়ী ভবনটি নির্মাণের লক্ষ্যে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী মূল্য পুনঃনির্ধারণ করা হয়। ১ম সংশোধনের অনুমোদনের পরে ভবন সহ আনুষঙ্গিক অঙ্গসমূহের কাজ বাস্তবায়ন শুরু করা হয়। প্যাকেজ নং WD-14 Construction of 4 storied Emergency Staff Dormitory (Hospital) Building with 6 Storied Foundation এর আওতায় ইমারজেন্সি স্টাফ নার্স ডরমেটরী ভবনের নির্মাণ কাজ শুরু করা হয়েছে।

সর্বশেষ অগ্রগতিঃ ভবনটির পাইল ড্রাইভ এর কাজ সমাপ্ত করে ভবনের প্লীন্স পর্যন্ত বালি ভরাট করা হয়েছে। ১ম তলার কলাম ঢালাই সম্পন্ন হয়েছে। ১ম তলার ছাদ ঢালাইয়ের জন্য সাটারিং সম্পন্ন রড বাঁধাই করার এর প্রস্তুতি চলছে।

আবাসিক ভবন (হাসপাতাল) (১৮০০ ও ১৫০০ বঃফুঃ) ভবনঃ

গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রকল্পটির মূল ডিপিপি প্রণীত হয়েছিল। ডিপিপি অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল এর আলোকে প্রাক্কলন অনুমোদন সাপেক্ষে ২০১৫ সালে দরপত্র আহবান করা হয়। ২০১১ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল পরিবর্তন হওয়ায়, মেডিকেল কলেজ সংলগ্ন কুষ্টিয়া-রাজবাড়ী সড়কের উপরিভাগে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় ভবনের প্লীন্সে প্রায় ১৮ফুট বালি ভরাট করার প্রয়োজন হয়। ফলে বালি ভরাটের পরিমাণ, আরসিসি কাজের পরিমাপ, রডের পরিমাণ ইত্যাদি বৃদ্ধি পায়। ডিপিপি মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে কাজের অনেক সুবিধাদি (Scope) কমিয়ে ৬তলা ফাউন্ডেশন ও ১ম তলা পর্যন্ত দরপত্র আহবান করা হয়েছিল। প্রকল্পটির ১ম সংশোধনের পূর্বে উক্ত ভবনের ৬০% কাজ সমাপ্ত হয়। ১ম সংশোধনে ২য় তলা সহ আনুষঙ্গিক অঙ্গসহ ডিপিপি অনুযায়ী ভবনটি নির্মাণের লক্ষ্যে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরে রেট সিডিউল অনুযায়ী মূল্য পুনঃনির্ধারণ করা হয়েছে। ১ম সংশোধনের

অনুমোদনের পরে ৬তলা ফাউন্ডেশন ও ১ম তলা আবাসিক ভবনের অবশিষ্ট ৪০% কাজ সমাপ্ত সহ ২য় তলা সহ আনুষঙ্গিক অঙ্গসমূহের কাজ বাস্তবায়ন শুরু করা হয়। প্যাকেজ নং WD-19 Vertical Extention of Residential accommodation building 1st floor (1800 & 1500 sft) (For Hospital) in/c ancillary work এর আওতায় উক্ত আবাসিক ভবনের নির্মাণ কাজ শুরু করা হয়েছে।

সর্বশেষ অগ্রগতিঃ ভবনটির ৩য় তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ইটের গাঁথুনী, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল, টাইলস, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ ৩য় তলা পর্যন্ত সমাপ্ত হয়েছে। ৩য় তলা পর্যন্ত দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে। ভবনটি হস্তান্তরের আগে দরজার কাঠের পাল্লা, জানালার থাই, সেনিটারী ও বৈদ্যুতিক ফিটিংস স্থাপন এবং তৃতীয় কোট রং সম্পন্ন করে হস্তান্তর কাজ সম্পন্ন করা হবে। ফিনিশিং কাজ চলমান আছে। ভার্টিক্যাল এক্সটেনশন কাজের ৩য় তলার ঢালাই সম্পন্ন হয়েছে। গাঁথুনির কাজ চলছে।

আবাসিক ভবন (প্রিন্সিপাল, ভাইস প্রিন্সিপাল, পরিচালক ও উপ-পরিচালক) (১৮০০ ও ১৫০০ বঃফুঃ) ভবনঃ

গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রকল্পটির ডিপিপি প্রণীত হয়েছিল। ডিপিপি অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। ২০১১ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল এর আলোকে প্রাক্কলন অনুমোদন সাপেক্ষে ২০১৩ সালে দরপত্র আহবান করা হয়। ২০১১ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল পরিবর্তন হওয়ায়, মেডিকেল কলেজ সংলগ্ন কুষ্টিয়া-রাজবাড়ী সড়কের উপরিভাগকে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় ভবনের প্লীন্থে প্রায় ১৫ ফুট বালি ভরাট করার প্রয়োজন হয়। ফলে বালি ভরাটের পরিমাণ, আরসিসি কাজের পরিমাপ, রডের পরিমাণ ইত্যাদি বৃদ্ধি পায়। ডিপিপি মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে কাজের অনেক সুবিধাদি (Scope) কমিয়ে ৬তলা ফাউন্ডেশন ও ১ম ও ২য় তলার ২ ইউনিট পর্যন্ত দরপত্র আহবান করা হয়েছিল। প্রকল্পটির ১ম সংশোধনের পূর্বে উক্ত ভবনের ৯২% কাজ সমাপ্ত হয়। ১ম সংশোধনে ৩য় তলার ২ ইউনিট সহ ড্রেন এবং কম্পাউন্ড ওয়াল নির্মাণের জন্য ডিপিপি অনুযায়ী ভবনটি নির্মাণ সমাপ্ত করার লক্ষ্যে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী খসড়া প্রাক্কলন অনুসরণ করে মূল্য পুনঃনির্ধারণ করা হয়েছে। ১ম সংশোধনের অনুমোদনের পরে অবশিষ্ট ৮% কাজ সমাপ্ত সহ ৩য় তলার ২ ইউনিট সহ আনুষঙ্গিক অঙ্গসমূহের কাজ বাস্তবায়ন করা শুরু করা হয়। প্যাকেজ নং WD-21 Vertical Extension of Residential Accommodation Building (1800 & 1500 sft) College & Hospital (Principal, Director, Vice- Principal & Deputy Director) from 2nd floor (1500 sft) in/c ancillary work এর আওতায় উক্ত আবাসিক ভবনের নির্মাণ কাজ এখনো সমাপ্ত করা হয়নি।

সর্বশেষ অগ্রগতিঃ ভবনটির ২য় তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ২য় তলা পর্যন্ত ইটের গাঁথুনী, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল, টাইলস, জানালার থাই, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ সমাপ্ত হয়েছে। ২য় তলা পর্যন্ত দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে। ফিনিশিং কাজ চলমান আছে। ভার্টিক্যাল এক্সটেনশন কাজের ৩য় তলার ঢালাই সম্পন্ন হয়েছে। গাঁথুনির কাজ চলছে।



আবাসিক ভবন (হাসপাতাল) (১০০০ ও ১০০০বঃফুঃ) ভবনঃ

প্রকল্পটির ডিপিপি গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রণীত হয়েছিল। ডিপিপি অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল এর আলোকে প্রাক্কলন অনুমোদন সাপেক্ষে ২০১৫ সালে দরপত্র আহবান করা হয়। ২০১১ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল পরিবর্তন হওয়ায়, মেডিকেল কলেজ সংলগ্ন কুষ্টিয়া-রাজবাড়ী সড়কের উপরিভাগকে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় ভবনের প্লীন্সে প্রায় ১৪'-৬" ফুট বালি ভরাট করার প্রয়োজন হয়। ফলে বালি ভরাটের পরিমাণ, আরসিসি কাজের পরিমাপ, রডের পরিমাণ ইত্যাদি বৃদ্ধি পায়। ডিপিপি মূল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে কাজের অনেক সুবিধাদি (Scope) কমিয়ে ৬তলা ফাউন্ডেশন সহ ১ম ও ২য় তলার দরপত্র আহবান করা হয়েছিল। প্রকল্পটির ১ম সংশোধনের পূর্বে উক্ত ভবনের ৯০% কাজ সমাপ্ত হয়। ১ম সংশোধনে ওয়াটার ট্যাংক, ড্রেন এবং কম্পাউন্ড ওয়াল নির্মাণের জন্য ডিপিপি অনুযায়ী ভবনটি নির্মাণের লক্ষ্যে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী খসড়া প্রাক্কলন অনুসরণ করে মূল্য পুনঃনির্ধারণ করা হয়েছে। ১ম সংশোধনের অনুমোদনের পর অবশিষ্ট ১০% কাজ সমাপ্ত সহ আনুষঙ্গিক অঙ্গসমূহের কাজ বাস্তবায়ন শুরু করা হয়। প্যাকেজ নং WD-23 Compound Drain & Compound Wall in (1000 & 1000 sft) in/c ancillary work এর আওতায় উক্ত আবাসিক ভবনের নির্মাণ কাজ এখনো সমাপ্ত করা হয়নি।

সর্বশেষ অগ্রগতিঃ ভবনটি ইটের গাঁথুনী, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল, টাইলস্, জানালার থাই, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ সমাপ্ত হয়েছে। টাইলস্, দরজার পাল্লা ও থাই জানালার কাজ চলমান আছে। ২য় তলা পর্যন্ত দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে।

আবাসিক ভবন (হাসপাতাল) (৮০০ ও ৬০০ বঃফুঃ) ভবনঃ

প্রকল্পটির ডিপিপি গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রণীত হয়েছিল। ডিপিপি অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। মেডিকেল কলেজ সংলগ্ন কুষ্টিয়া-রাজবাড়ী সড়কের উপরিভাগকে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় ভবনের প্লীন্সে প্রায় ১৮-০ ফুট বালি ভরাট করার প্রয়োজন হবে। ফলে বালি ভরাটের পরিমাণ, আরসিসি কাজের পরিমাপ, রডের পরিমাণ ইত্যাদি বৃদ্ধি পায়। ১ম সংশোধনে ভবনটিতে ১০,০০০ গ্যালন ভূ-গর্ভস্থ জলাধার, ড্রেন এবং কম্পাউন্ড ওয়াল নির্মাণের জন্য আনুষঙ্গিক অঙ্গসহ ডিপিপি অনুযায়ী ভবনটি নির্মাণের লক্ষ্যে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী খসড়া প্রাক্কলন অনুসরণ করে মূল্য পুনঃনির্ধারণ করা হয়েছে। ১ম সংশোধন অনুমোদনের পর আবাসিক ভবন সহ আনুষঙ্গিক অঙ্গসমূহের কাজ বাস্তবায়ন শুরু করা হয়।

সর্বশেষ অগ্রগতিঃ ভবনটির পাইল ড্রাইভ এর কাজ সমাপ্ত হয়েছে। পাইল ক্যাপ ঢালাই ডিজাইন পাওয়া যায় নাই।


প্রকল্পটির ডিপিপি গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী প্রণীত হয়েছিল। ডিপিপি অনুমোদন এবং কাজ শুরু হয় ২০১২ সালে। মেডিকেল কলেজ সংলগ্ন কুষ্টিয়া-রাজবাড়ী সড়কের উপরিভাগকে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় ভবনের প্লীন্সে প্রায় ১৮ ফুট বালি ভরাট করার প্রয়োজন হয়েছে। ফলে বালি ভরাটের পরিমাণ, আরসিসি কাজের পরিমাপ, রডের পরিমাণ ইত্যাদি বৃদ্ধি পায়। ১ম সংশোধনে ভবনটিতে ১০,০০০ গ্যালন ভূ-গর্ভস্থ জলাধার, ড্রেন এবং কম্পাউন্ড ওয়াল নির্মাণের জন্য আনুষঙ্গিক অঙ্গসহ ডিপিপি অনুযায়ী ভবনটি নির্মাণের লক্ষ্যে ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী খসড়া প্রাক্কলন অনুসরণ করে মূল্য পুনঃনির্ধারণ করা হয়েছে। ১ম সংশোধন অনুমোদনের পর মসজিদের কাজ বাস্তবায়ন শুরু করা হয়।

সর্বশেষ অগ্রগতিঃ ভবনটির ডিপিপিতে ২০০০.০০ বর্গফুট প্লিন্থ এরিয়া ধরা ছিল। সে অনুযায়ী দরপত্র আহবান করে চুক্তি সম্পন্ন করা হয়। পরবর্তীতে প্লিন্থ এরিয়া বৃদ্ধি পেয়ে ১ম সংশোধিত ডিপিপিতে ৪৪৯০.০০ বর্গফুট অনুমোদিত হয়েছে। সে অনুযায়ী আর্কিটেক্ট ও স্ট্রাকচার নকশা অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। ২৮/১০/২০১৫ সালে NOA দেওয়া হয়েছে। কিন্তু কাজ শুরু করা সম্ভব হয় নাই।

উপরে উল্লেখিত ভবন গুলো ছাড়াও ইন্টার্নী হোস্টেল (পুরুষ), ইন্টার্নী হোস্টেল (মহিলা), সাব-স্টেশন, মর্গ, ব্যাংক, পোস্ট অফিস, জিমনেসিয়াম ও ইনডোর গেমস এর জন্য বানিজ্যিক ভবন, সলিড ওয়েস্ট ডিসপোজেল সিস্টেম, সুয়ারেজ সিস্টেম, সীমানা প্রাচীর সহ যেসব আঞ্জের কাজ ২০১৮ সালে মধ্যে শেষ করা হয়নি সেসব অঙ্গসমূহ ১ম সংশোধনী

ডিপিপিতে ২০১৪ সালের গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল অনুযায়ী খসড়া প্রাক্কলন অনুসরণ করে মূল্য পুনঃনির্ধারণ করা হয়েছে। যার ফলে প্রতিটি ভবনের নির্মাণ ব্যয় প্রায় ১৮% বেড়ে যায়।

বিদ্যুৎ সংযোগ দিতে না পারার ফলে হাসপাতাল ভবন, একাডেমিক ভবন, ছাত্র-ছাত্রীদের হোস্টেল, ডক্টরস ডরমেটরীসমূহ সম্পন্ন হলেও যথা সময়ে হস্তান্তর করা সম্ভব হবে না। তাই যত দূত সম্ভব সাব-স্টেশন ভবনের কাজ দূত সমাপ্ত করে বিদ্যুৎ সংযোগ দিতে হবে। এছাড়াও যে সকল নির্মাণ কাজের জন্য দরপত্র আহ্বান করা হয় নাই সেসকল কাজের জন্য দূত দরপত্র আহ্বান করা প্রয়োজন। প্রকল্পটির ইতোমধ্যে আট বছর অতিক্রম হওয়ার পরেও গণপূর্ত অধিদপ্তর কর্তৃক এখনো হাসপাতাল ভবন এবং একাডেমিক ভবনের মত গুরুত্বপূর্ণ ভবন নির্মাণ সম্পন্ন করে হস্তান্তর করা সম্ভব হয়নি। ২০১৯-২০ অর্থবছরের ৩১ ডিসেম্বর হতে প্রকল্পের মেয়াদ শেষ হয়েছে। বর্তমানে নির্মাতা প্রতিষ্ঠানের প্রায় ৩০.০০ কোটি টাকার কাজের বকেয়া বিল দাখিল রয়েছে এবং কাজগুলি চলমান আছে। প্রকল্প সংশোধন অনুমোদন ও মেয়াদ বৃদ্ধি না হওয়ায় তা পরিশোধ করা সম্ভব হচ্ছেনা; ফলে প্রকল্প বাস্তবায়ন বাধাগ্রস্ত হচ্ছে।



৩.২। প্রকল্পের ক্রয় কার্যক্রম



পিপিআর ২০০৮ অনুযায়ী ক্রয় প্রক্রিয়া সম্পর্কিত তথ্যাদি সংগ্রহের জন্য নির্মাণ সংক্রান্ত তথ্যাদি গণপূর্ত অধিদপ্তরের স্থানীয় দপ্তর থেকে পরীক্ষা করা হয়েছে। এছাড়াও পণ্য ও সেবা সংক্রান্ত তথ্য প্রকল্প দপ্তর থেকে সংগ্রহ ও পরীক্ষা করা হয়েছে। উক্ত দপ্তর থেকে যে সকল নমুনা সংগ্রহ করা হয়েছে তা নিয়মতান্ত্রিক ভাবে সংরক্ষিত ছিল। প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা অনুসরণ করা হয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য নিম্নে উল্লেখিত বিভিন্ন দলিল পর্যালোচনা ও পর্যবেক্ষণ করা হয়েছে।

- স্বাক্ষরিত চুক্তিপত্র (contract agreement);
- চুক্তি সম্পাদন নোটিশ (notification of award);
- দরপত্র এবং উহার পরিশিষ্ট (tender and appendix to tender);
- চুক্তির বিশেষ শর্তাদি (particular conditions of contract);
- চুক্তির সাধারণ শর্তাদি (general condition of contract);
- কারিগরী বিনির্দেশ (technical specifications);
- সাধারণ বিনির্দেশ (general specifications)।


৩.২.১। প্রকল্পের ক্রয় পরিকল্পনা ও প্রকৃত অগ্রগতি

কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্পের ডিপিপি অনুযায়ী পণ্য ক্রয় সংক্রান্ত ১২টি, কার্য ক্রয় সংক্রান্ত ৭১টি এবং সেবা ক্রয় সংক্রান্ত ১টি সহ মোট ৮৪টি প্যাকেজ রয়েছে। কার্য ক্রয় সংক্রান্ত ৭১টি এর মধ্যে ৩১টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়েছে। পণ্য ক্রয় সংক্রান্ত প্যাকেজের ১২টির মধ্যে ৪টি বাস্তবায়িত হয়েছে। তন্মধ্যে গাড়ি ক্রয় সংক্রান্ত একটি পণ্যের প্যাকেজ রয়েছে যা ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। ভৌত অবকাঠামো নির্মাণের গতি আশাব্যঞ্জক না হওয়ায় পণ্যের ক্রয় কার্যক্রম শুরু করা হয়নি। সেবা ক্রয় সংক্রান্ত প্যাকেজটিও ক্রয় সম্পন্ন হয়েছে।

কার্য ক্রয় সংক্রান্ত অঙ্গভিত্তিক অগ্রগতির তথ্য নিম্নরূপ:



উপরে উল্লেখিত লেখচিত্র থেকে দেখা যায় যে, প্রকল্পের মোট ক্রয় প্যাকেজের ১৫% পণ্য ক্রয়ে, ৮৪% কার্য ক্রয়ে এবং ১% সেবা ক্রয়ের জন্য সংস্থান রয়েছে। প্রকল্পটি ডিসেম্বর ২০১৯ নাগাদ শেষ হবার কথা থাকলেও প্যাকেজের সংখ্যা বিবেচনায় ৫৮% ক্রয় প্যাকেজের এখন পর্যন্ত দরপত্র আহ্বান করা হয়নি এবং ৪২% ক্রয় প্যাকেজের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে।



৩.২.২। প্রকল্পের কার্য ক্রয় সংক্রান্ত প্যাকেজের প্রকৃত অগ্রগতি পর্যালোচনা

প্রকল্পটি বাস্তবায়নের জন্য কার্য খাতে প্যাকেজ সংখ্যা ৭১টি। কার্য ক্রয়ের প্যাকেজসমূহের ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ, চুক্তি স্বাক্ষরের তারিখ, চুক্তি সম্পন্নের তারিখ, বাস্তবে এর বাস্তবায়ন এবং ডিপিপি থেকে প্রকৃত বাস্তবায়নের ব্যত্যয় নিম্নের সরণীতে তুলে ধরা হলো।

সারণী ৩.৫ প্যাকেজ অনুযায়ী চুক্তি মূল্য ও ঠিকাদারের নাম

Building Name	Package No	Description of Procurement Package	Name of the Contractor including JV	Contract Amount
Hospital Building	WD1	Construction of 3 storied Hospital Building with 10 storied foundation in/c variation work.	TEAL-JAHIRUL LTD (JV)	9224.367
	WD4	Vertical Extension of Hospital Building from 3 rd floor to 6 th floor in/c ancillary work	Biswas Trading Construction (BT&C) –Md Mizanur (MMR) & M/S Liton traders/ JV	6991.046
Academic Building	WD5	Construction of 4 storied Academic Building with 6 storied foundation in/c variation work	MEC Engineers & Construction Ltd	3309.088
	WD6	Vertical Extension of Academic Building from 4 th floor to 5 th floor in/c ancillary Work	MEC Engineers & Construction Ltd	932.535
Hostel Building (Male)	WD7	Construction of 4 storied hostel building (Male) with 6 storied foundation in/c variation work	N. Hossain- Shamim	909.686
Hostel Building (Female)	WD9	Construction of 4 storied Hostel building (Female) with 6 Storied foundation in/c variation work	IB-GA (JV)	1047.360

Single Doctors Accommodation (Male)	WD11	Construction of 3 storied Single doctors accommodation (Male) With 6 storied foundation in/c variation work	M/S Shamim Enterprise	216.106
	WD12	Vertical Extension of Single doctors accommodation (Male) from 3 rd floor to 5 th floor in/c ancillary work	Ataur Rahman Ata	163.254
Single Doctors Accommodation (Female)	WD13	Construction of 3 storied Single doctors accommodation (Female) with 6 storied foundation in/c variation work	KE-NI-ZT (JV)	220.483
	WD14	Vertical Extension of Single doctors accommodation (Female) from 3 rd Floor to 5 th floor in/c ancillary work	Ataur Rahman Ata	163.305
Staff Nurses Dormitory	WD15	Construction of 4 storied Staff nurses dormitory Building with 6 storied foundation	Shamim Enterprise Salam Construction Ltd	220.694 124.123
Emergency Staff Dormitory (hospital)	WD16	Construction of 4 storied Emergency staff dormitory (hospital) Building with 6 storied foundation	Ataur Rahman Ata	165.244
Residential accommodation building (1800&1500 sft) (For Hospital)	WD18	Construction of 1 storied Residential accommodation building (1800&1500 sft) (For Hospital) with 6 storied foundation	Galaxy- Rowshon (JV)	366.442
	WD19	Vertical Extension of Residential accommodation building 1 st floor (1800 & 1500 sft) (For Hospital) in/c ancillary work	Galaxy Associatse	164.924
Residential accommodation building (1800 & 1500 sft) College & Hospital	WD20	Construction of 3 storied Residential accommodation building (1800 & 1500 sft) College & Hospital (Principal, Director, Vice-principal & Deputy Director) with 6 storied foundation in/c variation work	N. Hossain & Shamim (JV)	572.982
	WD21	Vertical extension of Residential accommodation building (1800 & 1500 sft) College & Hospital (Principal. Director, Vice- principal & Deputy Director) from 2 nd floor (1500 sft) in/c ancillary work	Ataur Rahman Ata	86.050
Residential accommodation building (1000 & 1000 sft)	WD22	Construction of 3 storied Residential accommodation building (1000 & 1000 sft) (hospital) with 6 storied foundation in/c variation work	Galaxy Associates	290.768
Residential accommodation building (800 & 600 sft)	WD24	Construction of 3 storied Residential accommodation building (800 & 600 sft) (Hospital) with 6 storied foundation	Shamim Enterprise	316.791

উপরের টেবিলটি বিশ্লেষণে দেখা যায় যে, Md. Ataur Rahman Ata একাই চারটি কাজ পেয়েছেন মাঠ পর্যায়ে প্রাপ্ত তথ্য মতে Md. Ataur Rahman Ata চারটি কাজের অগ্রগতি খুবই কম। অপরদিকে Shamim Enterprise ৫টি, Galaxy Associatse ৩টি, MEC Engineers & Construction Ltd ২টি, N. Hossain ২টি এবং অন্যান্য ঠিকাদাররা একটি করে কাজ পেয়েছে। ডিপিপিতে কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতালের প্রকল্পের ক্রয় সংক্রান্ত নির্দেশনা ও পরিকল্পনা দেওয়া আছে। এই প্রকল্পের বহরভিত্তিক পরিকল্পনা উপরোক্ত সারণিতে উপস্থাপন করা হয়েছে। কার্য ক্রয় সংক্রান্ত প্যাকেজের ৭১টি প্যাকেজের কথা সংশোধিত ডিপিপিতে উল্লেখিত আছে যা ডিসেম্বর ২০১৯ এর মধ্যে কাজ সমাপ্তির জন্য নির্ধারিত ছিল। যে সকল পূর্ত কাজের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে তার কোনটি চুক্তি অনুযায়ী কাজ সম্পন্নের তারিখের মধ্যে সময়মত বাস্তবায়ন সম্ভব হয়নি।

সারণী ৩.৬ ডিপিপি অনুযায়ী চুক্তি স্বাক্ষরের তারিখ এবং চুক্তি সম্পনের তারিখ

ভবনের নাম	প্যাকেজ নং এবং প্যাকেজের নাম		চুক্তি স্বাক্ষর	চুক্তি সম্পন্ন	
হাসপাতাল ভবন	WD1	Construction of 3 storied Hospital Building with 10 storied foundation in/c variation work.	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	১৫/৬/২০১৫	১৪/৬/২০১৮
			বাস্তব	১৫/০৬/২০১৫	১৫/০৬/২০১৮
	WD4	Vertical Extension of Hospital Building from 3 rd floor to 6 th floor in/c ancillary work	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	১/৫/২০১৮	১/৮/২০১৮
			বাস্তব	২৪/১২/২০১৮	৩১/০৭/২০১৯
একাডেমিক ভবন	WD5	Construction of 4 storied Academic Building with 6 storied foundation in/c variation work	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	২৩/০৭/২০১৩	২৩/৩/২০১৫
			বাস্তব	২৩/০৭/২০১৩	২৩/০৩/২০১৫
	WD6	Vertical Extension of Academic Building from 4 th floor to 5 th floor in/c ancillary Work	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	৪/৮/২০১৮	৩/৮/২০১৯
			বাস্তব	১৪/১০/২০১৮	১৩/০১/২০১৯
ছাত্র হোস্টেল	WD7	Construction of 4 storied hostel building (Male) with 6 storied foundation in/c variation work	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	২২/৫/২০১৩	২২/১১/২০১৪
			বাস্তব	২২/০৫/২০১৩	২২/১১/২০১৪
ছাত্রীদের হোস্টেল	WD9	Construction of 4 storied Hostel building (Female) with 6 Storied foundation in/c variation work	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	২২/৫/২০১৩	২২/১১/২০১৪
			বাস্তব	২২/০৫/২০১৩	২২/১১/২০১৪
সিঙ্গেল ডক্টরস আ্যাকমেডেশন (পুরুষ)	WD11	Construction of 3 storied Single doctors accommodation (Male) With 6 storied foundation in/c variation work	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	১২/৯/২০১৩	১৫/১/২০১৫
			বাস্তব	১২/৯/২০১৩	১২/১২/২০১৪
	WD12	Vertical Extension of Single doctors accommodation (Male) from 3 rd floor to 5 th floor in/c ancillary work	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	৪/৮/২০১৮	৩/৮/২০১৯
			বাস্তব	০২/১০/২০১৮	১০/৩/২০১৯
সিঙ্গেল ডক্টরস আ্যাকমেডেশন (মহিলা)	WD13	Construction of 3 storied Single doctors accommodation (Female) with 6 storied foundation in/c variation work	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	৮/৯/২০১৩	৮/১/২০১৫
			বাস্তব	৮/৯/২০১৩	৩১/১২/২০১৪
	WD14	Vertical Extension of Single doctors accommodation (Female) from 3 rd Floor to 5 th floor in/c ancillary work	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	৪/৮/২০১৮	৩/৮/২০১৯
			বাস্তব	০২/১০/২০১৮	১০/৩/২০১৯
স্টাফ নার্সেস ডরমেটরী	WD15	Construction of 4 storied Staff nurses dormitory Building with 6 storied foundation	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	১০/৮/২০১৬	৯/৮/২০১৭
			বাস্তব	২৯/০৯/২০১৬ ১৪/১০/২০১৮	৩১/১২/২০১৭ ৯/১/২০১৯
ইমার্জেন্সী নার্সেস ডরমেটরী	WD16	Construction of 4 storied Emergency staff dormitory (hospital) Building with 6 storied foundation	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	৪/৮/২০১৮	৩/৮/২০১৯
			বাস্তব	০২/১০/২০১৮	১০/৩/২০১৯
আবাসিক ভবন (হাসপাতাল) (১৮০০ এবং ১৫০০ বর্গফুট)	WD18	Construction of 1 storied Residential accommodation building (1800&1500 sft) (For Hospital) with 6 storied foundation	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	৩/৪/২০১৬	২/৭/২০১৭
			বাস্তব	৩/৪/২০১৬	২৫/০৭/২০১৭
	WD19	Vertical Extention of Residential accommodation building 1 st floor (1800 & 1500 sft) (For Hospital) in/c ancillary work	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	৩/৮/২০১৮	২/২/২০১৯
			বাস্তব	০৪/১০/২০১৮	০৯/১/২০১৯
আবাসিক ভবন	WD 20	Construction of 3 storied Residential accommodation building (1800 &	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	৭/৭/২০১৪	৭/১০/২০১৫

ভবনের নাম	প্যাকেজ নং এবং প্যাকেজের নাম		চুক্তি স্বাক্ষর	চুক্তি সম্পন্ন	
মেডিকেল কলেজের অধ্যক্ষ ও হাসপাতালের পরিচালকের আবাসিক ভবন (১৮০০ এবং ১৫০০ বর্গফুট)		1500 sft) College & Hospital (Principal, Director, Vice/ principal & Deputy Director) with 6 storied foundation in/c variation work	বাস্তব	৭/৭/২০১৪	৭/১০/২০১৫
	WD21	Vertical extension of Residential accommodation building (1800 & 1500 sft) College & Hospital (Principal. Director, Vice/ principal & Deputy Director) from 2 nd floor (1500 sft) in/c ancillary work	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	৩/৮/২০১৮	২/২/২০১৮
আবাসিক ভবন (১০০০ এবং ১০০০ বর্গফুট)	WD22	Construction of 3 storied Residential accommodation building (1000 & 1000 sft) (hospital) with 6 storied foundation in/c variation work	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	১৪/১০/২০১৪	২৯/৬/২০১৭
			বাস্তব	১৪/১০/২০১৪	১৪/০১/২০১৬
আবাসিক ভবন (৮০০ এবং ৬০০ বর্গফুট)	WD24	Construction of 3 storied Residential accommodation building (800 & 600 sft) (Hospital) with 6 storied foundation	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	৩/৮/২০১৮	২/৮/২০১৯
			বাস্তব	০২/১০/২০১৮	১৫/৪/২০১৯

৩.২.৩। কেস স্টাডি (প্রকল্পের ক্রয় সংক্রান্ত বাস্তবায়ন পর্যালোচনা)

৩.২.৩.১। দরপত্র অনুযায়ী কাজের নাম: 1.Establishment of kushtia Medical college and Hospital (S.H: Construction of 3 storied Hospital Building with 10 storied foundation (Civil, sanitary & Electrical Work). 2. Establishment of kushtia Medical college and Hospital (S.H: Vertical Extension of Hospital Building from 3rd floor to 6th floor in/c ancillary work).

১. মন্ত্রণালয়/ বিভাগ: স্বাস্থ্য সেবা বিভাগ
২. বাস্তবায়নকারী সংস্থা: গণপূর্ত অধিদপ্তর
৩. দরপত্র অনুযায়ী কাজের নাম: 1.Establishment of kushtia Medical college and Hospital (S.H: Construction of 3 storied Hospital Building with 10 storied foundation (Civil, sanitary & Electrical Work).
৪. দরপত্র দলিল প্রস্তুত ও অনুমোদনের তারিখ: ২৯/৬/২০১৪
৫. দরপত্র প্রকাশিত পত্রিকাসমূহের নাম ও তারিখ: তথ্য পাওয়া যায় নাই
৬. দরপত্র সিপিটিইউ-এর ওয়েব সাইটে দেয়া হয়েছে কি-হয়েছে।
৭. দরপত্র বিক্রয়ের প্রথম তারিখ: ২৯/৬/২০১৪
৮. দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়: ১১/৮/২০১৪ (৫ ঘটিকা)
৯. দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়: ১২/৮/২০১৪ (১২ ঘটিকা)
১০. দরপত্র খোলার তারিখ ও সময়: ১২/৮/২০১৪ (৩:০০ ঘটিকা)
১১. প্রাপ্ত মোট দরপত্রের সংখ্যা ও নাম: ৩ টি
১২. দরপত্র মূল্যায়ন কমিটির মোট সদস্য সংখ্যা: তথ্য পাওয়া যায় নাই
১৩. রেসপনসিভ দরপত্রের সংখ্যা ও নাম: ৩টি
 - TEAL-JAHIRUL LTD (JV).
 - NOORANI Construction LTD.
 - MMR- RB (JV).
১৪. দরপত্র কমিটিতে বহির্সদস্য কতজন আছেন: ২ জন (দরপত্র খোলা)
১৫. দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ/তারিখসমূহ: ২২/৪/২০১৫
১৬. দরপত্র মূল্যায়ন প্রতিবেদন দাখিলের তারিখ: ১১/৯/২০১৪

১৭. প্রতিবেদন অনুমোদনের তারিখ: ২২/৪/২০১৫

১৮. মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনকারী কর্তৃপক্ষ ও তার বিস্তারিত বিবরণ: মো: আনোয়ার হোসেন, যুগ্ম- সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, নির্মাণ অধিশাখা।

১৯. চূড়ান্ত নির্বাচিত দরদাতার নাম:

➤ TEAL-JAHIRUL LTD (JV)

➤ Biswas Tradring Construction (BT&C) –Md Mizanur (MMR) & M/S Liton traders/ JV.

২০. Notification of Award প্রদানের তারিখ: ২০/৫/২০১৫

২১. চুক্তি স্বাক্ষরের তারিখ: ১৫/৬/২০১৫

২২. মোট চুক্তিমূল্য: ৯২,২৪,৩৬,৭২০.১১ টাকা

২৩. দাপ্তরিক প্রাক্কলিত মূল্য: ৯২,৪২,০৪,৭৭৪.০০ টাকা

২৪. কার্যাদেশ প্রদানের তারিখ: ১৫/৬/২০১৫

৩.২.৩.২। দরপত্র অনুযায়ী কাজের নাম: Establishment of kushtia Medical college and Hospital (S.H: Vertical Extension of Hospital Building from 3rd floor to 6th floor in/c ancillary work).

১. মন্ত্রণালয়/ বিভাগ: স্বাস্থ্য সেবা বিভাগ

২. বাস্তবায়নকারী সংস্থা: গণপূর্ত অধিদপ্তর

৩. দরপত্র অনুযায়ী কাজের নাম: Establishment of kushtia Medical college and Hospital (S.H: Vertical Extension of Hospital Building from 3rd floor to 6th floor in/c ancillary work).

৪. দরপত্র দলিল প্রস্তুত ও অনুমোদনের তারিখ: ৩০/৭/২০১৮ (ইজিপি টেন্ডার আইডি - ২১৪৯৫১)

৫. দরপত্র পকাশিত পত্রিকাসমূহের নাম ও তারিখ: তথ্য পাওয়া যায় নাই

৬. দরপত্র সিপিটিইউ-এর ওয়েব সাইটে দেয়া হয়েছে কি-হয়েছে।

৭. দরপত্র বিক্রয়ের প্রথম তারিখ: ৩০/৭/২০১৮ (ইজিপি টেন্ডার আইডি - ২১৪৯৫১)

৮. দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়: ২৯/৮/২০১৮ (৪ ঘটিকা)

৯. দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়: ৩০/৮/২০১৮ (১:৪৫ মিনিট)

১০. দরপত্র খোলার তারিখ ও সময়: ৩০/৮/২০১৮ (২:০০ ঘটিকা)

১১. প্রাপ্ত মোট দরপত্রের সংখ্যা ও নাম: ২টি

১২. দরপত্র মূল্যায়ন কমিটির মোট সদস্য সংখ্যা: ৩ জন

১৩. রেসপনসিভ দরপত্রের সংখ্যা ও নাম: ২টি

i. Biswas Tradring Construction (BT&C) –Md Mizanur (MMR) & M/S Liton traders/ JV.

ii. NATIONTECH- BANGA (JV)

১৪. দরপত্র কমিটিতে বহিস্ৰদস্য কতজন আছেন: তথ্য পাওয়া যায় নাই

১৫. দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ/তারিখসমূহ: ১৮/১০/২০১৮

১৬. দরপত্র মূল্যায়ন প্রতিবেদন দাখিলের তারিখ: ২৮/১০/২০১৮

১৭. প্রতিবেদন অনুমোদনের তারিখ: ২৬/১১/২০১৮

১৮. মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনকারী কর্তৃপক্ষ ও তার বিস্তারিত বিবরণ: প্রকৌশলী মো: মমিতুর রহমান, সিনিয়র সহকারী প্রধান, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, পরিকল্পনা-২।

১৯. চূড়ান্ত নির্বাচিত দরদাতার নাম: Biswas Tradring Construction (BT&C) –Md Mizanur (MMR) & M/S Liton traders/ JV.

২০. Notification of Award প্রদানের তারিখ: ৪/১২/২০১৮

২১. চুক্তি স্বাক্ষরের তারিখ: ২৪/১২/২০১৮

২২. মোট চুক্তিমূল্য: ৬৯, ৯১,০৪,৬৪১.৬৭৬ টাকা

২৩. দাপ্তরিক প্রাক্কলিত মূল্য: ৬৬,৬৩,৫২,৬১২.১৪৯ টাকা

২৪. কার্যাদেশ প্রদানের তারিখ: ২৪/১২/২০১৮

৩.২.৩.৩। দরপত্র অনুযায়ী কাজের নাম: 1. Establishment of Kushtia Mediclal College and Hospital (S.H: Construction of Academic Building)

১. মন্ত্রণালয়/ বিভাগ: স্বাস্থ্য সেবা বিভাগ
২. বাস্তবায়নকারী সংস্থা: গণপূর্ত অধিদপ্তর
৩. দরপত্র অনুযায়ী কাজের নাম: 1. Establishment of Kushtia Mediclal College and Hospital (S.H:Construction of Academic Building)
৪. দরপত্র দলিল প্রস্তুত ও অনুমোদনের তারিখ: ১১/১২/২০১২
৫. দরপত্র প্রকাশিত পত্রিকাসমূহের নাম ও তারিখ: সমকাল ১২/১২/২০১২, ফিন্যান্সিয়াল এক্সপ্রেস ১২/১২/২০১২
৬. দরপত্র সিপিটিইউ-এর ওয়েব সাইটে দেয়া হয়েছে কি-না: হয়েছে
৭. সিপিটিইউ ও পিডব্লিউডি ওয়েব সাইটে প্রকাশিত হওয়ার তারিখ: ২০/১২/২০১২
৮. দরপত্র বিক্রয়ের প্রথম তারিখ: ১১/১২/২০১২
৯. দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়: ১৪/১/২০১৩
১০. দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়: ১৫/১/২০১৩ ১২:০০ ঘটিকা
১১. দরপত্র খোলার তারিখ ও সময়: ১৫/১/২০১৩ ২:০০ ঘটিকা
১২. প্রাপ্ত মোট দরপত্রের সংখ্যা ও নাম: ১. ৬ টি
 - M/s M.N. Enterprise,
 - M/s Mollik Enterprise,
 - Islam trading corporation,
 - M/s Razon Associates & Sam International (Engr's) Ltd,
 - MMR-FEL-JAHIRUL LIMITED,
 - MEC ENGINEER & CONSTRUCTION LTD.
১৩. দরপত্র মূল্যায়ন কমিটির মোট সদস্য সংখ্যা: ৬ জন
১৪. রেসপনসিভ দরপত্রের সংখ্যা ও নাম: ১ টি MEC ENGINEER & CONSTRUCTION LTD.
১৫. দরপত্র কমিটিতে বহির্সদস্য কতজন আছেন: তিন জন
১৬. দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ: ১৩/৩/২০১৩
১৭. দরপত্র মূল্যায়ন প্রতিবেদন দাখিলের তারিখ: ১১/৩/২০১৩
১৮. প্রতিবেদন অনুমোদনের তারিখ: ২৩/৬/২০১৩
১৯. মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনকারী কর্তৃপক্ষ ও তার বিস্তারিত বিবরণ: মো: মনিরুজ্জামান, উপ-সচিব, স্বাস্থ্য ও পরিবার কন্যাণ মন্ত্রণালয়, নির্মাণ অধিশাখা।
২০. চূড়ান্ত নির্বাচিত দরদাতার নাম: MEC ENGINEER & CONSTRUCTION LTD.
২১. Notification of Award প্রদানের তারিখ: ২৬/০৬/২০১৩
২২. চুক্তি স্বাক্ষরের তারিখ: ২৩/০৭/২০১৩
২৩. মোট চুক্তিমূল্য: ২৯,৮১,৪৭,৮৮৮.০০টাকা
২৪. দাপ্তরিক প্রাক্কলিত মূল্য: ২৬,৪৪,১৮৬৭০.০০
২৫. কার্যাদেশ প্রদানের তারিখ: ২৩/৭/২০১৩
২৬. কাজ শুরুর তারিখ: ২৩/৭/২০১৩
২৭. কাজ সম্পন্ন করার তারিখ: ১. ২৩-০৩-২০১৫

৩.২.৩.৪। দরপত্র অনুযায়ী কাজের নাম: Establishment of Kushtia Mediclal College and Hospital (S.H: Construction of Academic Building) (Vertical Extension of 4th floor and 5th floor). (Civil, sanitary & Electrification)

১. মন্ত্রণালয়/ বিভাগ: স্বাস্থ্য সেবা বিভাগ
২. বাস্তবায়নকারী সংস্থা: গণপূর্ত অধিদপ্তর

৩. দরপত্র অনুযায়ী কাজের নাম: Establishment of Kushtia Mediclal College and Hospital (S.H: Construction of Academic Building) (Vertical Extension of 4th floor and 5th floor). (Civil,sanitary & Electrification)
৪. দরপত্র দলিল প্রস্তুত ও অনুমোদনের তারিখ: ২৬/৭/২০১৮
৫. দরপত্র প্রকাশিত পত্রিকাসমূহের নাম ও তারিখ:
৬. দরপত্র সিপিটিইউ-এর ওয়েব সাইটে দেয়া হয়েছে কি-না: হয়েছে
৭. সিপিটিইউ ও পিডব্লিউডি ওয়েব সাইটে প্রকাশিত হওয়ার তারিখ:
৮. দরপত্র বিক্রয়ের প্রথম তারিখ: ২৬/৭/২০১৮
৯. দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়: ২৬/৮/২০১৮
১০. দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়: ২৭/৮/২০১৮ ১৪:৩০
১১. দরপত্র খোলার তারিখ ও সময়: ২৭/৮/২০১৮ ১৪:৩০
১২. প্রাপ্ত মোট দরপত্রের সংখ্যা ও নাম:
১৩. দরপত্র মূল্যায়ন কমিটির মোট সদস্য সংখ্যা (দরপত্র মূল্যায়ন কমিটি গঠন সম্পর্কিত তথ্য সংযুক্ত করুন):
১৪. রেসপনসিভ দরপত্রের সংখ্যা ও নাম:
১৫. দরপত্র কমিটিতে বহিস্কার কতজন আছেন:
১৬. দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ/তারিখসমূহ:
১৭. দরপত্র মূল্যায়ন প্রতিবেদন দাখিলের তারিখ:
১৮. প্রতিবেদন অনুমোদনের তারিখ:
১৯. মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনকারী কর্তৃপক্ষ ও তার বিস্তারিত বিবরণ:
২০. চূড়ান্ত নির্বাচিত দরদাতার নাম:
২১. Notification of Award প্রদানের তারিখ: ০১/১০/২০১৮
২২. চুক্তি স্বাক্ষরের তারিখ: ১৪/১০/২০১৮ ইং।
২৩. মোট চুক্তিমূল্য: ৯,৩২,৫৩,৫৬৭.৭৭৬ টাকা।
২৪. দাপ্তরিক প্রাক্কলিত মূল্য: ৯,৪৫,০৫,৩৪০.৯৪৭ টাকা।
২৫. কার্যাদেশ প্রদানের তারিখ: ১৪/১০/২০১৮
২৬. কাজ শুরুর তারিখ: ১৪/১০/২০১৮
২৭. কাজ সম্পন্ন করার তারিখ: ১৩-০৭-২০১৯

গণপূর্ত অধিদপ্তরের ২০১৪-১৫ সালে টেন্ডার প্রক্রিয়ার দুর্বলতার কারণসমূহ চিহ্নিত করে গণপূর্তের কুষ্টিয়া জেলার নির্বাহী প্রকৌশলী ২০১৮-১৯ অর্থ বছরে যে সকল টেন্ডার আহবান করেছেন তার সকল টেন্ডার বিজ্ঞপ্তি CPTU-এর ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আহবান করেছিলেন। এমনকি পূর্ব ২০১৪-১৫ সালের Eligibility of Tenderer এর ক্ষেত্রে 'eligibility criteria is optional for other partner' সুযোগটি ২০১৮-১৯ অর্থবছরের টেন্ডার থেকে বাদ দেওয়া হয়েছিল। এমনকি কয়েকটি টেন্ডার আহবানের ক্ষেত্রে 'JVCA Not Allow' শর্ত জুড়ে দেওয়া হয়েছিল। ২০১৪-১৫ সালের টেন্ডার প্রক্রিয়ার দুর্বলতার কারণসমূহ চিহ্নিত করে ২০১৭-১৮ সালে গণপূর্ত অধিদপ্তরের তৎকালীন নির্বাহী প্রকৌশলী টেন্ডার আহবানের ক্ষেত্রে 'JVCA Not Allow' শর্ত জুড়ে দেওয়ার ফলে অদক্ষ ঠিকাদারদের কাজ পাওয়ার সম্ভাবনা হ্রাস পায়। ভবিষ্যতে গণপূর্তের সকল নির্মাণ কাজের বিজ্ঞপ্তি অবশ্যই CPTU ওয়েবসাইটে প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। সাথে সাথে সুপারস্ট্রাকচার কোন ভবন নির্মাণের ক্ষেত্রে JVCA Partner-দের অবশ্যই eligibility criteria নির্ধারণ করতে হবে।

৩.৩। উদ্দেশ্য অর্জন

নং	উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
১.	চিকিৎসার শিক্ষার জন্য অবকাঠামো নির্মাণ করা।	চিকিৎসার শিক্ষার জন্য অবকাঠামো নির্মাণ কাজের প্রায় ৫৫% সম্পন্ন হয়েছে। কিন্তু সকল নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ার ফলে এখনো চিকিৎসার শিক্ষার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির ক্রয় কাজ শুরু করা যায়নি। ফলে আট বছর পার হয়ে গেলেও এখনো পূর্ণাঙ্গ ভাবে চিকিৎসার শিক্ষার কার্যক্রম চালু করা সম্ভব হয়নি।
২.	চিকিৎসক তৈরীর মাধ্যমে চিকিৎসক এবং জনসাধারণের আনুপাতিক হার যৌক্তিক করা।	কুষ্টিয়া মেডিকেল কলেজ শিক্ষা কার্যক্রম ২০১১ সালে যাত্রা শুরু করে। প্রতি বছর প্রায় ৫০ জন করে এমবিবিএস কোর্সে ভর্তি হয়ে থাকেন।
৩.	চিকিৎসা শিক্ষাকে বিকেন্দ্রিকরণ করা।	বর্তমানে দেশ ২৮টি সরকারী মেডিকেল কলেজ রয়েছে যার মাধ্যমে প্রতিবছর প্রায় ৩১০০ জন করে এমবিবিএস কোর্সে ভর্তির সুযোগ পেয়ে থাকেন।
৪.	প্রান্তিক জেলার তৃণমূল জনসাধারণ পর্যায়ে চিকিৎসা সুবিধা নিশ্চিত করা।	প্রকল্পটির মাধ্যমে নির্মানাধীন ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল ভবন এখনো নির্মাণ শেষ হয়নি। হাসপাতাল ভবন নির্মাণ শেষ না হওয়ার ফলে প্রয়োজনীয় যন্ত্রপাতির ক্রয়ের কাজ এখনো শুরু করা যায়নি। ফলে আট বছর পার হয়ে গেলেও এখনো পূর্ণাঙ্গ ভাবে প্রান্তিক জেলাটির তৃণমূল জনসাধারণের চিকিৎসা সুবিধা নিশ্চিত করা সম্ভব হয়নি।
৫.	চিকিৎসা শিক্ষার চাহিদা পূরণ করা।	প্রকল্পটি চিকিৎসা শিক্ষার চাহিদা পূরণে ভূমিকা রাখছে। তবে সকল নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ার ফলে এখনো চিকিৎসার শিক্ষার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির স্থাপন করা হয়নি। ফলে আট বছর পার হয়ে গেলেও এখনো পূর্ণাঙ্গ ভাবে চিকিৎসার শিক্ষার কার্যক্রম চালু করা সম্ভব হয়নি। ফলে এমবিবিএস কোর্সে ভর্তি শিক্ষার্থীদের চিকিৎসা শিক্ষার চাহিদা পূরণ সম্ভব হচ্ছে না।
৬.	হাসপাতালকে ক্লিনিক্যাল এবং ব্যবহারিক পরীক্ষাগার হিসাবে মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য উপযোগী করা।	নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ার ফলে এখনো চিকিৎসার শিক্ষার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির স্থাপন করা হয়নি। ফলে চিকিৎসা শিক্ষার কার্যক্রম চালু করা সম্ভব হলেও হাসপাতালটিকে ক্লিনিক্যাল এবং ব্যবহারিক পরীক্ষাগার হিসাবে মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য উপযোগী করা এখনো সম্ভব হয়নি।
৭.	কুষ্টিয়া ও তার পার্শ্ববর্তী জেলার জনগণের জন্য আধুনিক চিকিৎসা সেবা প্রদান করা।	হাসপাতাল ভবন নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ার ফলে এখনো চিকিৎসার জন্য প্রয়োজনীয় আধুনিক যন্ত্রপাতির স্থাপন করা হয়নি। ফলে আট বছর অতিবাহিত হলেও কুষ্টিয়া ও তার পার্শ্ববর্তী জেলার জনগণকে এখনো আধুনিক চিকিৎসা সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না।
৮.	উপযুক্ত এবং আধুনিক চিকিৎসা সুবিধার উপযোগী পরিকাঠামো তৈরী করা।	উপযুক্ত এবং আধুনিক চিকিৎসা সুবিধার উপযোগী পরিকাঠামো তৈরী করার অংশ হিসেবে অবকাঠামো নির্মাণ কাজের প্রায় ৫৫% সম্পন্ন হয়েছে।
৯.	বিশেষ পরিসেবার প্রদানের মাধ্যমে বিনা মূল্যে কার্যকর স্বাস্থ্য সেবা নিশ্চিত করা।	প্রকল্পের কাজ সমাপ্ত হলে বিশেষ পরিসেবার প্রদানের মাধ্যমে বিনা মূল্যে কার্যকর স্বাস্থ্য সেবা নিশ্চিত করা সম্ভব হবে।
১০.	শিশু এবং মাতৃ মৃত্যুর হার হ্রাস নিশ্চিত করা।	প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করার মাধ্যমে উপযুক্ত এবং আধুনিক চিকিৎসা সুবিধার উপযোগী পরিকাঠামো তৈরী করা হলে শিশু এবং মাতৃ মৃত্যুর হার হ্রাস নিশ্চিত করা সম্ভব হবে।
১১.	চিকিৎসা সেবার মাধ্যমে	প্রয়োজনীয় আধুনিক যন্ত্রপাতির স্থাপন করে উন্নত চিকিৎসা সেবার প্রদানের

	মানুষের আয়ুষ্কাল বৃদ্ধি করা।	মাধ্যমে মানুষের আয়ুষ্কাল বৃদ্ধি করা সম্ভব। তবে সবার আগে প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত করতে হবে। এখন পর্যন্ত অবকাঠামো নির্মাণ কাজের মাত্র ৫৫% সম্পন্ন হয়েছে।
১২.	ডাক্তার এবং অন্যান্য পেশার জনগণের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।	প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন নেওয়া হলে দ্রুত ডাক্তার এবং অন্যান্য পেশার জনগণের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা সম্ভব হবে। প্রকল্পটিতে ডাক্তার এবং নার্সদের থাকার সুব্যবস্থা নিশ্চিত একাধিক ভবন নির্মাণ কাজ চলমান আছে।

৩.৩.১। প্রকল্পের লক্ষ্যে পর্য্যালোচনা

	সংক্ষিপ্ত বর্ণনা	বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক
	<p>লক্ষ্য</p> <ul style="list-style-type: none"> চিকিৎসা বিজ্ঞানে চিকিৎসার সুযোগ প্রসারিত করা। স্বাস্থ্য সেবা প্রদানের জন্য দেশে অধিক চিকিৎসক তৈরি করা। <p>পর্যালোচনাঃ প্রকল্পটির বাস্তবায়ন সম্পন্ন হলে চিকিৎসা বিজ্ঞানে চিকিৎসার সুযোগ প্রসারিত করা এবং স্বাস্থ্য সেবা প্রদানের জন্য দেশে অধিক চিকিৎসক তৈরি করা সম্ভব হবে।</p>	<ul style="list-style-type: none"> প্রতিবছর অতিরিক্ত ১০০ জন মেধাবী ছাত্র ছাত্রী চিকিৎসা বিজ্ঞানে শিক্ষা গ্রহণ করতে সক্ষম হবে। প্রশিক্ষণ সুবিধা প্রসারিত করতে হবে। <p>পর্যালোচনাঃ প্রকল্পটির বাস্তবায়ন সম্পন্ন হলে ছাত্র ছাত্রী চিকিৎসা বিজ্ঞানে শিক্ষা গ্রহণ করতে সক্ষম হবে এবং প্রশিক্ষণ সুবিধা প্রসারিত করা সম্ভব হবে।</p>
	<p>উদ্দেশ্য</p> <ul style="list-style-type: none"> মেডিকেল শিক্ষার জন্য অবকাঠামো তৈরি। আরো চিকিৎসক তৈরির মাধ্যমে চিকিৎসক- জন সাধারণের অনুপাত যুক্তিযুক্ত করা। চিকিৎসা শিক্ষা বিকেন্দ্রীকরণ করা। প্রান্তিক জেলায় তৃণমূল জনসাধারণ পর্যায়ে চিকিৎসা সুবিধা নিশ্চিত করা। চিকিৎসা শিক্ষার চাহিদা পূরণ করা। হাসপাতালকে ক্লিনিক্যাল এবং ব্যবহারিক পরীক্ষাগার হিসেবে মেডিকেল কলেজের ছাত্র ছাত্রীদের জন্য উপযোগী করা। <p>পর্যালোচনাঃ প্রকল্পটির বাস্তবায়ন সম্পন্ন হলে প্রকল্পের উদ্দেশ্য অর্জন করা সম্ভব হবে।</p>	<ul style="list-style-type: none"> শিক্ষার্থীদের মধ্যে একডেমিক পরিবেশ করতে। প্রতিবছর ১০০ জন নবীন চিকিৎসক তৈরি হবে। <p>পর্যালোচনাঃ প্রকল্পটি বাস্তবায়ন সম্পন্ন হলে শিক্ষার্থীদের জন্য একডেমিক পরিবেশ তৈরী করে নবীন চিকিৎসক প্রস্তুত করা সম্ভব হবে।</p>
	<p>ইনপুট</p> <ul style="list-style-type: none"> মেডিকেল ছাত্র ছাত্রীদের জন্য ভৌত অবকাঠামো নির্মাণ রোগীর চিকিৎসা সেবা এবং মেডিকেল ছাত্র ছাত্রীদের ব্যবহারিক শিক্ষার প্রয়োজনে হাসপাতাল স্থাপন 	<p>ডিসেম্বর/ ২০১৯ ইং এর মধ্যে নিম্ন বর্ণিত অবকাঠামোসমূহ তৈরি করা হবে ৪২৬২২.৬৯ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে।</p> <ul style="list-style-type: none"> কলেজ একাডেমিক ভবন নির্মাণ ব্যয় ৪৪৪৫.৩৪ লক্ষ টাকা। হাসপাতাল ভবন নির্মাণ ব্যয় ২০০৩৮.০২ লক্ষ

- জমি অধিগ্রহণ
- প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ।

মোট খরচঃ ৬১১০৮.৪৬ লক্ষ টাকা।

পর্যালোচনাঃ প্রকল্পটি বাস্তবায়নে ৬১১০৮.৪৬ লক্ষ টাকার বেশী ব্যয় হবে।

টাকা।

- অন্যান্য নির্মাণ ব্যয় ১৮১৩৯.৩৩ লক্ষ টাকা।
- ৩০ একর জমির মূল্য ৪৮৬৯.১২ লক্ষ টাকা।

সম্পদ ও সংগ্রহঃ

- গাড়ীর মূল্য বাবদ ২৪৬.১৯ লক্ষ টাকা ব্যয় হবে।
- যন্ত্রপাতি মূল্য বাবদ ৮৭৪৭.৮৫ লক্ষ টাকা ব্যয় হবে।
- আসবাবপত্রের মূল্য বাবদ ২৬২৭.৩৯ লক্ষ টাকা ব্যয় হবে।
- টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি বাবদ ২৬ লক্ষ টাকা ব্যয় হবে।

পর্যালোচনাঃ রোট সিডিউল মোতাবেক নির্মাণ কাজ যথাসময়ে কাজ সম্পন্ন করা সম্ভব না হওয়ায় প্রকল্পটি বাস্তবায়নে অতিরিক্ত অর্থ ব্যয় হবে।

৩.৪। প্রকল্প ব্যবস্থাপনা

এ প্রকল্পটির প্রত্যাশী সংস্থা হলো স্বাস্থ্য অধিদপ্তর। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের সামগ্রিক নির্দেশনা ও তত্ত্বাবধায়নে প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। একজন প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত) এর অধীনে প্রকল্পের দৈনন্দিন কার্যাবলী বাস্তবায়ন হয়ে থাকে। এ পর্যন্ত ৩ জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ পেয়েছেন। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৬১১.০৮ কোটি টাকা। তাই এ প্রকল্পে পূর্ণকালীন প্রকল্প পরিচালক থাকার কথা। কিন্তু অধিকাংশ সময়েই এ প্রকল্পের প্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। তবে বর্তমানে প্রকল্প পরিচালক পূর্ণকালীন দায়িত্বে আছেন। প্রকল্পটি জানুয়ারি ২০১২ সাল থেকে শুরু হলেও নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ করা হয় আগস্ট ২০১২ সালে। প্রকল্পের নির্মাণ কার্যক্রমের মনিটরিং সম্পর্কে প্রকল্প পরিচালক জানান যে, তিনি পেশায় একজন চিকিৎসক বিধায় নির্মাণ কাজের মনিটরিং সম্পর্কে তার পূর্ব অভিজ্ঞতা নেই। বর্তমানে কোন নির্মাণ কাজের দরপত্র আহ্বান ও এসংক্রান্ত ইভালুয়েশন কমিটিতে তিনি সদস্য নন। নির্মাণ কাজের সাথে তিনি কোন ভাবে সম্পৃক্ত নন। তবে গণপূর্ত অধিদপ্তর থেকে নির্মাণ কাজের মাসিক প্রতিবেদন তার দপ্তরে সরবরাহ করা হয়। প্রকল্পের জন্য জনবলসহ পিআইইউ ইউনিট গঠন করা হয়েছে। নিম্নে প্রকল্প পরিচালকদের তথ্য উপস্থাপন করা হল

নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	মেয়াদকাল	দায়িত্বের প্রকৃতি
১	অধ্যাপক ডাঃ ইফতেখার মাহমুদ	প্রকল্প পরিচালক	২/৮/২০১২-২১/৯/২০১৫	অতিরিক্ত দায়িত্ব
২	ডাঃ মোহাম্মদ আশরাফ উল হক	প্রকল্প পরিচালক	২০/৩/২০১৬-২৩/৪/২০১৯	অতিরিক্ত দায়িত্ব
৩	ডাঃ মোহাম্মদ আমিনুল ইসলাম	প্রকল্প পরিচালক	২৪/৪/২০১৯- অদ্যাবধি	পূর্ণকালীন

প্রকল্পের ভৌত নির্মাণ কাজের দায়িত্বে রয়েছে গণপূর্ত অধিদপ্তর। প্রকল্প পরিচালক দপ্তর হতে বরাদ্দকৃত অর্থে গণপূর্ত অধিদপ্তর প্রকল্প বাস্তবায়ন করে থাকে। মাঠ পর্যায়ে প্রকল্পের কার্যক্রম বিশেষ করে নির্মাণ কাজ সংশ্লিষ্ট কুষ্টিয়া জেলার নির্বাহী প্রকৌশলী এবং তার অধীনে সহকারী প্রকৌশলী ও উপ সহকারী প্রকৌশলীর সার্বিক তদারকির মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। তবে এখানে উল্লেখ্য যে প্রকল্প বাস্তবায়নকালীন বিভিন্ন সময়ে কুষ্টিয়া জেলার নির্বাহী প্রকৌশলী বদল হয়েছেন। যা কাম্য নয়। নিম্নে ২০১২ থেকে কর্মরত গণপূর্ত অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী সম্পর্কিত তথ্যাদি উপস্থাপন করা হল

নং	কর্মকর্তার নাম	পদবী	মেয়াদকাল	দায়িত্বের প্রকৃতি
১	জনাব মোঃ শাহীন মিয়া	নির্বাহী প্রকৌশলী	৩০/৭/২০১২-২৪/৯/২০১৩	পূর্ণকালীন
২	জনাব শহীদ মোঃ কবীর	নির্বাহী প্রকৌশলী	২৪/৯/২০১৩-৩/২/২০১৬	পূর্ণকালীন
৩	জনাব মোঃ আহসান উল্লাহ	নির্বাহী প্রকৌশলী	৩/২/২০১৬-২৮/২/২০১৬	অতিরিক্ত দায়িত্ব
৪	জনাব মোঃ জাকির হোসেন	নির্বাহী প্রকৌশলী	২৮/২/২০১৬-১৬/১০/২০১৬	পূর্ণকালীন
৫	জনাব মোঃ মশিউর রহমান	নির্বাহী প্রকৌশলী	১৬/১০/২০১৬-৩১/০৫/২০১৭	পূর্ণকালীন
৬	শফিউল আলম হান্নান	নির্বাহী প্রকৌশলী	৩১/০৫/২০১৭-৩১/১/২০১৯	পূর্ণকালীন
৭	আশিস ডি-কস্টা	নির্বাহী প্রকৌশলী	৩১/১/২০১৯ - ১২/২/২০১৯	অতিরিক্ত দায়িত্ব
৮	জনাব মোঃ আরিফুল ইসলাম	নির্বাহী প্রকৌশলী	১২/২/২০১৯ - অদ্যবধি	পূর্ণকালীন

প্রকল্প চলাকালীন সময়ে আট বছরে আট জন গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী নিয়োগ পেয়েছেন। এছাড়া গণপূর্ত অধিদপ্তরের প্রকল্প মেয়াদের আট বছরে সাত বার পরিবর্তন হয়েছে। যার মধ্যে ৫ জন নির্বাহী প্রকৌশলী পূর্ণকালীন মেয়াদে এবং ২ জন নির্বাহী প্রকৌশলীর অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। বস্তুত অতিরিক্ত দায়িত্ব পালনকারী দুইজন নির্বাহী প্রকৌশলী ঐ দপ্তরের পূর্বের নির্বাহী প্রকৌশলীর বদলী জনিত কারণে অন্য কর্মস্থলে যোগদান করায় এবং পরবর্তী নিয়মিত নির্বাহী প্রকৌশলী উক্ত কর্মস্থলে যোগদান পর্যন্ত সময়কালে দায়িত্বরত ছিলেন।

৩.৫। সম্ভাব্য টেকসই পরিকল্পনা (Exit Plan)

১. মেডিকেল কলেজটি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করে শিক্ষা ব্যবস্থা নিয়মিতভাবে চালু রাখতে হবে;
২. হাসপাতালের স্বাস্থ্য সেবা, ঔষধপত্র ও মেডিকেল যন্ত্রাংশসমূহ সরকারীভাবে সরবরাহ করার ব্যবস্থা করা যেতে পারে;
৩. প্রকল্পের অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কারের জন্য গণপূর্ত অধিদপ্তরের কুষ্টিয়া সার্কেলের আওতায় একটি ইউনিট গঠন করে দায়িত্ব প্রদান করা যেতে পারে;
৪. প্রকল্প সমাপ্ত হওয়ার পর রাজস্ব বাজেটের আওতায় পরিচালনা ও বাস্তবায়নের জন্য কি কি ব্যবস্থা নেয়া হতে পারে তা প্রকল্পের ডিপিপিতে সুনির্দিষ্ট করে উল্লেখ করা প্রয়োজন;
৫. চিকিৎসক, স্বাস্থ্য প্রযুক্তিবিদ ও সহায়ক পদে পর্যায়ক্রমে জনবল নিয়োগের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে; এবং
৬. প্রকল্পটির Sustainability নিশ্চিত সম্ভাব্য Exit Plan অনুসরণ করা যেতে পারে।

চতুর্থ অধ্যায়

প্রকল্পের সবল ও দুর্বল দিক পর্যালোচনা

৪.১। সবল দিক

১. ৬১১.০৮ কোটি টাকার প্রকল্পটি শতভাগ জিওবি অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে।
২. একই সাথে মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপনে একসাথে ২৮ একর জমির প্রাপ্যতা যা কুষ্টিয়া ও এর পার্শ্ববর্তী জেলাসমূহের স্বাস্থ্য সেবা প্রদানে এক উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।
৩. কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপনের মাধ্যমে কুষ্টিয়া ও পার্শ্ববর্তী জেলার জনগণকে আধুনিক মানের চিকিৎসা সেবা প্রদানসহ জনসংখ্যার সাথে সামঞ্জস্য রেখে আনুপাতিক হারে অধিক সংখ্যক চিকিৎসক তৈরী সম্ভব হবে।
৪. ন্যূনতম দূরত্বে সাশ্রয়ী ও আধুনিক স্বাস্থ্য সেবা গ্রহণের সুযোগ থাকায় কুষ্টিয়া ও এর পার্শ্ববর্তী জেলাসমূহের রোগীদের ঢাকায় বা খুলনায় চিকিৎসার জন্য নির্ভরশীলতা কমবে।
৫. হাসপাতাল ও চিকিৎসা শিক্ষার জন্য প্রয়োজনীয় অবকাঠামো তৈরীর মাধ্যমে চিকিৎসা শিক্ষার ক্রমবর্ধমান চাহিদা পূরণ ও চিকিৎসা বিজ্ঞানের বিশেষ সেবা প্রদানের মাধ্যমে জনগণের স্বাস্থ্য ও সেবা নিশ্চিতকরণ সম্ভব হবে।
৬. অধিক সংখ্যক ডাক্তার, নার্স ও সংশ্লিষ্ট পেশাজীবীদের কর্মস্থানের সুযোগ বৃদ্ধি এবং চিকিৎসা সেবার সাথে যুক্ত সহায়ক কার্যক্রম সম্প্রসারণের সুযোগ সৃষ্টি হবে।
৭. মেডিকেল কলেজ প্রতিষ্ঠার ফলে অভিজ্ঞ চিকিৎসকের মাধ্যমে সেবা প্রদান সহজলভ্য হবে।
৮. মেডিকেল কলেজ ও হাসপাতাল কমপ্লেক্সে ডাক্তার, নার্স, ইন্টার্নী, ছাত্র-ছাত্রীদের আবাসস্থলের ব্যবস্থা করা।

৪.২। দুর্বল দিক

১. প্রকল্পটি ডিসেম্বর ২০১৯ সালে শেষ হয়ে গেলেও তা সময়মত সংশোধন করা সম্ভব হয়নি। ফলে প্রকল্পের সকল অসমাপ্ত কার্যক্রম স্থবির হয়ে পড়েছে।
২. একনেক সভায় সিদ্ধান্ত “যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই আর্থিক ও পরিকল্পনা শৃংখলা লঙ্ঘন করে অনুমোদিত ডিপিপি’র সংস্থানকৃত নির্মাণ কাজের Scope of work পরিবর্তনসহ যে সকল অনিয়ম করা হয়েছে সে বিষয়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে” যথাযথ বাস্তবায়ন না হওয়া।
৩. প্রকল্পের কার্যক্রম জানুয়ারি ২০১২ থেকে শুরু হয়ে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত আট বছরে প্রকল্পের ভৌত কাজের আর্থিক অগ্রগতি মাত্র ৩৪%। কিন্তু প্রকল্পের মেয়াদ ইতোমধ্যে ২০০% বৃদ্ধি পেয়েছে। প্রকল্পটির মূল ডিপিপির তুলনায় ১ম সংশোধিত ডিপিপিতে প্রাক্কলিত ব্যয় বৃদ্ধির হার ১২১%।
৪. প্রকল্পটি বাস্তবায়নে কোন Feasibility Study করা হয়নি। Feasibility Study না করার কারণে প্রকল্পের ভবনসমূহের প্রাক্কলনের পূর্বে সুনির্দিষ্ট Formation Ground Level (FGL) নির্ধারণ করা সম্ভব হয়নি। উল্লেখ্য যে, ডিপিপি প্রণয়নের পরে কুষ্টিয়া- রাজবাড়ী সড়কের উপরিভাগকে Formation Ground Level (FGL) নির্ধারণ করায় প্রতিটি ভবনের প্লাস্ট পর্যন্ত প্রায় ১৮ ফুট বালি ভরাট করার প্রয়োজন হয়। ফলে বালি ভরাটের পরিমাণ এবং প্রতিটি ভবনের পাইলের সংখ্যা অনেক বৃদ্ধি পায়।
৫. প্রকল্পের জমি নিশ্চিত না করে প্রকল্পটি অনুমোদিত হওয়ায়, অনুমোদন পরবর্তী সময়ে সাইট নির্ধারণ করে প্রকল্পের কার্যক্রম শুরু করতে প্রায় এক বছর সময় অতিবাহিত হয়েছে। পরবর্তীতে ধাপে ৮ একর জমি অধিগ্রহণে জটিলতার নিরসন না হওয়ায় সেই জমিতে নির্মাণ কাজ শুরু করা যাচ্ছে না।
৬. ডিপিপিতে নির্ধারিত লক্ষ্যমাত্রার আলোকে প্রধান প্রধান ভবনের কোনটিরই শতভাগ বাস্তব অগ্রগতি সম্পন্ন হয়নি। অনুমোদিত মেয়াদকালের মধ্যে প্রকল্প বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়ায় ফলে প্রকল্পের ব্যয় বৃদ্ধির সম্ভাবনা বেড়ে গেছে।
৭. প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত সকল ভবনের জন্য দরপত্র আহ্বান সম্ভব হয়নি। ১ম সংশোধিত ডিপিপিতে উল্লেখিত মোট ১৮টি ভবনের মধ্য থেকে ৫টি ভবন নির্মাণের দরপত্র এখনো আহ্বান করা হয় নাই।
৮. প্রকল্পের কাজে নিয়মিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এবং প্রকল্প ষ্টিয়ারিং কমিটি (পিএসসি) সভা অনুষ্ঠিত হয়নি।

৯. মূল ডিপিপিতে ২০০৮ সালের রেট শিডিউল উল্লেখ থাকলেও দরপত্র আহ্বানের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে ২০১১ সালের রেট শিডিউল অনুযায়ী দরপত্র আহ্বান করা হয়েছে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে মূল ডিপিপিতে উল্লেখিত হাসপাতাল ভবন, একাডেমিক ভবন, সিঙ্গেল ডক্টরস ডরমিটরি (পুরুষ), ছাত্র হোস্টেল ভবন নির্মাণের দরপত্র আহ্বানের ক্ষেত্রে অনুমোদিত ফ্লোর সংখ্যা থেকে কমিয়ে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক কার্যাদেশ প্রদান করা হয়েছে। চুক্তি স্বাক্ষরের পর ভবনের ভিতসহ অন্যান্য তলার আয়তন পরিবর্তনের ফলে অনুমোদিত স্থাপত্য নকশাও পরিবর্তন করা হয়েছে।
১০. একটি ভবন নির্মাণ কার্যক্রমকে একাধিক প্যাকেজে বিভক্ত করার কারণে প্রতিটি প্যাকেজের জন্য আলাদা দরপত্র আহ্বান ও আলাদা কমিটি গঠন করা হয়েছে। ফলে দরপত্র মূল্যায়নে অতিরিক্ত অর্থ ও সময় ব্যয় হয়েছে।
১১. প্রকল্পটির ক্রয় কার্যে একটি ভবনকে একাধিক প্যাকেজে বিভক্ত করে LTM-এর মাধ্যমে ঠিকাদারদের কাজ দেওয়া হয়েছে। একটি প্যাকেজকে অনেকগুলো ছোট ছোট প্যাকেজে বিভক্তিকরণ করায় ঠিকাদার স্বল্প টেন্ডার সিকিউরিটি এবং সীমিত পারফরমেন্স গ্যারান্টি প্রদানের মাধ্যমে কাজগুলো পেয়েছেন। সীমিত আকারের কাজে অনেকক্ষেত্রে স্ভনামধন্য ঠিকাদাররা কাজে আগ্রহ প্রকাশ করে নাই।
১২. একটি ভবন নির্মাণের জন্য একাধিক প্যাকেজের মাধ্যমে কার্যাদেশ প্রদান করার ফলে একাধিক ঠিকাদার একটি ভবনের জন্য সম্পৃক্ত করা হয়েছে। ফলে প্রকল্প ব্যবস্থাপনা দুর্বল হয়ে পড়ে। একাধিক প্যাকেজের কারণে Vertical Extention-এর আওতায় নির্মাণাধীন ভবনের কাঠামোগত কাজ সম্পূর্ণ শেষ হবার পূর্বেই ভবনের নীচের অংশের ফিনিশিং এর কাজ সম্পন্ন করায় প্লাস্টার, চৌকাঠ, দরজার কাঠের পাল্লা, জানালার খাই, গ্রীল, টাইলস ইত্যাদি নষ্ট হচ্ছে।
১৩. ২০১৪ এবং ২০১৫ সালে যে সকল প্যাকেজের টেন্ডার আহ্বান করা হয়েছিল তার 'Eligibility of Tenderer' পর্যালোচনাকালে দেখা যায় যে, প্রায় সকল 'Eligibility Criteria' থেকে 'Lead Tenderer' বাদে অন্যদের ক্ষেত্রে কোন Criteria নির্ধারণ করা হয়নি। Eligibility criteria-তে other partner-দের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ criteria 'optional' করে দেওয়ার ফলে কিছু অনভিজ্ঞ এবং অদক্ষ ঠিকাদার কাজ পাওয়ার সুযোগ পেয়ে যায়।
১৪. প্রকল্পটি নির্ধারিত মেয়াদে শেষ না করতে পারার কারণে বিভিন্ন সময়ে রেট শিডিউলের (রেট শিডিউল ২০০৮, রেট শিডিউল ২০১১, রেট শিডিউল ২০১৪, রেট শিডিউল ২০১৮ (২য় সংশোধনীতে প্রস্তাবিত)) পরিবর্তন করতে হয়েছে। একটি ভবন নির্মাণ (১ম পর্যায়ে রেট শিডিউল ২০১১, পরবর্তী পর্যায়ে ভার্টিক্যাল কাজে রেট শিডিউল ২০১৪) কাজকে দুই ধরনের রেট শিডিউল অনুযায়ী কাজ দেয়ায় নির্মাণ খরচ বৃদ্ধি পেয়েছে।
১৫. গণপূর্ত অধিদপ্তর ১ মে ২০১৮ তারিখে নির্মাণ সংক্রান্ত নতুন রেট শিডিউল কার্যকর করে। কিন্তু ২১ জুন ২০১৮ তারিখে পূর্ববর্তী ২০১৪ সালের রেটে প্রকল্পের সংশোধন করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপস্থাপিত করেন। যা পরবর্তীতে রেট শিডিউল সংক্রান্ত সমস্যার সম্মুখীন হতে হয়।
১৬. ঠিকাদারদের অবহেলার কারণে নির্মাণ কাজ যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হবে না।
১৭. অতীতে ভবন নির্মাণে চুক্তির ব্যত্যয় ঘটিয়ে Steel এর পরিবর্তে বাঁশ ও কাঠ ব্যবহার করে সাটারিং ব্যবহার করা হয়েছে। ফলশ্রুতিতে বিগত ১৭ জানুয়ারি ২০১৯ তারিখে উক্ত প্রকল্পের আওতায় নির্মাণাধীন হাসপাতাল ভবনের গাড়ি বারান্দার ছাদ ধসে একজন শ্রমিক নিহত এবং প্রায় ১০ জন শ্রমিক আহত হয়।
১৮. ভবন নির্মাণে চুক্তির ব্যত্যয় ঘটিয়ে Steel এর পরিবর্তে বাঁশ ও কাঠ ব্যবহার এবং শ্রমিক হতাহতের ঘটনা অভিযুক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানকে ১৯-২-২০১৯ তারিখে হতে দুই বছরের জন্য গণপূর্তের কোন ক্রয় কার্যক্রমে অংশগ্রহণে অযোগ্য ঘোষণা করা হয়। তবে তারা কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল ভবন নির্মাণ কাজ চালিয়ে যেতে পেরেছেন। উল্লেখ্য যে, ঠিকাদারের অবহেলা এবং অব্যবস্থাপনা শ্রমিকের মৃত্যুর কারণ হলেও তারা বড় অংকের কোন ক্ষতিপূরণ প্রদানে বাধ্য ছিলেন না। মাত্র দুই বছরের জন্য গণপূর্ত অধিদপ্তরের কোন কাজে অংশগ্রহণ করতে না পারলেও অন্যান্য সকল দপ্তরের টেন্ডার প্রক্রিয়াতেই অংশগ্রহণ করার সুযোগ পেয়েছেন।
১৯. মাঠ পর্যায়ে ভৌত অবকাঠামোর নির্মাণ কাজ বাস্তবায়নে অধিকাংশ ঠিকাদার কোন ওর্যাক প্রোগ্রাম অনুসরণ করে নাই। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে CPM প্রস্তুত করা হয়নি। আর্থিক বরাদ্দ, সময় এবং কাজের গুরুত্ব

নির্ধারণ পূর্বক সামগ্রিক ভাবে সমন্বয় করে উক্ত প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য CPM প্রণয়ন করা উচিত ছিল।

২০. প্রকল্প বাস্তবায়নে নিযুক্ত প্রকল্প পরিচালক আট বছরে তিন বার বদল করা হয়েছে এবং গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী সাত বার পরিবর্তন হয়েছেন। যার মধ্যে ৫ জন নির্বাহী প্রকৌশলী পূর্ণকালীন দায়িত্বে এবং ২ জন নির্বাহী প্রকৌশলীর অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন।
২১. টেন্ডার মূল্যায়ন কমিটিতে প্রকল্প পরিচালককে অন্তর্ভুক্ত করা হয় নাই।
২২. যথাযথ অবকাঠামো নির্মাণ সম্পন্ন না করার ফলে মেডিকেল কলেজের ছাত্র ছাত্রীদের শিক্ষা প্রদান ব্যাহত হচ্ছে।
২৩. ভবন নির্মাণে নিরাপত্তা বিধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করে অদক্ষ শ্রমিক নিয়োগ করে সনাতন পদ্ধতিতে নির্মাণ কাজ করা হয়েছে। অবকাঠামো নির্মাণ কাজে শ্রমিকদের নিরাপত্তার জন্য ন্যূনতম ব্যবস্থা করা হয়নি। বহুতল ভবন নির্মাণে শ্রমিকদের ইন্স্যুরেন্স (গ্রুপ বীমা) থাকার বিধান থাকলেও ঠিকাদারি প্রতিষ্ঠান কোন শ্রমিকেরই ইন্স্যুরেন্স করেনি।
২৪. প্রকল্প প্রণয়নে এবং বাস্তবায়নে প্রকল্পের exit plan প্রস্তুত করা হয়নি।
২৫. প্রকল্পটির ২য় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হলেও প্রকল্পটি ১ম সংশোধন একনেকে অনুমোদন হয় ১৬ জুলাই ২০১৮ তারিখে। এক্ষেত্রে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ও প্রকল্প ১ম সংশোধনের মাঝে প্রায় দেড় বছরের ব্যবধান পরিলক্ষিত হয়।

৪.৩। সৃষ্ট সুযোগ

১. প্রকল্পটি সফলভাবে বাস্তবায়িত হলে কুষ্টিয়া জেলাসহ আশেপাশের জেলাগুলোর সুবিধা বঞ্চিত জনগণকে আধুনিক ও শাস্ত্রীয় স্বাস্থ্য সেবার আওতায় নিয়ে আসা সম্ভব হবে।
২. অধিকসংখ্যক ডাক্তার, নার্স ও প্রযুক্তিবিদ এবং অন্যান্য পেশায় মানুষের কর্মসংস্থান সুযোগ সৃষ্টি হবে। যা দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার সাথে চিকিৎসক ও চিকিৎসা সেবা গ্রহণকারী জনগণের অনুপাতে সামঞ্জস্য রাখতে সম্ভবত ভূমিকা পালন করবে।
৩. ইতোমধ্যে ৭ম ব্যাচ পর্যন্ত ছাত্রছাত্রী ভর্তি হয়েছে এবং ক্রমান্বয়ে এ সংখ্যা বৃদ্ধি পাবে। যা দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার সাথে ডাক্তার ও রোগীর অনুপাতের সামঞ্জস্য রাখতে সহায়ক হবে।
৪. ভবনসমূহ নির্মিত হলে ভবিষ্যতে স্থানীয় জনগণ ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতালের সুযোগ ভোগ করতে পারবেন।
৫. প্রকল্পটি সফলভাবে বাস্তবায়িত হলে কুষ্টিয়া জেলাসহ পার্শ্ববর্তী জেলাগুলোতে মাতৃ মৃত্যু ও শিশু মৃত্যুর হার কমানো সহ দেশের জনসংখ্যা বৃদ্ধিরোধ প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকা রাখবে।
৬. মেডিকেল শিক্ষায় ভর্তিচ্ছু ছাত্রদের মেডিকেল শিক্ষা গ্রহণের সুযোগ বৃদ্ধি পেয়েছে।

৪.৪। ঝুঁকিসমূহ

১. প্রকল্পটি যথাসময়ে মেয়াদ বৃদ্ধি না করার কারণে সকল কর্মকাণ্ড স্থবির হয়ে পড়েছে। এখানে উল্লেখ্য যে ২০১৭-২০১৮ সালে প্রকল্প মেয়াদ না থাকায় কার্যক্রম স্থবির ছিল। বর্তমানে ডিসেম্বর ২০১৯ প্রকল্প মেয়াদ শেষ হয়ে গেলেও মেয়াদ বৃদ্ধি সম্ভব হয় নাই। প্রকল্প মেয়াদ সময়মত বৃদ্ধি না করা যেন পরবর্তীতে দৃষ্টান্ত সৃষ্টি করতে না পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে।
২. নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ার কারণে চিকিৎসার জন্য হাসপাতালের এবং শিক্ষা কার্যক্রমের জন্য মেডিকেল কলেজের কোন যন্ত্রপাতি ক্রয় করা সম্ভব হয়নি।
৩. মূল ডিপিপি মূল্যের মধ্যে ভবনসমূহের ব্যয় সীমাবদ্ধ রেখে প্রতিটি প্যাকেজের অনেক সুবিধাদি কমিয়ে একাধিক দরপত্র আহ্বান করা হয়। একটি ভবন নির্মাণের জন্য একাধিক প্যাকেজের মাধ্যমে কার্যাদেশ প্রদান করার ফলে একাধিক ঠিকাদার একটি ভবনের জন্য সম্পৃক্ত করা হয়েছে। ফলে প্রকল্প ব্যবস্থাপনা এবং ভবনসমূহের গুণগত মান বজায় রেখে যথাসময়ে হস্তান্তর করা অসম্ভব হয়ে পড়েছে।
৪. প্রকল্পের জন্য নির্ধারিত ভবনসমূহের প্রয়োজনীয় স্থাপত্য নকশা প্রণয়নে স্থাপত্য অধিদপ্তর এবং কাঠামোগত নকশা, প্লাস্টিং নকশা, ইলেকট্রো মেকানিক্যাল নকশা গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রণয়নে কালক্ষেপণ করা।

৫. ভৌত অবকাঠামো নির্মাণ যথাসময়ে সম্পন্ন করতে না পারায় হাসপাতালের যন্ত্রপাতি যথাসময়ে ক্রয় অনিশ্চিত হয়ে পড়েছে।
৬. চুক্তির শর্তানুযায়ী ঠিকাদার কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক স্নাতক ও ডিপ্লোমা ডিগ্রীধারী প্রকৌশলীর তত্ত্বাবধানে নির্মাণ কার্যক্রম পরিচালনা না করার ফলে অবকাঠামো নির্মাণের মান আশাব্যঞ্জক হবে না।
৭. বর্তমানে ভৌত নির্মাণ কাজে ধীরগতি থাকায় ঠিকাদারের সাথে চুক্তি অনুযায়ী কার্যাদেশে উল্লিখিত সময়ের মধ্যে অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ার ফলে প্রকল্পের সফল বাস্তবায়ন বিলম্বিত হচ্ছে।
৮. অনুমোদিত মেয়াদকালের মধ্যে প্রকল্প বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়ায় প্রকল্পের ব্যয় বৃদ্ধির আশংকা দেখা দিয়েছে।
৯. মেডিকেল কলেজ ও হাসপাতালের প্রয়োজনীয় পদ সৃষ্টি ও নিয়োগে বিলম্ব হলে প্রশাসনিক কার্যক্রম, মেডিকেল শিক্ষা কার্যক্রম এবং সর্বোপরি স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনা ব্যহত হবে এবং যা প্রকল্প বাস্তবায়নে ঝুঁকি সৃষ্টি করবে।
১০. হাসপাতাল, মেডিকেল কলেজ ও শিক্ষার্থীদের আবাসিক ভবনসমূহ নির্মাণ কাজ বিলম্বিত হওয়ায় মেডিকেল শিক্ষার্থীদের ইন্টার্নি কার্যক্রম ব্যহত হচ্ছে।
১১. প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক ও ক্লিনিক্যাল প্রশিক্ষণ সুবিধা না থাকায় অসম্পূর্ণ শিক্ষা গ্রহণের মাধ্যমে পরিপূর্ণ চিকিৎসক না হওয়ার আশংকা রয়েছে।
১২. ঠিকাদারদের সাথে চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন না হলে, প্রকল্পের অর্থায়নের জটিলতা সহ সামগ্রিক বাস্তবায়ন বিলম্বিত হবে।
১৩. অবকাঠামো বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ও নিয়োজিত ঠিকাদারদের মধ্যে দরপত্রের শর্তানুযায়ী কার্যক্রম পরিচালনায় যথার্থ ঘাটতি রয়েছে যা প্রকল্পের অবকাঠামোর গুণগত মান ব্যহত করতে পারে এবং প্রকল্প সমাপ্ত সময় ব্যাপক ভাবে প্রলম্বিত করতে পারে।
১৪. প্রকল্প বাস্তবায়নে কোন Critical path method অনুসরণ করা হচ্ছে না এবং প্রকল্প সমাপ্তির লক্ষ্যে কোন Exit plan তৈরী করা হয় নাই।
১৫. যথাসময়ে প্রকল্প হতে চিকিৎসা যন্ত্রপাতি স্থাপন না করার ফলে এ কলেজ থেকে বের হওয়া ডাক্তারদের মান ভবিষ্যতে প্রশ্নবিদ্ধ হতে পারে যা কলেজের উপর সাধারণ জনগণের নির্ভরযোগ্যতা হ্রাস করবে।
১৬. প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে অতীতের ক্রয় পরিকল্পনা সংক্রান্ত অব্যবস্থাপনা প্রকল্পটিকে অনিশ্চয়তার দিকে ঠেলে দিয়েছে।

পঞ্চম অধ্যায়
পর্যালোচনা হতে প্রাপ্ত সার্বিক পর্যবেক্ষণ

৫.১। প্রকল্পের সার্বিক পর্যবেক্ষণ

৫.১.১। প্রকল্পের ব্যয় বৃদ্ধি সংক্রান্ত বিশ্লেষণ

৬ মার্চ ২০১২ সালে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভায় অনুমোদিত কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্পের প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয়েছিল ২৭৫.৪৩ কোটি টাকা এবং প্রকল্পের বাস্তবায়নকালে ছিল জানুয়ারি ২০১২ থেকে ডিসেম্বর ২০১৪। পরবর্তীতে প্রকল্পটির দুইবার ব্যয় বৃদ্ধি ব্যাতিরেকে সময় বৃদ্ধি করে প্রকল্প সমাপ্তির তারিখ ডিসেম্বর ২০১৬ সালে করা হয়। উল্লেখ্য যে, বিগত ২১শে জুন ২০১৮ সালে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পটির ১ম সংশোধিত অনুমোদন করা হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয় ৬১১০৮.৪৬ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল নির্ধারণ করা হয় জানুয়ারী ২০১২ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। সর্বশেষ ৩০-৫-২০১৯ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সুপারিশ অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ২৫-৭-২০১৯ তারিখে প্রকল্পটির আন্তঃঅঞ্চল সমন্বয়ের প্রস্তাব অনুমোদন করেন। মূল ডিপিপি এবং সর্বমোট সংশোধিত ডিপিপি অনুসারে প্যাকেজের সংখ্যা নিম্নরূপঃ


সারণী ৫.১ খাত ওয়ারী প্যাকেজের সংখ্যা

প্যাকেজের খাত	প্যাকেজের সংখ্যা		মোট মূল্য (লক্ষ টাকা)		% বৃদ্ধি
	মূল	১ম সংশোধিত	মূল	সংশোধিত	
পণ্য	১২	১২	৫৪৪১.৭১	১১,৬৩৮.৩৬	১১৩%
সেবা	১	১	৮.৬৯	২২.০০	১৫৩%
পূর্ত কাজ	১	৭১	২১১৩৯.৮৮	৪২৬২২.৬৯	১০১%
মোট প্যাকেজ	১৪টি	৮৪টি	২৬৫৯০.২৮	৫৪২৮৩.০৫	১০৪%
ভূমি অধিগ্রহণ	২০ একর	৩০ একর	৪৯৪.৭৪	৪৮৬৯.১২	৮৮৪%
সর্বমোট			২৭০৮৫.০২	৫৯১৫২.১৭	১১৮%

প্যাকেজের সংখ্যা বিশ্লেষণ করলে দেখা যায় যে, মূল ডিপিপিতে পণ্য ক্রয়ের জন্য ১২টি প্যাকেজ ছিল এবং সংশোধিত ডিপিপিতে ১২টি প্যাকেজ বিদ্যমান যদিও তার মূল্য ১১৩% বৃদ্ধি পেয়েছে। মূল ডিপিপিতে ড্রাইভার এবং এমএলএসএস সেবা প্যাকেজ ছিল একটি যার মূল্য ১৫৩% বৃদ্ধি পেয়ে হয়েছে ২২ লক্ষ টাকা। উল্লেখযোগ্য দিক হচ্ছে মূল ডিপিপিতে নির্মাণ কাজ (works) এর প্যাকেজ ছিল মাত্র একটি, যার প্রাক্কলিত ব্যয় ছিল ২১১৩৯.৮৮ লক্ষ টাকা। ডিপিপির ১ম সংশোধনী অনুসারে একটি প্যাকেজকে ৭১টি প্যাকেজ করা হয়েছে, যার প্রাক্কলিত ব্যয় ছিল ৪২৬২২.৬৯ লক্ষ টাকা, যা প্রায় মূল ডিপিপির প্রাক্কলিত মূল্যের দ্বিগুনেরও বেশী।

এখানে উল্লেখ্য যে, মূল ডিপিপিতে ২০ একর জায়গা অধিগ্রহণের জন্য বরাদ্দ ছিল ৪.৯৪ কোটি টাকা যা সংশোধিত ডিপিপিতে ৩০ বছরে একরে বৃদ্ধি করা হয়। নতুনভাবে অধিগ্রহণসহ মোট মূল্য পরিশোধে বরাদ্দ রাখা হয় ৪৮.৬৯ কোটি টাকা, যা মূল ডিপিপি হতে প্রায় ৮৮৪% বেশী। পরবর্তীতে ভূমি মন্ত্রণালয় ৮ একর জমি দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত প্রদানের অনুমোদন প্রদান করেন। ফলে ৮ একর জমি সেলামি মূল্য বাবদ ৩,৫৭,৫৪,০৮০.০০ টাকা ট্রেজারি চালানের মাধ্যমে মূল্য পরিশোধ করা হয়। ফলে জমির মোট বরাদ্দের থেকে ৩৯৪৬.৫৫ লক্ষ টাকা অব্যয়িত থেকে যায়। পরবর্তীতে ১ম সংশোধনের আন্তঃ অঞ্চল ব্যয় সমন্বয় করা হয় ২৫ জুলাই ২০১৯ তারিখে। যা অন্তঃখাত সমন্বয়ের মাধ্যমে নির্মাণ কাজে সমন্বয় করা হয়।

মূল ডিপিপি ও সংশোধিত ডিপিপির তুলনা মূলক বিশ্লেষণ



৫.১.২। বিভিন্ন পূর্ত কাজের প্যাকেজের বিশ্লেষণ


মূল ডিপিপিতে একটি মাত্র প্যাকেজের মাধ্যমে পূর্ত কাজ সম্পাদনের জন্য ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ ছিল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। পরবর্তীতে পূর্ত কাজের ৭১টি প্যাকেজে বিভক্ত করা হয়েছিল যার মধ্যে ১টি প্যাকেজের অনুমোদনের দায়িত্বে ছিল CCGP (Cabinet Committee on Government Purchase) এবং ২টি প্যাকেজ অনুমোদনের দায়িত্বে ছিল স্বাস্থ্য সেবা বিভাগ। বাকী ৬৮টি কাজের অনুমোদনকারী কর্তৃপক্ষ ছিল গণপূর্ত অধিদপ্তর। প্রধান প্রধান ভবন নির্মাণে কতগুলো প্যাকেজ করা হয়েছিল তা নিম্নে প্রদান করা হলঃ

সারণী ৫.২ পূর্ত কাজের মূল্য বৃদ্ধি

ভবনের নাম	প্যাকেজের সংখ্যা	মূল ডিপিপি মূল্য	১ম সংশোধিত মূল্য	মূল্য বৃদ্ধি (%)
হাসপাতাল ভবন	৪টি	১১২৮০.৫০	২১৩২৭.৫৮	৮৯%
একাডেমিক ভবন	২টি	৩০৩৯.৪৫	৪৪৪৫.৩৪	৪৬%
ছাত্র হোস্টেল ভবন	২টি	৮০৭.০৫	১১৩৪.০৬	৪০%
ছাত্রী হোস্টেল ভবন	২টি	৮০৭.০৫	১১৪৯.৬৩	৪২%
সিঙ্গেল ডক্টরস ডরমেটরী (পুরুষ)	২টি	২২০.০৪	৪২৭.৮৫	৯৪%
সিঙ্গেল ডক্টরস ডরমেটরী (মহিলা)	২টি	২২০.০৪	৪৩৩.২৫	৯৭%
স্টাফ নার্সেস ডরমেটরী ভবন	১টি	২৯৮.৮০	৪৩০.০৭	৪৪%
ইমারজেন্সী নার্সের ডরমেটরী	১টি	১২৯.০০	১৭৩.০৩	৩৪%
আবাসিক ভবন (১৮০০+১৫০০ বর্গফুট)	২টি	৩৭.২৭	৬১৭.৮০	৬৬%
আবাসিক ভবন (অধ্যক্ষ, উপাধ্যক্ষ, পরিচালক, উপপরিচালক)	২টি	৫১৩.৫৩	৬৯২.৭৪	৩৫%
আবাসিক ভবন (১০০০+১০০০ বর্গফুট)	২টি	২৫৫.৪৮	৩৩৩.০৭	৩১%

প্রকল্পটির বাস্তবায়নকারী সংস্থা হচ্ছে স্বাস্থ্য অধিদপ্তর এবং নির্মাণ কাজ বাস্তবায়নের দায়িত্বে আছে গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তারা। উপরে উল্লেখিত প্যাকেজসমূহ পর্যালোচনা করলে দেখা যায় যে, সকল ভবন ও ভবন সংশ্লিষ্ট

কাজ একাধিক প্যাকেজের মাধ্যমে বিভক্ত করেছে। যা প্রকৃত পক্ষে প্রকল্প ব্যয় বৃদ্ধি ও সময় অপচয়ের কারণ। প্রকল্পটি সময়মত বাস্তবায়ন সম্ভব না হওয়ার কারণে হাসপাতাল ভবনে ৮৯%, সিঙ্গেল ডক্টরস ডরমেটরী (পুরুষ) ৯৪%, সিঙ্গেল ডক্টরস ডরমেটরী (মহিলা) ৯৭%, আবাসিক ভবন (১৮০০+১৫০০ বর্গফুট) ৬৬% উল্লেখযোগ্য হারে ব্যয় বৃদ্ধি পেয়েছে।



এখানে উল্লেখ্য যে, প্রকল্পের বাস্তবায়নে আর্থিক ও পরিকল্পনা শৃঙ্খলার ব্যত্যয় বিশেষভাবে পরিলক্ষিত হয়। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছ থেকে প্রাপ্ত তথ্য মতে, স্বাস্থ্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর বর্তমানে নির্মাণ কাজের ব্যয় প্রায় ৯৫.৪৬ কোটি টাকা বৃদ্ধি করে ২য় সংশোধন অনুমোদনের উদ্যোগ নিয়েছেন। জুন ২০১৮ সালে অনুমোদিত মাল্টিপারপাস ভবন নির্মাণের জন্য এখনো Plinth Area নির্ধারণ করে ডিজাইন করা সম্ভব না হলেও, ২য় সংশোধিত ডিপিপি প্রস্তুতে ইতোমধ্যে এর ব্যয় বৃদ্ধির করে ৫৭১.২৭ লক্ষ টাকার স্থলে ৮২০.৮৩ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে। একটি ভবনেরই ব্যয় বৃদ্ধি পাবে ৪৩.৬৯%।

মূল ডিপিপিতে ভবনসমূহের প্রাকল্পন ২০০৮ সালের রেট সিডিউল অনুযায়ী হওয়া, প্রথম পর্যায়ে জমি অধিগ্রহণে ১ বছর ৪ মাস অধিক সময় বিলম্ব, ভবনের Plinth উঁচুতে স্থাপন, ফাউন্ডেশনের ব্যয় বৃদ্ধি পাওয়া, বালু ফিলিং এর পরিমাণ বৃদ্ধি পাওয়া, অন্যান্য কাঠামোগত অংশের কাজের পরিমাণ বৃদ্ধি এবং বাজার মূল্য বৃদ্ধি তথা সিডিউল অব রেট পরিবর্তিত হওয়ায় প্রকল্প মূল্য বৃদ্ধি পেয়েছে। পরবর্তীতে দ্বিতীয় পর্যায়ে ৮ একর জমি নতুন ভাবে অধিগ্রহণের উদ্যোগ নেয়ার কারণে ও উক্ত জমিতে নতুন কিছু ভবন আরডিপিপিতে অন্তর্ভুক্ত হওয়ায় প্রকল্প মূল্য বৃদ্ধি পেয়েছে।

৫.১.৩। সময়মত প্রকল্প সংশোধনের ব্যবস্থা গ্রহণ না করা

প্রকল্পটি ডিসেম্বর ২০১৯ সালে শেষ হয়ে গেলেও তা সময়মত সংশোধন করা সম্ভব হয়নি। ফলে প্রকল্পের সকল অসমাপ্ত কার্যক্রম স্থবির হয়ে পড়েছে। সময়মতো প্রকল্প সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করা অতীব জরুরী। সময়মত সংশোধন না হবার কারণে প্রকল্প কার্যক্রম শেষ করার জন্য সময় ও অর্থের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা সম্ভব হবেনা। সরকারি সম্পদের সুষ্ঠু ব্যবহারের স্বার্থে প্রকল্পটির অসমাপ্ত কার্যক্রম সমাপ্ত করার এবং প্রকল্পের সকল কাজ শেষ করার জন্য প্রকল্পের কার্যক্রম চলমান রাখা প্রয়োজন। কিন্তু প্রকল্পের কার্যক্রম চলমান রাখার জন্য সময়মত প্রকল্প সংশোধন করা হয়নি।

এক্ষেত্রে উল্লেখ্য যে, প্রকল্পটির ২য় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হলেও প্রকল্পটি ১ম সংশোধন একনেকে অনুমোদন হয় ১৬ই জুলাই ২০১৮ তারিখে। এক্ষেত্রে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ও প্রকল্প ১ম

সংশোধনের মাঝে প্রায় দেড় বছরের ব্যবধান পরিলক্ষিত হয়। বর্তমানে ডিসেম্বর ২০১৯ সালে প্রকল্প মেয়াদ শেষ হলেও মে ২০২০ পর্যন্ত ২য় সংশোধন অনুমোদন করা সম্ভব হয়নি।

সর্বশেষ অগ্রগতিঃ “কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের উপর পরিকল্পনা কমিশনে ১২ই মার্চ ২০২০ তারিখে জনাব আবুল কালাম আজাদ, সদস্য অর্থ সামাজিক বিভাগ এর সভাপতিত্বে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভায় প্রকল্পের অঙ্গসমূহের ব্যয় প্রাক্কলনে এবং বিভিন্ন নতুন নির্মাণ কাজ সহ অন্যান্য অঙ্গ অন্তর্ভুক্তিতে অস্পষ্টতা থাকায় পুনরায় এসকল অস্পষ্টতার যুক্তিযুক্ত কারণ উপস্থাপনের লক্ষ্যে পুনরায় প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫.১.৪। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প কার্যক্রম সম্পন্ন করণে অনিশ্চয়তা

প্রকল্প বাস্তবায়ন মেয়াদকাল শেষ হবে ডিসেম্বর ২০১৯ সালে। প্রকল্পের অনুমোদিত মেয়াদকাল ইতোমধ্যে শেষ হয়ে গেছে অর্থাৎ অনুমোদিত মেয়াদকালের ভিতরে কোন নির্মাণ কাজ সম্পূর্ণরূপে সম্পন্ন করা সম্ভব হয় নাই। অনুমোদিত মেয়াদকালের মধ্যে প্রকল্প বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়ায় প্রকল্পের ব্যয় বৃদ্ধির সম্ভাবনা বেড়ে গেছে। এছাড়াও ভৌত অবকাঠামো নির্মাণ যথাসময়ে সম্পন্ন করতে না পারায় হাসপাতালের নির্মাণ, যন্ত্রপাতি ও আসবাবপত্রের ব্যয় বৃদ্ধির সম্ভাবনা বেড়ে গেছে।

সারণী ৫.৩ বিভিন্ন ভৌত অবকাঠামো নির্মাণের অগ্রগতি

নং	ভবনের বিবরণ	বর্তমান ভৌত অগ্রগতি
১.	হাসপাতাল ভবন (নিচ তলা থেকে তৃতীয় তলা পর্যন্ত)	৫০%
	হাসপাতাল ভবন (চতুর্থ তলা থেকে সপ্তম তলা পর্যন্ত)	৪৮%
২.	একাডেমিক ভবন (নিচ তলা থেকে চতুর্থ তলা পর্যন্ত)	৯৫%
	একাডেমিক ভবন (পঞ্চম তলা থাকা ষষ্ঠ তলা পর্যন্ত)	৬৫%
৩.	ছাত্র হোস্টেল	৯৮%
৪.	ছাত্রীদের হোস্টেল	৯৮%
৫.	ডক্টরস ডরমেটরী (পুরুষ) (নিচ তলা থেকে তৃতীয় তলা পর্যন্ত)	৯২%
	ডক্টরস ডরমেটরী (পুরুষ) (চতুর্থ তলা থেকে ষষ্ঠ তলা পর্যন্ত)	৯৮%
৬.	ডক্টরস ডরমেটরী (মহিলা) (নিচ তলা থেকে তৃতীয় তলা পর্যন্ত)	৯০%
	ডক্টরস ডরমেটরী (মহিলা) (চতুর্থ তলা থেকে ষষ্ঠ তলা পর্যন্ত)	৬১%
৭.	স্টাফ নার্সেস ডরমেটরী (নিচ তলা থেকে দ্বিতীয় তলা পর্যন্ত)	৬০%
	স্টাফ নার্সেস ডরমেটরী (তৃতীয় তলা থেকে চতুর্থ তলা পর্যন্ত)	-
৮.	ইমার্জেন্সী নার্সেস ডরমেটরী	৯%
৯.	মসজিদ	-
১০.	আবাসিক ভবন (হাসপাতাল) (১৮০০ এবং ১৫০০ বর্গফুট) (নিচ তলা থেকে এক তলা পর্যন্ত)	৮৮%
	আবাসিক ভবন (হাসপাতাল) (১৮০০ এবং ১৫০০ বর্গফুট) (দুই তলা থেকে তৃতীয় তলা পর্যন্ত)	
১১.	আবাসিক ভবন মেডিকেল কলেজের অধ্যক্ষ ও হাসপাতালের পরিচালকের আবাসিক ভবন (১৮০০ এবং ১৫০০ বর্গফুট)	৯৫%
	আবাসিক ভবন মেডিকেল কলেজের অধ্যক্ষ ও হাসপাতালের পরিচালকের আবাসিক ভবন (১৮০০ এবং ১৫০০ বর্গফুট)(১ থেকে ২ তলা)	
১২.	আবাসিক ভবন (১০০০ এবং ১০০০ বর্গফুট)	৯০%

নং	ভবনের বিবরণ	বর্তমান ভৌত অগ্রগতি
১৩.	আবাসিক ভবন (৮০০ এবং ৬০০ বর্গফুট)	২২%
১৪.	গভীর নলকূপ	৯২%
১৫.	বহিঃস্থ বিদ্যুতায়ন (সাব স্টেশন, পাম্প মটর, জেনারেটর)	৪৫%
১৬.	ইলেক্ট্রো ম্যাকানিক্যাল কম্পোনেন্ট (লিফট, এয়ার কন্ডিশন, মেডিক্যাল গ্যাস, সোলার এনার্জি, টিএনটি)	২%
১৭.	ভূমি উন্নয়ন	৮৩%
১৮.	অভ্যন্তরীণ রাস্তা	৫০%
১৯.	পাম্প হাউজ	১০০%
২০.	কালভার্ট ও ড্রেন	১০%
২১.	ভূগর্ভস্থ জলাধার	১০০%

৫.১.৫। নির্মাণ কাজের বর্তমান অবস্থার বিশ্লেষণ

১ম সংশোধিত ডিপিপি অনুসারে প্রকল্প বাস্তবায়ন মেয়াদকাল শেষ হয়েছে ডিসেম্বর ২০১৯ সালে। অনুমোদিত মেয়াদকালের ভিতরে ৪তলা বা তীর অধিক ভিত বিশিষ্ট ১৫টি ভবন নির্মাণের পাকেজসমূহের সকল কাজ এখনো সমাপ্ত করা সম্ভব হয়নি। ডিপিপিতে নির্ধারিত লক্ষ্যমাত্রার আলোকে প্রধান প্রধান ভবনের কোনটিরই শতভাগ বাস্তব অগ্রগতি সম্পন্ন হয়নি। অনুমোদিত মেয়াদকালের মধ্যে প্রকল্প বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়ায় ফলে প্রকল্পের ব্যয় বৃদ্ধির সম্ভাবনা বেড়ে গেছে। এছাড়াও ভৌত অবকাঠামো নির্মাণ যথাসময়ে সম্পন্ন করতে না পারায় হাসপাতালের যন্ত্রপাতি যথাসময়ে ক্রয় অনিশ্চিত হয়ে পড়েছে।

সারণী ৫.৪ বিভিন্ন ভৌত অবকাঠামো নির্মাণের অগ্রগতি

নং	মূল ভবনসমূহ	ভবনের বর্তমান অবস্থা এবং অগ্রগতি
১.	হাসপাতাল ভবন	ভবনটির ৬টি ব্লকে বিভক্ত। <ul style="list-style-type: none"> ব্লক-এ ও সি ৭ম তলা পর্যন্ত নির্মিত হবে যার ৭ম তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ব্লক বি ৭ম তলা পর্যন্ত নির্মিত হবে যার ৩য় তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ব্লক ডি ১ম তলা পর্যন্ত নির্মিত হবে যার ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ব্লক ই ২য় তলা পর্যন্ত নির্মিত হবে যার ১ম তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ব্লক এফ ২য় তলা পর্যন্ত নির্মিত হবে যার ২য় তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে।
২.	একাডেমিক ভবন	ভবনটির ৬ষ্ঠ তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। নিচ তলা থেকে ৪র্থ তলা পর্যন্ত ইটের গাঁথুনি, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল, টাইলস, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ ৬ষ্ঠ তলা পর্যন্ত সমাপ্ত হয়েছে। দরজার কাঠের পাল্লা ও জানালার থাই ৪র্থ তলা পর্যন্ত সমাপ্ত। ৪র্থ তলা পর্যন্ত দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে। ভবনটি হস্তান্তরের আগে তৃতীয় কোট রং সম্পন্ন করে হস্তান্তর কাজ সম্পন্ন করা হবে। ৫ম ও ৬ষ্ঠ তলার ফিনিশিং কাজ চলমান আছে।
৩.	ছাত্র হোস্টেল	ভবনটির ৪র্থ তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ইটের গাঁথুনি, প্লাস্টার, চৌকাঠ, দরজার কাঠের পাল্লা, জানালার থাই, গ্রীল, টাইলস, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ সহ আনুষঙ্গিক কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে।
৪.	ছাত্রীদের হোস্টেল	ভবনটির ৪র্থ তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ইটের গাঁথুনি, প্লাস্টার,

নং	মূল ভবনসমূহ	ভবনের বর্তমান অবস্থা এবং অগ্রগতি
		চৌকাঠ, দরজার কাঠের পাল্লা, জানালার খাই, গ্রীল, টাইলস্, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ সহ আনুষঙ্গিক কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে।
৫.	ডক্টরস ডরমেটরী (পুরুষ)	ভবনটির ৬ষ্ঠ তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ইটের গাঁথুনি, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল, টাইলস্, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ (পাইপ ওয়্যারিং) ৬ষ্ঠ তলা পর্যন্ত সমাপ্ত হয়েছে। ফিনিশিং কাজ চলমান আছে। ৬ষ্ঠ তলা পর্যন্ত দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে। ভবনটি হস্তান্তরের আগে জানালার খাই, সেনিটারী ও বৈদ্যুতিক ফিটিংস স্থাপন ও তৃতীয় কোট রং সম্পন্ন করে হস্তান্তর কাজ সম্পন্ন করা হবে। ফিনিশিং কাজ চলমান আছে।
৬.	ডক্টরস ডরমেটরী (মহিলা)	ভবনটির ৬ষ্ঠ তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ইটের গাঁথুনি, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল, টাইলস্, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ (পাইপ ওয়্যারিং) নিচ থেকে ৩য় তলা পর্যন্ত সমাপ্ত হয়েছে। দরজার কাঠের পাল্লা ও জানালার খাই ৩য় তলা পর্যন্ত এবং ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলায় কাজ চলমান আছে। ৩য় তলা পর্যন্ত দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে। ভবনটি হস্তান্তরের আগে তৃতীয় কোট রং সম্পন্ন করে হস্তান্তর কাজ সম্পন্ন করা হবে। ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলার ফিনিশিং কাজ চলমান আছে।
৭.	স্টাফ নার্সেস ডরমেটরী	ভবনটির ২য় তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ২য় তলা পর্যন্ত ইটের গাঁথুনি, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল সমাপ্ত হয়েছে। ফিনিশিং কাজ চলমান আছে এবং ৩য় তলার কলাম ঢালাইয়ের প্রস্তুতি চলছে। ৩য় তলা থেকে ৪র্থ তলা পর্যন্ত ভার্টিক্যাল এক্সটেনশনের কাজ শুরু করা সম্ভব হয় নাই।
৮.	ইমার্জেন্সী নার্সেস ডরমেটরী	ভবনটির পাইল ড্রাইভ এর কাজ সমাপ্ত করে ভবনের প্লিন্থ পর্যন্ত বালি ভরাট করা হয়েছে। ১ম তলার কলাম ঢালাই সম্পন্ন হয়েছে। ১ম তলার ছাদ ঢালাইয়ের জন্য সাটারিং সম্পন্ন রড বাঁধাই করার এর প্রস্তুতি চলছে।
৯.	মেডিকেল কলেজের অধ্যক্ষ ও হাসপাতালের পরিচালকের আবাসিক ভবন (১৮০০ এবং ১৫০০ বর্গফুট)	ভবনটির ২য় তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ২য় তলা পর্যন্ত ইটের গাঁথুনি, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল, টাইলস্, জানালার খাই, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ সমাপ্ত হয়েছে। ২য় তলা পর্যন্ত দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে। ফিনিশিং কাজ চলমান আছে। ভার্টিক্যাল এক্সটেনশন কাজের ৩য় তলার ঢালাই সম্পন্ন হয়েছে। গাঁথুনির কাজ চলছে।
১০.	আবাসিক ভবন (হাসপাতাল) (১৮০০ এবং ১৫০০ বর্গফুট)	ভবনটির ৩য় তলা পর্যন্ত ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। ইটের গাঁথুনি, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল, টাইলস্, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ ৩য় তলা পর্যন্ত সমাপ্ত হয়েছে। ৩য় তলা পর্যন্ত দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে। ভবনটি হস্তান্তরের আগে দরজার কাঠের পাল্লা, জানালার খাই, সেনিটারী ও বৈদ্যুতিক ফিটিংস স্থাপন এবং তৃতীয় কোট রং সম্পন্ন করে হস্তান্তর কাজ সম্পন্ন করা হবে। ফিনিশিং কাজ চলমান আছে। ভার্টিক্যাল এক্সটেনশন কাজের ৩য় তলার ঢালাই সম্পন্ন হয়েছে। গাঁথুনির কাজ চলছে।
১১.	আবাসিক ভবন (১০০০ এবং ১০০০ বর্গফুট)	ভবনটি ইটের গাঁথুনি, প্লাস্টার, চৌকাঠ, গ্রীল, টাইলস্, জানালার খাই, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ সমাপ্ত হয়েছে। টাইলস্, দরজার পাল্লা ও খাই জানালার কাজ চলমান আছে। ২য় তলা পর্যন্ত দ্বিতীয় কোট রং সম্পন্ন করা হয়েছে।
১২.	আবাসিক ভবন (৮০০ এবং ৬০০ বর্গফুট)	ভবনটির পাইল ড্রাইভ এর কাজ সমাপ্ত হয়েছে। পাইল ক্যাপ ঢালাই ডিজাইন পাওয়া যায় নাই।
১৩.	মসজিদ	ভবনটির ডিপিপিতে ২০০০.০০ বর্গফুট প্লিন্থ এরিয়া ধরা ছিল। সে অনুযায়ী দরপত্র আহবান করে চুক্তি সম্পন্ন করা হয়। পরবর্তীতে প্লিন্থ এরিয়া বৃদ্ধি পেয়ে ১ম সংশোধিত ডিপিপিতে ৪৪৯০.০০ বর্গফুট অনুমোদিত হয়েছে। সে অনুযায়ী আর্কিটেক্ট ও স্ট্রাকচার নকশা অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। ২৮/১০/২০১৫ সালে NOA দেওয়া হয়েছে। কিন্তু কাজ শুরু করা সম্ভব হয় নাই।
১৪.	ইন্টানী হোস্টেল (পুরুষ)	দরপত্র আহবান করা হয় নাই।
১৫.	ইন্টানী হোস্টেল (মহিলা)	দরপত্র আহবান করা হয় নাই।

নং	মূল ভবনসমূহ	ভবনের বর্তমান অবস্থা এবং অগ্রগতি
১৬.	মর্গ	দরপত্র আহ্বান করা হয় নাই।
১৭.	মাল্টি-পারপাস ভবন (কমার্শিয়াল স্পেস)	দরপত্র আহ্বান করা হয় নাই।

এখানে উল্লেখ্য যে, প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত মোট ১৭টি ভবনের মধ্য থেকে ৫টি ভবন নির্মাণের দরপত্র আহ্বান করা হয় নাই। অর্থাৎ ২৯% ভবনের দরপত্র আহ্বান করা হয় নাই। মূলত প্রকল্পের নতুনভাবে সংযোজিত ৮ একর জমিতে ঐ স্থাপনা সমূহ নির্মিত হবে। বর্তমানে উক্ত জমিতে স্টে অর্ডার থাকার কারণে জমি অধিগ্রহণ সম্ভব না হওয়ায় এবং গণপূর্ত অধিদপ্তরের সিডিউল অব রেট ইতোমধ্যে পরিবর্তিত হওয়াতে দরপত্র আহ্বান করা সম্ভব হচ্ছে না।



৫.১.৬। ডিপিপির সংস্থানের বিপরীতে অনুমোদন ব্যতিত অসংখ্য প্যাকেজে দরপত্র আহ্বান

৩রা জুলাই ২০১১ সালে স্থাপত্য অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তর ৫০০ শয্যা বিশিষ্ট কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতালের জন্য স্পেসিফিকেশন প্রস্তুত করেন। মূল ডিপিপিতে হাসপাতাল, একাডেমিক ভবন এবং হোস্টেল ভবনসহ ১৩টি ভবন ও বিদ্যুতায়ন সহ ১৬ টি ছোট ছোট অঙ্গ রয়েছে। পরবর্তীতে মূল ডিপিপিতে সকল নির্মাণে কাজ সম্পন্ন করার লক্ষ্যে ১টি প্যাকেজ নির্ধারণ করা হয়। কিন্তু যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে নির্মাণ কার্যক্রম একাধিক প্যাকেজে বিভক্ত করে ক্রয় কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এছাড়া অঞ্জের কাজের মূল চুক্তির পাশাপাশি অসম্পন্ন কাজ সম্পাদন করার লক্ষ্যে ক্ষুদ্র ক্ষুদ্র সীমিত দরপত্র আহ্বান করা হয়। তবে একাজের দরপত্র আহ্বানের পূর্বে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন নেয়া হয়নি। যা অনুমোদিত প্রকল্প দলিল এবং একনেক-এর সিদ্ধান্তের ব্যত্যয়। এ ধরনের ব্যত্যয় ভবিষ্যতে যেন ঘটে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে।

প্যাকেজের খাত	প্যাকেজের সংখ্যা	
	মূল	১ম সংশোধিত
পণ্য	১২	১২
সেবা	১	১
পূর্ত কাজ	১	৭১

একটি ভবন নির্মাণ (১ম পর্যায়ে রেট সিডিউল ২০১১, পরবর্তী পর্যায়ে ভার্টিক্যালক্যাল রেট সিডিউল ২০১৪) কাজকে দুই ধরনের রেট সিডিউল অনুযায়ী কাজ দেয়ায় নির্মাণ খরচ বৃদ্ধি পেয়েছে। গণপূর্ত অধিদপ্তরের বক্তব্য মতে, মূল

DPPতে সকল কাজ ১টি প্যাকেজে দেখানো হয়। এক্ষেত্রে মূল DPP প্রণয়নের সময় গণপূর্ত অধিদপ্তরের নিকট হতে ক্রয় পরিকল্পনা সংগ্রহ করে DPPতে সংযোজন করা হয়নি।

৫.১.৭। একটি ভবন নির্মাণ কার্যক্রমকে অসংখ্য প্যাকেজে বিভক্তিকরণ

পরবর্তীতে প্রকল্পের প্রথম সংশোধনে পূর্তকাজের একটি প্যাকেজকে ৭১টি প্যাকেজে বিভক্ত করা হয়। এ যাবৎ কালে এ পর্যন্ত একটি হাসপাতালের নির্মাণ কাজে (মূলত ১৭ টি ভবন) এতগুলো প্যাকেজ গঠন করার কোন প্রয়োজনীয়তা ছিল না। এক্ষেত্রে একটি ভবনকে সর্বোচ্চ চারটি প্যাকেজে বিভক্ত করা হয়। উল্লেখ্য যে, হাসপাতাল ভবনের পাইল স্থাপনের অবশিষ্ট কাজ এবং বালি ভরাটের বাকি কাজের ক্ষেত্রেও আলাদা প্যাকেজ করা হয়। প্রতিটি কাজের জন্য আলাদা দরপত্র আহ্বান করা হয়, আলাদা কমিটি গঠন এবং দরপত্র মূল্যায়ন ইত্যাদি কাজকে অতিরিক্ত অর্থ ব্যয় ও সময় সাপেক্ষ করে তোলে। নির্মাণ কার্যক্রম চলাকালীন সময়ে প্রতিটি ভবনের ভাটিক্যাল এক্সটেনশন করা হয়েছে।

সারণী ৫.৫ বিভিন্ন ভৌত অবকাঠামো নির্মাণে প্যাকেজের বিবরণ

ভবনের বিবরণ	প্যাকেজ নং	প্যাকেজের বিবরণ
হাসপাতাল ভবন	WD1	১০ তলা ভিতসহ ৩ তলা হাসপাতাল ভবন নির্মাণ (ভ্যারিয়েশন ওয়ার্কসহ)
	WD2	পাইল স্থাপনের অবশিষ্ট কাজ
	WD3	বালি ভরাটের বাকি কাজ
	WD4	হাসপাতালের ভবনের ৩ তলা থেকে ৬ তলা পর্যন্ত ভাটিক্যাল এক্সটেনশন (আনুষঙ্গিক কাজ সহ)
একাডেমিক ভবন	WD5	৬ তলা ভিতসহ ৪ তলা একাডেমিক ভবন নির্মাণ (ভ্যারিয়েশন ওয়ার্কসহ)
	WD6	একাডেমিক ভবনের ৪ তলা থেকে ৫ তলা পর্যন্ত ভাটিক্যাল এক্সটেনশন (আনুষঙ্গিক কাজ সহ)
ছাত্র হোস্টেল (পুরুষ)	WD7	৬ তলা ভিতসহ ৪ তলা ছাত্র হোস্টেল (পুরুষ) ভবন নির্মাণ (ভ্যারিয়েশন ওয়ার্কসহ)
	WD8	ছাত্র হোস্টেল (পুরুষ) ভবন জন্য কম্পাউন্ড ড্রেন এবং কম্পাউন্ড দেয়াল নির্মাণ
ছাত্র হোস্টেল (মহিলা)	WD9	৬ তলা ভিতসহ ৪ তলা ছাত্র হোস্টেল (মহিলা) ভবন নির্মাণ (ভ্যারিয়েশন ওয়ার্কসহ)
	WD10	ছাত্র হোস্টেল (মহিলা) ভবন জন্য কম্পাউন্ড ড্রেন এবং কম্পাউন্ড দেয়াল নির্মাণ
সিঙ্গেল ডক্টরস ডরমিটরি (পুরুষ)	WD11	৬ তলা ভিতসহ ৩ তলা সিঙ্গেল ডক্টরস ডরমিটরি (পুরুষ) ভবন নির্মাণ (ভ্যারিয়েশন ওয়ার্কসহ)
	WD12	সিঙ্গেল ডক্টরস ডরমিটরি (পুরুষ) ভবনের ৩ তলা থেকে ৫ তলা পর্যন্ত ভাটিক্যাল এক্সটেনশন (আনুষঙ্গিক কাজ সহ)
সিঙ্গেল ডক্টরস ডরমিটরি (মহিলা)	WD13	৬ তলা ভিতসহ ৩ তলা সিঙ্গেল ডক্টরস ডরমিটরি (মহিলা) ভবন নির্মাণ (ভ্যারিয়েশন ওয়ার্কসহ)
	WD14	সিঙ্গেল ডক্টরস ডরমিটরি (মহিলা) ভবনের ৩ তলা থেকে ৫ তলা পর্যন্ত ভাটিক্যাল এক্সটেনশন (আনুষঙ্গিক কাজ সহ)
আবাসিক ভবন (১৮০০ এবং ১৫০০ বর্গফুট)	WD18	৬ তলা ভিতসহ ১ তলা আবাসিক ভবন (১৮০০ এবং ১৫০০ বর্গফুট) ভবন নির্মাণ
	WD19	আবাসিক ভবন (১৮০০ এবং ১৫০০ বর্গফুট) ভবনের ১ তলা থেকে ২ তলা পর্যন্ত ভাটিক্যাল এক্সটেনশন (আনুষঙ্গিক কাজ সহ)
আবাসিক ভবন (১০০০ এবং ১০০০ বর্গফুট)	WD20	Construction of 3 storied Residential accommodation building (1800 & 1500 sft) College & Hospital (Principal, Director, Vice- principal & Deputy Director) with 6 storied foundation in/c variation work
	WD21	Vertical extension of Residential accommodation building (1800 & 1500 sft) College & Hospital (Principal. Director, Vice- principal & Deputy Director) from 2 nd floor (1500 sft) in/c ancillary work
আবাসিক ভবন (৮০০ এবং ৬০০ বর্গফুট)	WD22	Construction of 3 storied Residential accommodation building (1000 & 1000 sft) (hospital) with 6 storied foundation in/c variation work
	WD23	Compound Drain & Compound Wall in (1000 & 1000 sft) in/c ancillary

এ প্রকল্পের ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত বিভিন্ন চুক্তি করা হয়েছে। তবে একবার চুক্তি হয়ে গেলে কাজ শেষ না হওয়া পর্যন্ত কোন ভাবেই কাজের পরিধি বা রেট পরিবর্তনের কোন সুযোগ পিপিআর অনুযায়ী নেই। পেয়েছে।

গণপূর্ত অধিদপ্তরের বক্তব্য মতে, মূল ডিপিপিতে সকল কাজ ১টি প্যাকেজে দেখানো হয়। এক্ষেত্রে মূল ডিপিপি প্রণয়নের সময় গণপূর্ত অধিদপ্তরের নিকট হতে ক্রয় পরিকল্পনা সংগ্রহ করে ডিপিপিতে সংযোজন করা হয়নি। সাধারণত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ একটি প্রকল্পের ক্রয় পরিকল্পনা পৃথক পৃথক ভবন ও নির্মাণ অংগসমূহের প্রকৃতি ও বাস্তবতার নিরিখে প্রণয়ন করে থাকে যাতে ক্রয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা সম্ভব হয়। উদ্ভূত সমস্যা নিরসনকল্পে আরডিপিতে ৭১টি প্যাকেজের প্রস্তাব দেওয়া হয়। অধিকাংশ ভবনের ক্ষেত্রেই Scope of Work কমিয়ে মূল ডিপিপির মধ্যে সীমাবদ্ধ থেকে ১ম দরপত্র করা হয়। পরবর্তীতে আরডিপিপি (১ম সংশোধনী) অনুমোদনের পর প্রকল্পের পূর্ণ স্কেপ অনুসারে ২য় প্যাকেজের মাধ্যমে দরপত্র আহ্বান পূর্বক কাজ সম্পন্ন করা হচ্ছে।

৫.১.৮। ফিনিশিং কাজ নষ্ট হবার আশংকা

একটি ভবন তৈরির ক্ষেত্রেও একটি নির্দিষ্ট ক্রম অনুসরণ করতে হয়। যাকে প্রকৌশলীদের ভাষায় “কনস্ট্রাকশন সিকোয়েন্স” বলা হয়। “কনস্ট্রাকশন সিকোয়েন্স” কে দুই ভাগে ভাগ করা হয়। একটি হলো “কাঠামোগত বা স্ট্রাকচারাল কাজ”, আর অপরটি হলো “ফিনিশিং কাজ”। এক্ষেত্রে সাধারণত কাঠামোগত সকল কাজ সম্পন্ন হবার পরই ফিনিশিং এর কাজ করতে হয়। “কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন” প্রকল্পটি অধিকাংশ নির্মাণাধীন ভবন নির্মাণ কাজকে একাধিক প্যাকেজে বিভক্তির কারণে ভবনটির প্রায় অর্ধেক তলার ইটের গাঁথুনি, প্লাস্টার, চৌকাঠ, দরজার কাঠের পাল্লা, জানালার খাই, গ্রীল, টাইলস্, স্যানিটারী ও ইলেকট্রিক কাজ সহ আনুষঙ্গিক কাজ সমাপ্ত হয়েছে। এমনকি অনেক ক্ষেত্রে রং এর কাজ সম্পন্ন করা হয়েছে। বাকি অর্ধেকের জন্য ভার্টিক্যাল এক্সটেনশন করা হচ্ছে। নির্মাণাধীন ভবনের কাঠামোগত কাজ সম্পূর্ণ শেষ হবার পূর্বেই ফিনিশিং এর কাজ সম্পন্ন করায় প্লাস্টার, চৌকাঠ, দরজার কাঠের পাল্লা, জানালার খাই, গ্রীল, টাইলস্ ইত্যাদি নষ্ট হচ্ছে।



৫.১.৯। অনুমোদন ব্যতিরেকে নতুন রেট শিডিউলে দরপত্র আহ্বান

প্রকল্পের মূল ডিপিপি গণপূর্তের ২০০৮ সালের রেট শিডিউলের ভিত্তিতে প্রণয়ন করা হয়। এক্ষেত্রে গণপূর্ত অধিদপ্তর যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ডিপিপিতে অনুমোদিত ২০০৮ সালের রেট শিডিউলের পরিবর্তে ২০১১ সালের রেট শিডিউল অনুযায়ী দরপত্র আহ্বান করা হয়। এক্ষেত্রে মূল ডিপিপির ব্যত্যয় ঘটিয়ে নির্মাণ কাজের আর্থিক বিদ্যুতি দেখা যায়।

২১ জুন ২০১৮ সালে একনেক সভায় প্রকল্পটির ১ম সংশোধন অনুমোদনকালে ২০১৪ সালের রেট সিডিউল অনুসারে সংশোধন করা হয়েছিল। উল্লেখ করা প্রয়োজন যে, গণপূর্ত অধিদপ্তর ১ মে ২০১৮ তারিখে নির্মাণ সংক্রান্ত নতুন রেট সিডিউল কার্যকর করে। কিন্তু ২১ জুন ২০১৮ তারিখে যেখানে নতুন রেট সিডিউল ধার্য করা হয়েছে সেখানে পূর্ববর্তী ২০১৪ সালের রেটে প্রকল্পের সংশোধন করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপস্থাপিত করেন। তৎকালীন প্রকল্প পরিচালক জানান যে, ১ম সংশোধনী অনুমোদনের প্রাক্কালে বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টিতে আনলেও অজ্ঞাত কারণে সংশোধিত ডিপিপিতে রেট সিডিউল-২০১৮ ধার্য করা সম্ভব হয় নাই। গণপূর্ত অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য মতে, প্রকল্পটির সংশোধনী প্রস্তাব প্রদানকালে ২০১৮ সালের রেট সিডিউল চূড়ান্ত পর্যায়ে ছিল কিন্তু প্রস্তাবিত নির্মাণ অংগের ব্যয় প্রাক্কলন ২০১৪ সালের তৎকালীন প্রচলিত রেট সিডিউল অনুযায়ী তৈরী করা হয়। এর সঙ্গে ২০১৮ সালের রেট সিডিউলের সম্ভাব্য দরবৃদ্ধি হিসেবে ২০% মূল্য বৃদ্ধির প্রস্তাব দেয়া হয়। আরডিপিপি প্রস্তাবের উপর আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে অনুষ্ঠিত পিইসি সভায় দরবৃদ্ধির প্রস্তাবটিতে সম্মতি প্রদান না করে ২০১৪ সালের রেইট সিডিউল অনুযায়ী পুন: আরডিপিপি প্রস্তাব পাঠাতে নির্দেশনা দেয়। উক্ত সিদ্ধান্তের আলোকে ২০১৪ সালের রেইট সিডিউল অনুযায়ী আরডিপিপি প্রস্তাব পাঠানো হলে একনেক সভায় তার অনুমোদন প্রদান করা হয়।

৫.১.১০। নির্মাণ কাজ সময়মত সমাপ্ত না করতে পারার কারণে রেট সিডিউলের বিভিন্ন সময়ে পরিবর্তন

প্রকল্পের ডিপিপি গণপূর্ত অধিদপ্তরের ২০০৮ সালের রেট সিডিউল অনুসারে প্রণয়ন করা হয়। কিন্তু নির্মাণ কাজ শুরু করার পূর্বেই গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউলের পরিবর্তন ঘটে। ফলে প্রকল্পের নির্মাণ কাজ পরিবর্তিত রেট সিডিউল (২০১১ সালের রেট সিডিউল) অনুসারে শুরু করা হয়। নির্মাণ কাজ চলমান অবস্থায় ২০১৪ সালে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল আরেক দফা পরিবর্তিত হয়। ফলে প্রকল্পের কিছু নির্মাণ কাজ ২০১৪ এর রেট সিডিউল অনুসারে করা হয়। পরবর্তীতে ১ম সংশোধনীতে গণপূর্ত অধিদপ্তরের রেট সিডিউল পরিবর্তন করা হয়েছে। ডিসেম্বর ২০১৯ পর্যন্ত নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ায় আরেক দফা রেট সিডিউল পরিবর্তন হওয়ার আশংকা রয়েছে। প্রকল্পটি সময়মত শেষ না করতে পারার কারণে বিভিন্ন সময়ে যে সকল রেট সিডিউলে কাজ সম্পন্ন করা হয়েছে/ হবে তা নিম্নরূপঃ

- রেট সিডিউল ২০০৮ (মূল ডিপিপিতে প্রস্তাবিত)
- রেট সিডিউল ২০১১ (দরপত্র আহ্বান)
- রেট সিডিউল ২০১৪ (১ম সংশোধনীতে প্রস্তাবিত)
- রেট সিডিউল ২০১৮ (২য় সংশোধনীতে প্রস্তাবিত)

এক্ষেত্রে উল্লেখিত যে, প্রকল্পটি জুলাই ২০১২ হতে জুন ২০১৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্তে অনুমোদিত হয়। যথাসময়ে দরপত্র আহ্বান করা হলে ২০১১ সালে রেট সিডিউল অনুসরণ করা যেত। নির্মাণ কাজ সময়মত বাস্তবায়ন না করতে পারার কারণে বিভিন্ন সময়ের রেট সিডিউলের অনুযায়ী কাজ করা হয়েছে/ হবে।

৫.১.১১। ক্রয় প্রক্রিয়ার অনভিজ্ঞ ঠিকাদারদের অংশগ্রহণের সুযোগ সৃষ্টি

কুষ্টিয়া মেডিকেল কলেজে ও হাসপাতাল স্থাপন প্রকল্পের যে সকল প্যাকেজ ইতোমধ্যে আহ্বান করা হয়েছে তা মূলত ২০১৪-১৫ অর্থবছরে এবং পরবর্তীতে ২০১৮-১৯ অর্থবছরে আহ্বানকৃত। ক্রয় প্রক্রিয়ার অধিকাংশ ক্ষেত্রে Standard Tender Document (National) for Procurement of Works [Open Tendering] ব্যবহার করা হয়েছে। ২০১৪ এবং ২০১৫ সালে যে সকল প্যাকেজের টেন্ডার আহ্বান করা হয়েছিল তার 'Eligibility of Tenderer' পর্যালোচনাকালে দেখা যায় যে, প্রায় সকল 'Eligibility Criteria' থেকে 'Lead Tenderer' বাদে অন্যদের ক্ষেত্রে কোন Criteria নির্ধারণ করা হয়নি। Eligibility criteria-তে other partner-দের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ criteria 'optional' করে দেওয়ার ফলে কিছু অনভিজ্ঞ এবং অদক্ষ ঠিকাদার কাজ পাওয়ার সুযোগ পেয়ে যায়। ২০১৪-১৫ অর্থ বছরে গণপূর্ত অধিদপ্তরের তৎকালীন সংশ্লিষ্ট কর্মকর্তারা 'Eligibility is optional for other partner' করে দেওয়ার ফলেই কুষ্টিয়ায় বর্তমানে কাজের এই বেহাল দশা। উদাহরণস্বরূপ বলা যেতে পারে প্রকল্পের অন্যতম প্রধান ভবন হাসপাতাল ভবনের কাজ দেওয়া হয়েছিল মেসার্স TEAL-Jahirul Ltd.(JV) ঠিকাদারী প্রতিষ্ঠানকে। TEAL হচ্ছে The Engineers and Architects Ltd যাদের প্রকৃত্ত্ব ভবন এবং OPD Complex of BSMMU-এর নির্মাণ কাজসহ ও অন্যান্য কাজের অভিজ্ঞতা রয়েছে। কিছু কুষ্টিয়ায় এই হাসপাতালে ভবন নির্মাণের ক্ষেত্রে TEAL এর Eligibility কে পূঁজি করে মেহেরপুরের মল্লিকাপাড়ার সুপারস্ট্রাকচার নির্মাণে অনভিজ্ঞ ঠিকাদার Jahirul Ltd সহযোগী পার্টনার

হিসেবে JV করে কাজটি পায়। সুপারস্ট্রাকচার নির্মাণ কাজে অনভিজ্ঞ, অদক্ষ ঠিকাদার নিয়োগের এক করুণ দৃষ্টান্ত কুষ্টিয়া হাসপাতাল ভবন নির্মাণে শ্রমিকের মৃত্যু। প্রকল্পের ঠিকাদার নির্বাচনের ক্ষেত্রে যদি অনভিজ্ঞ এইসব 'other partner'-দের JV করার সুযোগ প্রদান না করা হতো তবে হয়তো বা এতদিনে সকল নির্মাণ কাজ সম্পন্ন করা সম্ভব হতো। এখানে উল্লেখ্য যে, Standard Tender Document-এ সুস্পষ্টভাবে উল্লেখ আছে যে, 'In case of JV, tender capacity requirement for Leading Partner shall be minimum 40%' এবং 'for other partners shall be minimum 25%'. তাই ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থ বছরে যে সকল টেন্ডার আহ্বান করা হয়েছিল তাতে JV এর ক্ষেত্রে ঠিকাদারের অভিজ্ঞতা শিথিল করে দেওয়ায় সুপারস্ট্রাকচার নির্মাণে অনভিজ্ঞ ঠিকাদার টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করে কাজ পায়।

৫.১.১২। কাজ সময়মত বাস্তবায়ন না করতে পারায় Liquidated Damages আদায় না করা

যথাসময়ে কাজ শেষ না করার ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছে দেশের জনগণ বিশেষত । প্রকল্পটির মূল ডিপিপি প্রস্তুত করা হয়েছিল গণপূর্ত অধিদপ্তরের তৎকালীন ২০০৮ সালের রেট সিডিউল অনুসারে। পরবর্তীতে দরপত্র আহ্বান করা হয় ২০১১ এবং ২০১৪ সালের রেট সিডিউল অনুসারে। ২০১৫-১৬ সালে যে সকল কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছিল তার অনেকগুলোর নির্মাণ কাজ এখনো সমাপ্ত হয়নি। যথাসময়ে কাজ শেষ না করার এই প্রবণতা বন্ধ করা অতীব জরুরী। সাধারণত উন্নয়ন সহযোগীদের অর্থায়নে যেসব ক্রয় সম্পাদন করা হয়ে থাকে তার চুক্তিপত্রে 'Completion Time Guarantee' করার নিমিত্তে 'Liquidated Damages' যা সাধারণত ০.০১% প্রতি সপ্তাহে এবং সর্বোচ্চ চুক্তিমূল্যের ১০% নির্ধারণ করা হয়ে থাকে। 'Liquidated Damages' -এর মূল উদ্দেশ্যই হচ্ছে যথাসময়ে কাজটি সম্পন্ন করার জন্য ঠিকাদারকে তাগাদা দেওয়া। গণপূর্ত অধিদপ্তর ঠিকাদার কর্তৃক নির্মাণ কাজ যথাসময়ে কাজ শেষ করার লক্ষ্যে 'Standard Tender Document' অনুসারে 'Liquidated Damages' আদায়ের বিষয়টি বিবেচনা করে দেখতে পারে।

৫.১.১৩। ডিপিপির তুলনায় ব্যয় বৃদ্ধির আশংকা

বর্তমানে ডিসেম্বর ২০১৯ নাগাদ প্রকল্পের কার্যক্রম সমাপ্ত না হবার কারণে ডিপিপিতে অন্তর্ভুক্ত অবশিষ্ট ভবনসমূহ, জিমনেসিয়াম, টিচিং মর্গ, মসজিদ, প্রিন্সিপাল ও ডাইরেক্ট ভবনসহ অন্যান্য কাজের দর গণপূর্ত অধিদপ্তরের দর তফসিল ২০১৮ অনুযায়ী নির্ধারণ করার জন্য প্রস্তাব করা হয়েছে। এতে প্রাক্কলিত ব্যয় বৃদ্ধির আশংকা রয়েছে। এছাড়া ডিপিপিতে বর্ণিত যন্ত্রপাতি, আসবাবপত্র এবং বহিঃস্থ বৈদ্যুতিক কাজের দর সিডিউল অব রেটস-২০১৮ মোতাবেক প্রস্তাব করায় ব্যয় বৃদ্ধির আশংকা রয়েছে।

৫.১.১৪। স্থাপত্য অধিদপ্তরের অনুমোদিত নকশার স্কেপ ও ডিজাইন পরিবর্তন

মূল ডিপিপিতে একাডেমিক ভবন, হাসপাতাল ভবন, সিঙ্গেল ডক্টরস ডরমিটরি (পুরুষ), ছাত্র হোস্টেল ভবন নির্মাণের ক্ষেত্রে ডিপিপিতে অনুমোদিত ফ্লোর সংখ্যা থেকে কমিয়ে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক কার্যাদেশ প্রদান করা হয়। এক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে দরপত্র আহ্বানের ক্ষেত্রে পরিমাণগত বিচ্যুতি দেখা যায়।

সারণী ৫.৬ বিভিন্ন ভৌত অবকাঠামোর অনুমোদিত নকশার স্কেপ ও ডিজাইন পরিবর্তন

নং	ভবনের নাম	লক্ষ্যমাত্রা	১ম ধাপে গৃহীত কার্যক্রম	বিচ্যুতি	২য় ধাপে গৃহীত কার্যক্রম
১.	হাসপাতাল ভবন	১০ তলা ভিতের উপর ৭ তলা ভবন	১০ তলা ভিতের উপর ৩ তলা ভবন	৪ তলা	ভাটিক্যাল এক্সটেনশনের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন
২.	একাডেমিক ভবন	৬ তলা ভিতের উপর ৫ তলা ভবন	৬ তলা ভিতের উপর ৪ তলা ভবন	৪ তলা	ভাটিক্যাল এক্সটেনশনের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন
৩.	ডক্টরস ডরমেটরী (পুরুষ)	৬ তলা ভিতের উপর ৬ তলা ভবন	৬ তলা ভিতের উপর ৩ তলা ভবন	৩ তলা	ভাটিক্যাল এক্সটেনশনের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন
৪.	ডক্টরস ডরমেটরী (মহিলা)	৬ তলা ভিতের উপর ৬ তলা ভবন	৬ তলা ভিতের উপর ৩ তলা ভবন	৩ তলা	ভাটিক্যাল এক্সটেনশনের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন
৫.	আবাসিক ভবন (১৮০০	৬ তলা ভিতের উপর	৬ তলা ভিতের	১ তলা	ভাটিক্যাল এক্সটেনশনের

নং	ভবনের নাম	লক্ষ্যমাত্রা	১ম ধাপে গৃহীত কার্যক্রম	বিদ্যুতি	২য় ধাপে গৃহীত কার্যক্রম
	এবং ১৫০০ বর্গফুট) (হাসপাতাল)	৩ তলা ভবন	উপর ২ তলা ভবন		মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন
৬.	আবাসিক ভবন (১৮০০ এবং ১৫০০ বর্গফুট) (কলেজ ও হাসপাতাল)	৬ তলা ভিতের উপর ২ তলা ভবন	৬ তলা ভিতের উপর ১ তলা ভবন	১ তলা	ভাটিক্যাল এক্সটেনশনের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন

উল্লেখ্য যে, একটি ভবন নির্মাণ (১ম পর্যায়ে রোট শিডিউল ২০১১, পরবর্তী পর্যায়ে ভাটিক্যাল কাজে রোট শিডিউল ২০১৪) কাজকে দুই ধরনের রোট শিডিউল অনুযায়ী কাজ দেয়ায় নির্মাণ খরচ বৃদ্ধি পেয়েছে।

৫.১.১৫। ডিপিপি সংস্থানের বিপরীতে ভবনের ভিতসহ অন্যান্য তলার পরিধি ও পরিমাপ হ্রাস

কুষ্টিয়া ও এর আশপাশের জেলার মানুষের অন্তত ২০ বছর পরের চাহিদা মাথায় রেখে একনেকে অনুমোদন দেওয়া হয়েছিল কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণ প্রকল্প। কিন্তু প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা অনুমোদিত নকশা পরিবর্তন করে কাজ শুরু করে দেওয়ার পর মূল্য বাড়িয়ে কার্যাদেশ দেওয়াসহ নানা অনিয়মে বিভিন্ন ভবনের পরিধি ও পরিমাপ হ্রাস করা হয়।

সারণী ৫.৭ বিভিন্ন ভৌত অবকাঠামোর সংশোধিত ডিপিপি এবং নকশা অনুযায়ী প্লিন্থ এরিয়া

নং	ভবনের বিবরণ	সংশোধিত ডিপিপি অনুযায়ী প্লিন্থ এরিয়া (বর্গফুট)	নকশা অনুযায়ী প্লিন্থ এরিয়া (বর্গফুট)
২২.	হাসপাতাল ভবন	৫৯৯২১.৯৬	৬১৬১১.৮৫
২৩.	একাডেমিক ভবন	১৪৮৬৪.৩৬	১৪৭১২.৭৪
২৪.	ছাত্র হোস্টেল	৩৬৯৬.৫৮	৩৩১৫.৫৯
২৫.	ছাত্রীদের হোস্টেল	৩৬৯৬.৫৮	৩৩১৫.৫৯
২৬.	ডক্টরস ডরমেটরী (পুরুষ)	১৪৩৯.৯৯	১২৮৩.১৭
২৭.	ডক্টরস ডরমেটরী (মহিলা)	১৪৩৯.৯৯	১২৮৩.১৭
২৮.	স্টাফ নার্সেস ডরমেটরী	১৪১২.১১	১৪১২.১১
২৯.	ইমার্জেন্সী নার্সেস ডরমেটরী	৫৪৩.৪৮	৯২৯.০২
৩০.	মসজিদ	৪৩৭.৯৪	২৫৫.৬৭
৩১.	আবাসিক ভবন (১৮০০ এবং ১৫০০ বর্গফুট)	১৫২৩.৬০	১৪২০.৬৬
৩২.	আবাসিক ভবন মেডিকেল কলেজের অধ্যক্ষ ও হাসপাতালের পরিচালকের আবাসিক ভবন (১৮০০ এবং ১৫০০ বর্গফুট)	২২৮৫.৪০	২১২৩.৪৭
৩৩.	আবাসিক ভবন (১০০০ এবং ১০০০ বর্গফুট)	৯২৯.০২	৯৫৪.৩৯
৩৪.	আবাসিক ভবন (৮০০ এবং ৬০০ বর্গফুট)	১৩৯৩.৮৩	৮৯৯.৪৭
৩৫.	ইন্টার্নী হোস্টেল (পুরুষ)	১৪৭৪.৯৩	১১৭৪.৯৩
৩৬.	ইন্টার্নী হোস্টেল (মহিলা)	১১৭৪.৯৩	১১৭৪.৯৩
৩৭.	মর্গ	৬০৫.৭২	৬০৫.৭২
৩৮.	সাব স্টেশন	১২১১.৪৪৬	১২১১.৪৪৬

৫.১.১৬। চুক্তি মূল্য ও ডিপিপি মূল্য অপেক্ষা অতিরিক্ত মূল্যে চুক্তি সম্পাদন

নির্মাণ সংক্রান্ত প্যাকেজের মূল ডিপিপিতে উল্লেখিত মূল্য অপেক্ষা অতিরিক্ত অর্থ ব্যয়ে চুক্তি করা হয়েছে। যা অনুমোদিত প্রকল্প দলিল এবং একনেক-এর সিদ্ধান্তের ব্যত্যয়। এ ধরনের ব্যত্যয় ভবিষ্যতে যেন না ঘটে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে।

সারণী ৫.৮ অতিরিক্ত মূল্যে চুক্তি পরিশোধ

নং	প্যাকেজ	মূল ডিপিপি অনুযায়ী চুক্তি মূল্য	চুক্তি মূল্য	ভেরিয়েসন অর্ডারের মূল্য	মোট (চুক্তি মূল্য + ভেরিয়েসন অর্ডার)	পার্থক্য
১	একাডেমিক ভবন	৩০৩৯.৪৫	২৯৮১.৪৮	৭৮.৯৬	৩০৬০.৪৪	২০.৯৯
২	হাসপাতাল ভবন (২৫০ শয্যা)	১১২৮০.৫০	৯২২৪.৩৭	২৬৮.২৯	৯৪৯২.৬৬	-
৩	সিঙ্গেল ডক্টরস ডরমিটরি (পুরুষ)	২২০.০৪	২১৬.১১	২৭.৭৭	২৪৩.৮৮	২৩.৮৪
৪	সিঙ্গেল ডক্টরস ডরমিটরি (মহিলা)	২২০.০৪	২২০.৪৮	৯.৮৯	২৩০.৩৭	১০.৩৩

৫.১.১৭। চুক্তি স্বাক্ষরের পর স্থাপত্য নকশা ও কাঠামো গত নকশার পরিবর্তন

প্রকল্পের বেশীর ভাগ ভবনের নির্মাণ কাজ অনুমোদিত আয়তনের চেয়ে কম আয়তনে নির্মাণ করা হয়েছে। যা মার্চ ২০১৬ এ আইএমইডি'র মূল্যায়ন প্রতিবেদনে উল্লেখ রয়েছে। উদাহরণস্বরূপ তিনি উল্লেখ করেন যে একাডেমিক ভবনের ফাউন্ডেশন ৩২৫১.৫৭ স্কয়ার মিটারের পরিবর্তে ২৫৩০.২৯ স্কয়ার মিটার এবং গ্রাইন্ড ফ্লোর ৩২৫১.৫৭ স্কয়ার মিটার পরিবর্তে ২৫৩০.২৯ স্কয়ার মিটার হিসেবে নির্মাণ কাজ করা হয়েছে। চুক্তি স্বাক্ষরের পর ভবনের ভিতসহ অন্যান্য তলার আয়তন কমানোর ফলে অনুমোদিত স্থাপত্য নকশাও পরিবর্তন করা হয়েছে।

৫.১.১৮। অনিয়মের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সম্ভব না হওয়া (যা একনেক সিদ্ধান্তের ব্যত্যয়)

গত ২১/০৬/২০১৮ তারিখে একনেক সভায় প্রকল্পের ১ম সংশোধন অনুমোদনের প্রাক্কালে এই মর্মে সিদ্ধান্ত প্রদান করা হয় যে, “যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই আর্থিক ও পরিকল্পনা শৃংখলা লঙ্ঘন করে অনুমোদিত ডিপিপি'র সংস্থানকৃত নির্মাণ কাজের Scope of work পরিবর্তনসহ যে সকল অনিয়ম করা হয়েছে সে বিষয়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে”। তবে এ সংক্রান্ত কোন ব্যবস্থা এ পর্যন্ত নেয়া হয় নাই। যা একনেক সিদ্ধান্তের ব্যত্যয়।

৫.১.১৯। কার্যক্রম বাস্তবায়নে ঠিকাদারের গাফিলতি

নির্মাণ কাজ যথাসময়ে সম্পন্ন করার ক্ষেত্রে নির্মাণ প্রতিষ্ঠান তথা ঠিকাদারের ভূমিকা অতি গুরুত্বপূর্ণ। ইতোমধ্যে কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণের লক্ষ্যে দরপত্র আহ্বান করা হয়েছে। যে সকল কারণে নির্মাণ কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করা সম্ভব হবে না তার মধ্যে ঠিকাদারের গাফিলতি একটি অন্যতম কারণ। ঠিকাদারদের গাফিলতি/ অবহেলার কারণে নির্মাণ কাজ যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হবে না। মাঠ পর্যায়ে ঠিকাদার কর্তৃক অদক্ষ জনবল নিয়োগ করে কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পটি হুমকির মুখে পড়েছে।

৫.১.২০। ঠিকাদার কর্তৃক নির্মাণ প্যাকেজ সময়মত সম্পন্ন না হওয়া
চুক্তি অনুযায়ী নির্মাণ কার্যক্রম সময়মত শেষ করা সম্ভব না।

সারণী ৫.৯ প্যাকেজ ও কাজ সমাপ্তির সম্ভাব্য তারিখ

ভবনের নাম	প্যাকেজ নং	প্যাকেজের নাম	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী কাজ সম্পন্নতার তারিখ	সময়গত ব্যত্যয় মে ২০২০ পর্যন্ত	প্রকৃত অবস্থা
হাসপাতাল ভবন	WD1	Construction of 3 storied Hospital Building with 10 storied foundation in/c variation work.	১৫/০৬/২০১৫	১৫/০৬/২০১৮	১ বছর, ১১ মাস, ১৬ দিন	সমাপ্ত হয়নি
	WD4	Vertical Extension of Hospital Building from 3 rd floor to 6 th floor in/c ancillary work	২৪/১২/২০১৮	৩১/০৭/২০১৯	১০ মাস	সমাপ্ত হয়নি
একাডেমিক ভবন	WD5	Construction of 4 storied Academic Building with 6 storied foundation in/c variation work	২৩/০৭/২০১৩	২৩/০৩/২০১৫	৫ বছর, ২ মাস, ৮ দিন	সমাপ্ত হয়নি
	WD6	Vertical Extension of Academic Building from 4 th floor to 5 th floor in/c ancillary Work	১৪/১০/২০১৮	১৩/০২/২০১৯	১ বছর, ৪ মাস, ১৮ দিন	সমাপ্ত হয়নি
ছাত্র হোস্টেল	WD7	Construction of 4 storied hostel building (Male) with 6 storied foundation in/c variation work	২২/০৫/২০১৩	২২/১১/২০১৪	৫ বছর, ৬ মাস, ৯ দিন	সমাপ্ত হয়নি
ছাত্রীদের হোস্টেল	WD9	Construction of 4 storied Hostel building (Female) with 6 Storied foundation in/c variation work	২২/০৫/২০১৩	২২/১১/২০১৪	৫ বছর, ৬ মাস, ৯ দিন	সমাপ্ত হয়নি
সিঙ্গেল ডক্টরস অ্যাকমেডেশন (পুরুষ)	WD11	Construction of 3 storied Single doctors accommodation (Male) With 6 storied foundation in/c variation work	১২/৯/২০১৩	১২/১২/২০১৪	৫ বছর, ৫ মাস, ১৯ দিন	সমাপ্ত হয়নি
	WD12	Vertical Extension of Single doctors accommodation (Male) from 3 rd floor to 5 th floor in/c ancillary work	০২/১০/২০১৮	১০/৩/২০১৯	১ বছর, ২ মাস, ২১ দিন	সমাপ্ত হয়নি
সিঙ্গেল ডক্টরস অ্যাকমেডেশন (মহিলা)	WD13	Construction of 3 storied Single doctors accommodation (Female) with 6 storied foundation in/c variation work	৮/৯/২০১৩	৩১/১২/২০১৪	৫ বছর, ৫ মাস	সমাপ্ত হয়নি
	WD14	Vertical Extension of Single doctors accommodation (Female) from 3 rd Floor to 5 th floor in/c ancillary work	০২/১০/২০১৮	১০/৩/২০১৯	১ বছর, ২ মাস, ২১ দিন	সমাপ্ত হয়নি
স্টাফ নার্সেস ডরমেটরী	WD15	Construction of 4 storied Staff nurses dormitory Building with 6 storied foundation	২৯/০৯/২০১৬ ১৪/১০/২০১৮	৩১/১২/২০১৭ ৯/১/২০১৯	২ বছর, ৫ মাস ১ বছর, ৪ মাস, ২২ দিন	সমাপ্ত হয়নি
ইমার্জেন্সী নার্সেস ডরমেটরী	WD16	Construction of 4 storied Emergency staff dormitory (hospital) Building with 6 storied foundation	০২/১০/২০১৮	১০/৩/২০১৯	১ বছর, ২ মাস, ২১ দিন	সমাপ্ত হয়নি
আবাসিক ভবন (হাসপাতাল) (১৮০০ এবং ১৫০০ বর্গফুট)	WD18	Construction of 1 storied Residential accommodation building (1800&1500 sft) (For Hospital) with 6 storied foundation	৩/৪/২০১৬	২৫/০৭/২০১৭	২ বছর, ১০ মাস, ৬ দিন	সমাপ্ত হয়নি
	WD19	Vertical Extention of Residential accommodation building 1 st floor (1800 & 1500 sft) (For Hospital) in/c ancillary work	০৪/১০/২০১৮	০৯/১/২০১৯	১ বছর, ৪ মাস, ২২ দিন	সমাপ্ত হয়নি

ভবনের নাম	প্যাকেজ নং	প্যাকেজের নাম	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী কাজ সম্পন্নতার তারিখ	সময়গত ব্যত্যয় মে ২০২০ পর্যন্ত	প্রকৃত অবস্থা
আবাসিক ভবন মেডিকেল কলেজের অধ্যক্ষ ও হাসপাতালের পরিচালকের আবাসিক ভবন (১৮০০ এবং ১৫০০ বর্গফুট)	WD20	Construction of 3 storied Residential accommodation building (1800 & 1500 sft) College & Hospital (Principal, Director, Vice/ principal & Deputy Director) with 6 storied foundation in/c variation work	৭/৭/২০১৪	৭/১০/২০১৫	৪ বছর, ৭ মাস, ২৪ দিন	সমাপ্ত হয়নি
	WD21	Vertical extension of Residential accommodation building (1800 & 1500 sft) College & Hospital (Principal, Director, Vice/ principal & Deputy Director) from 2 nd floor (1500 sft) in/c ancillary work	০২/১০/২০১৮	০৯/১/২০১৯	১ বছর, ৪ মাস, ২২ দিন	সমাপ্ত হয়নি
আবাসিক ভবন (১০০০ এবং ১০০০ বর্গফুট)	WD22	Construction of 3 storied Residential accommodation building (1000 & 1000 sft) (hospital) with 6 storied foundation in/c variation work	১৪/১০/২০১৪	১৪/০১/২০১৬	৪ বছর, ৪ মাস, ১৭ দিন	সমাপ্ত হয়নি
আবাসিক ভবন (৮০০ এবং ৬০০ বর্গফুট)	WD24	Construction of 3 storied Residential accommodation building (800 & 600 sft) (Hospital) with 6 storied foundation	০২/১০/২০১৮	১৫/৪/২০১৯	১ বছর, ১ মাস, ১৬ দিন	সমাপ্ত হয়নি

এখানে উল্লেখ্য যে, ভবন নির্মাণের ৫টি প্যাকেজ চুক্তি অনুযায়ী কাজ সম্পন্নতার তারিখ হতে অতিরিক্ত ৫ বছরের অধিক সময় এবং ২টি প্যাকেজ চুক্তি অনুযায়ী কাজ সম্পন্নতার তারিখ হতে অতিরিক্ত ৪ বছরের অধিক সময় অতিবাহিত হয়ে গেলেও কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি।

৫.১.২১। ভবন নির্মাণে বাঁশ ও কাঠের সাটারিং ব্যবহার করায় দুর্ঘটনা

১৭ জানুয়ারি ২০১৯ তারিখে নির্মাণাধীন হাসপাতালের waffle/ ribbed Slab (পোর্চ) ঢালাই করার সময় নির্মিতব্য ছাদটি (পোর্চ) ধসে পড়ে। প্রায় ৮৫% ঢালাই কাজ সম্পন্ন হওয়ার পর দুর্ঘটনাটি ঘটে। আইএমইডি'র রিপোর্ট অনুযায়ী প্রকল্প এলাকা পরিদর্শনকালে সাটারিং কাজে ব্যবহারের জন্য পুরানো ও ব্যবহৃত বাঁশ এবং কাঠের মজুদ দেখা যায়। Technical Specification Work এর Section 2(A) এর clause 14 অনুযায়ী Steel Form Work হওয়ার কথা থাকলেও তা অনুসরণ করা হয়নি। এক্ষেত্রে চুক্তির ব্যত্যয় ঘটিয়ে স্টীল এর পরিবর্তে বাঁশ ও কাঠ ব্যবহার করে সাটারিং করা হয়েছে। ঢালাইয়ের সময় নিচে স্টিলের পাইপের পরিবর্তে বাঁশের খুঁটি দিয়ে সাটারিং দেওয়া হয়েছিল। ফলে ভার সহিতে না পেরে কয়েক টন ওজনের ছাদটি ধসে পড়ে। নিম্নমানের দুর্বল জোড়াতালি দেওয়া বাঁশের খুঁটির ওপর ভার দিয়ে এই বিশাল স্থাপনার ঢালাই চলছিল। এ ছাড়া জয়েন্ট রডে কোনো ওয়েলডিং ছিল না।

এছাড়া সেসময়কার আইএমইডি'র পরিদর্শন রিপোর্ট অনুযায়ী হাসপাতালের মূল ভবনের সাথে waffle/ribbed Slab নির্মাণ করা হয়েছিল। এক্ষেত্রে মূল ভবনের ও waffle/ribbed Slab এর মাঝে Concrete Joint সৃষ্টি হয়েছে। এক্ষেত্রে Technical Specification Work এর Section 2(A) এর clause 10 অনুযায়ী Concrete Joint এর ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীর লিখিত অনুমোদন গ্রহণের কথা থাকলেও এক্ষেত্রে লিখিত অনুমোদন করা হয় নাই। Joint এর ক্ষেত্রে মূল ভবনের এবং মূল পিলারের extended রডের আকার ছোট ছিল। extended রডের সাথে GI তার দিয়ে waffle/ ribbed Slab এর স্ট্রাকচার বাধা হয়েছিল। Sand Filling এর মাধ্যমে যে Land এর উপর সাটারিং স্থাপন করা হয়েছে তার compaction সঠিক ভাবে হয়নি। মূলত চুক্তি অনুযায়ী কাজ সম্পাদন না করার কারণেই নির্মিতব্য ছাদটি (পোর্চ) ধসে পড়ে। উল্লেখ্য যে, কুষ্টিয়া গণপূর্ত অফিস থেকে হাসপাতালের মূল ভবনের দুর্ঘটনায় অভিযুক্ত ঠিকাদারকে ২০১৭ সালে চুক্তির ব্যত্যয় ঘটিয়ে স্টীল এর পরিবর্তে বাঁশ ও কাঠ ব্যবহার করে সাটারিং করা হতে বিরত থাকতে অনুরোধ করা হয়েছিল।

৫.১.২২। নির্মাণ কাজে দুর্ঘটনা পরবর্তী পদক্ষেপ গ্রহণ

১৭ জানুয়ারী ২০১৯ তারিখে হাসপাতাল ভবনের পশ্চিম পার্শ্বের গাড়ী বারান্দার পোর্চের ছাদ ঢালাই এর সময় নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহারের ফলশ্রুতিতে তা ধসে গড়ে এবং শ্রমিক হতাহতের ঘটনা ঘটে। উক্ত কাজে অবহেলার জন্য ঠিকাদারি প্রতিষ্ঠানকে ১৯-২-২০১৯ তারিখে পত্র জারীর পর হতে দুই বছরের জন্য গণপূর্তের কোন ক্রয় কার্যক্রমে অংশগ্রহণে অযোগ্য ঘোষণা করেন গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী। তবে বাস্তবতা হচ্ছে তারা বহাল তবিয়তেই কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল ভবন নির্মাণ কাজ চালিয়ে যেতে পেরেছেন। উল্লেখ্য যে, ঠিকাদারের অবহেলা এবং অব্যবস্থাপনা শ্রমিকের মৃত্যুর কারণ হলেও তারা বড় অংকের কোন ক্ষতিপূরণ প্রদানে বাধ্য ছিল না। চতুর্থত মাত্র দুই বছরের জন্য গণপূর্ত অধিদপ্তরের কোন কাজে অংশগ্রহণ করতে না পারলেও অন্যান্য সকল দপ্তরের টেন্ডার প্রক্রিয়াতেই অংশগ্রহণ করার সুযোগ তারা পেয়েছেন। মাত্র দুই বছরে অযোগ্য ঘোষণার ফলে আগামী ফেব্রুয়ারী ২০২১ সালে থেকেই তারা আবার গণপূর্ত অধিদপ্তরের সকল টেন্ডারের অংশ গ্রহণ করতে পারবেন এমনকি কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতালের অন্যান্য ভবন নির্মাণেও তারা অংশগ্রহণ করতে পারবেন।

নির্মাণ কাজে দুর্ঘটনায় শ্রমিক নিহত হওয়ার প্রেক্ষিতে তৎকালীন গণপূর্তের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীসহ তিন জন কর্মকর্তাকে বরখাস্ত করা হয়। উল্লেখ্য যে, দুর্ঘটনার দিন গণপূর্তের নির্বাহী প্রকৌশলী এবং মাঠ পর্যায়ের প্রকৌশলীর কুষ্টিয়া দুদক অফিসের পূর্ব নির্ধারিত আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভারের বেজ ঢালাইয়ের কাজে সকাল বেলা নিয়োজিত ছিলেন। অন্যদিকে দুর্ঘটনায় জড়িত ঠিকাদার কোন প্রকার ওয়ার্ক প্রোগ্রাম বা গণপূর্তের কার্যালয়কে অবহিত না করেই সেদিন গাড়ী বারান্দার ছাদ (পোর্চ) ঢালাই-এর কাজ শুরু করে। গণপূর্ত অফিস থেকে পত্র দিয়ে ঠিকাদারকে বাঁশ ও কাঠ ব্যবহার করা থেকে বিরত থাকতে অনুরোধ করা হয়েছিল। তবে ঠিকাদার বাঁশ ও কাঠ ব্যবহার থেকে বিরত হননি। স্থানীয়ভাবে ঠিকাদাররা যথেষ্ট প্রভাবশালী হয়ে থাকেন বিধায় তারা নির্মাণ কাজের নিয়মকানুন মানতে অনাগ্রহী হয়ে থাকেন। গণপূর্তের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীসহ তিন জন কর্মকর্তাকে বরখাস্ত করা হলেও অভিযুক্ত ঠিকাদার কোন রকম ডেমারেজ প্রদান ব্যতীত কাজ চালিয়ে যাচ্ছেন। চুক্তি অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়নের সময় শেষ হলেও তারা কাজ শেষ করতে পারেন নাই।

৫.১.২৩। ভবন নির্মাণে নিরাপত্তা ব্যবস্থার ঘাটতি

ভবন নির্মাণের কাজ পেয়ে সাবকন্ট্রাক্টের মাধ্যমে নিয়োজিত স্থানীয় ঠিকাদার নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করে অদক্ষ শ্রমিক নিয়োগ করে সনাতন পদ্ধতিতে নির্মাণ কাজ পর্যালোচনা করছে। অবকাঠামো নির্মাণ কাজে শ্রমিকদের নিরাপত্তার জন্য হেলমেট, জুতা, হ্যান্ড গ্লাভস, চশমা ইত্যাদির ন্যূনতম ব্যবস্থা নেই। ভবন নির্মাণের ক্ষেত্রে নির্মাণ শ্রমিক, রাজ মিস্ত্রী, কাঠ মিস্ত্রী, রড মিস্ত্রী, ইলেক্ট্রিক মিস্ত্রী, ফিটিংস মিস্ত্রী ইত্যাদির ক্ষেত্রে স্বল্প বেতনে আধা-দক্ষ ও অদক্ষদের নিয়োগ দেয়া সমীচীন নয়। বহুতল ভবন নির্মাণে ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক শ্রমিকদের ইন্স্যুরেন্স(গ্রুপ বীমা) থাকার বিধান থাকলেও তা করা হয়নি বলে জানা যায়।

৫.১.২৪। CPM এর ব্যবহার না করা

প্রকল্পের অনুমোদিত মেয়াদকালের মধ্যে সময় ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন করে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার জন্য Critical Path Method প্রকল্প ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ দিক। কিন্তু উক্ত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বর্তমানে CPM ব্যবহার করা হচ্ছে না। আর্থিক বরাদ্দ, সময় এবং কাজের গুরুত্ব নির্ধারণ পূর্বক সামগ্রিক ভাবে সমন্বয় করে উক্ত প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য CPM প্রণয়ন করা উচিত ছিল। প্রকল্প বাস্তবায়নের জন্য প্রণীত Work Breakdown Structure ও CPM এর Time Frame এর যথাযথ অনুসরণের বিষয়টির দিকে লক্ষ্য রাখতে হবে।

৫.১.২৫। ভূমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতা

মূল ডিপিপি অনুযায়ী ২০ একর জমি ভূমি অধিগ্রহণে ১ বছর চার মাস অতিবাহিত হয়। মূল ডিপিপিতে ২০ একর জমি অধিগ্রহণের করা থাকলেও পরবর্তীতে ১ম সংশোধনীতে আরও ১০ একর জমি অধিগ্রহণের জন্য প্রায় ৪৮৬৯.১২ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। পরবর্তীতে ভূমি মন্ত্রণালয়ের থেকে ১০ একরের স্থলে ৮ একর জমি দীর্ঘ মেয়াদী বন্দোবস্ত হিসেবে প্রদানের আনুমোদন প্রদান করা হয়। পরবর্তীতে ডিপিপির ১ম সংশোধনী অনুসারে প্রকল্পে ৮ একর জমি যোগ হয়েছে। বর্তমানে জমির উপর স্টে অর্ডার থাকায় উক্ত জমি নির্ধারিত সময়ে অধিগ্রহণ করা সম্ভব হয়নি। ফলে প্রকল্পের মাস্টার প্ল্যান সংশোধন করে ঐ ৮ একর জমিতে প্রস্তাবিত নতুন কোন ভবনের কাজ শুরু করা যায়নি। জমি অধিগ্রহণ পূর্বক নির্ধারিত সময়ে কাজ শুরু করতে না পারায় নির্মাণ কাজের উপকরণের বাজারদর বৃদ্ধি পেয়েছে।

জমি অধিগ্রহণে জটিলতার কারণে প্রকল্প বাস্তবায়নে অনাকাঙ্ক্ষিত বিলম্ব ঘটেছে ও পরোক্ষভাবে প্রকল্পের ব্যয় বৃদ্ধিতে ভূমিকা রাখছে।

৫.১.২৬। প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এবং প্রকল্প ষ্টিয়ারিং কমিটি (পিএসসি) সভা নিয়মিত অনুষ্ঠিত না হওয়া

প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এবং প্রকল্প ষ্টিয়ারিং কমিটি (পিএসসি) সভা নিয়মিত অনুষ্ঠিত হয়নি। ফলশ্রুতিতে প্রকল্পটির শুরুতে ঘটে যাওয়া বিভিন্ন অনিয়ম ও অব্যবস্থাপনার বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ইতোমধ্যে প্রকল্প অফিসকে প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং প্রকল্প ষ্টিয়ারিং কমিটি'র অনুষ্ঠিত সভা সংক্রান্ত তথ্য সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়েছে।

৫.১.২৭। বিলম্বে প্রকল্প পরিচালক নিয়োগ ও প্রকল্প পরিচালক ও গণপূর্তের নির্বাহী প্রকৌশলীর বিভিন্ন সময়ে পরিবর্তন

মার্চ ২০১২ সালে একনেক কর্তৃক প্রকল্পটি জানুয়ারি ২০১২ থেকে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত মেয়াদে অনুমোদিত হয়। আগস্ট ২০১২ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হয়। এছাড়া এ পর্যন্ত তিন বার প্রকল্প পরিচালক বদল হয়। এছাড়া গণপূর্ত অধিদপ্তরের প্রকল্প মেয়াদের আট বছরে সাত বার পরিবর্তন হয়েছে। যার মধ্যে ৫ জন নির্বাহী প্রকৌশলী পূর্ণকালীন মেয়াদে এবং ২ জন নির্বাহী প্রকৌশলীর অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। অতিরিক্ত দায়িত্ব পালনকারী দুইজন নির্বাহী প্রকৌশলী ঐ দপ্তরের পূর্বের নির্বাহী প্রকৌশলীর বদলী জনিত কারণে অন্য কর্মস্থলে যোগদান করায় এবং পরবর্তী নিয়মিত নির্বাহী প্রকৌশলী উক্ত কর্মস্থলে যোগদান পর্যন্ত সময়কালে দায়িত্বরত ছিলেন।

৫.১.২৮। প্রকল্প বাস্তবায়নের শুরুতে অব্যবস্থাপনা

বিভিন্ন ডকুমেন্ট পর্যালোচনা এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে আলোচনার মাধ্যমে উঠে আসে প্রকল্প বাস্তবায়নের শুরুতে প্রকল্পের কাজের (works) ক্ষেত্রে বিভিন্ন অব্যবস্থাপনা এবং আর্থিক শৃঙ্খলা পরিপন্থী কর্মকান্ডের চিত্র। বিভিন্ন সময়ে এ বিষয়ে আইএমইডি হতেও মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়। উল্লেখ করা যেতে পারে স্বাস্থ্য সেবা বিভাগের নিজস্ব তদন্ত কমিটিও প্রকল্পের নির্মাণ কাজে আর্থিক ও পরিকল্পনা শৃঙ্খলার ব্যত্যয় হয়েছে বলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে যথাযথ বিভাগীয়/ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উদ্ধর্তন কর্তৃপক্ষকে অবহিত করেন। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই আর্থিক ও পরিকল্পনা শৃঙ্খলা লঙ্ঘন করে অনুমোদিত ডিপিপি'র সংস্থানকৃত নির্মাণ কাজের Scope of work পরিবর্তনসহ ২০১৫-১৬ অর্থ বছরে যে সকল অনিয়ম করা হয়েছে সে বিষয়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। পরামর্শক দল মনে করে যে প্রকল্পে সংঘটিত অনিয়ম ও বিশৃঙ্খলা থামানো না গেলে প্রকল্পটি অদূর ভবিষ্যতে জনসাধারণের কাঙ্ক্ষিত সেবা প্রদানে ব্যর্থ হবে। তাই মূল ডিপিপি অনুমোদনের পর থেকে ডিসেম্বর ২০১৮ (১৭ জানুয়ারি ২০১৯ তারিখ নির্মাণ দুর্ঘটনার পূর্ব) যেসব ঠিকাদার যথাসময়ে তাদের কাজ সম্পন্ন করেননি তাদের জবাবদিহিতার মধ্যে নিয়ে আসতে হবে। অন্যথায় দেশের বিভিন্ন উন্নয়ন প্রকল্পে ঘটতে থাকা ছোট-বড় আর্থিক ও পরিকল্পনা সংক্রান্ত বিশৃঙ্খলা থামানো সম্ভব নাও হতে পারে। প্রকল্পটির শুরুর প্রথম থেকেই বিভিন্ন অব্যবস্থাপনা পরিলক্ষিত হয়েছে। যার মধ্যে উল্লেখযোগ্য হল যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত ডিপিপি সংস্থানের বিপরীতে ভবনের ভিতসহ অন্যান্য তলার পরিমাপ ও পরিধি হ্রাস করা, স্কোপ এবং ডিজাইন পরিবর্তন, চুক্তি স্বাক্ষরের পর স্থাপত্য নকশা ও কাঠামোগত নকশা পরিবর্তন, চুক্তি ভুক্ত কাজের অসম্পন্ন কাজ সম্পাদনের জন্য অসংখ্য চুক্তি ও অর্থ ব্যয় ইত্যাদি। প্রথম থেকেই এসকল অনিয়ম আমলে না নেয়ার কারণে দুর্ঘটনার মাধ্যমে একজন শ্রমিক নিহত হয়।

৫.১.২৯। শিক্ষা কার্যক্রম সংক্রান্ত জটিলতা

কুষ্টিয়া মেডিকেল কলেজে ২০১১-২০১২ সালে একাডেমিক কার্যক্রম শুরু হয়। বর্তমানে কুষ্টিয়া মেডিকেল কলেজের একাডেমিক ও প্রশাসনিক কাজসমূহ মেডিকেল এসিস্টেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) এবং ক্লিনিক্যাল ক্লাসসমূহ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল কুষ্টিয়া পরিচালিত হচ্ছে। বর্তমানে সেখানে ৯তম ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান আছে। কুষ্টিয়া মেডিকেল কলেজের একাডেমিক কার্যক্রমের জন্য ৮৭ জন শিক্ষকের চাহিদা থাকলেও ৬৩ জন শিক্ষকের পদসৃজন করা হয়। তৎকালীন বাকি ২৪ জন জনবলের ক্ষেত্রে স্কেল ভেটিং এ

সমস্যা সৃষ্টি হওয়ার প্রেক্ষিতে বাকি ২৪ জনের পদসৃজন সম্ভব হয় নাই। বর্তমানে কুষ্টিয়া মেডিকেল কলেজে ২৩ জন শিক্ষক ওএসডি অ্যাটাচমেন্টে কর্মরত আছেন। কলেজের শিক্ষক সম্পর্কিত তথ্য নিম্নরূপ

কুষ্টিয়া মেডিকেল কলেজে কর্মরত মোট শিক্ষক				
অধ্যাপক	সহযোগী অধ্যাপক	সহকারী অধ্যাপক	প্রভাষক	মোট শিক্ষক
২	৪	৬৬	২১	৯৩

কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতালে বেসিক বিষয়ের উপর টিউটোরিয়াল ও প্র্যাকটিকাল ক্লাশ নেয়ার জন্য অপরিপূর্ণ শিক্ষক কর্মরত রয়েছেন। ফলে ছাত্র ছাত্রীদের যথাযথ শিক্ষাদান বিঘ্নিত হচ্ছে। বর্তমানে কুষ্টিয়া মেডিকেল কলেজের একাডেমিক ও প্রশাসনিক কাজসমূহ মেডিকেল এসিস্টেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) এর ভবনে চলছে। একই ভবনে কুষ্টিয়া মেডিকেল কলেজ ও মেডিকেল এস্যাসিসেন্ট ট্রেনিং ইনস্টিটিউটের কার্যক্রম চালাতে গিয়ে নানা সমস্যা তৈরি হয়েছে। মেডিকেলের শিক্ষার্থীদের যে পরিবেশে লেখাপড়ার কথা তা তারা পাচ্ছে না। আবার একই ভবন শেয়ার করতে গিয়ে দুই প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা বিড়ম্বনায় পড়ছে। তবে ডিসেম্বর ২০১৯ সালের মধ্যে কাজ শেষ হওয়ার কথা থাকলেও এখনো প্রকল্পের নির্মাণ কাজ শেষ সম্ভব হয়নি। ফলে অপরিপূর্ণ ক্লাসরুম, প্রয়োজনীয় যন্ত্রপাতি ও শিক্ষা উপকরণের অভাবের মধ্যেই ক্লাস করতে বাধ্য হচ্ছেন মেডিকেলের ৫ম থেকে ৯তম ব্যাচের প্রায় সাড়ে ৩০০ শিক্ষার্থী।

৫.১.৩০। শিক্ষার্থীদের আবাসিক সমস্যা

কুষ্টিয়া জেলার সরকারি কর্মকর্তাদের জন্য নির্মিত ২টি ডি টাইপ স্টাফ কোয়ার্টার যেগুলো বহুদিন ধরে অব্যবহৃত হয়ে পড়েছিল এবং অধ্যক্ষ ম্যাটস কুষ্টিয়া এর বাসভবন বর্তমানে ছাত্র ছাত্রীদের আবাসনের জন্য ব্যবহৃত হচ্ছে। ছাত্র ছাত্রীদের আবাসনের জন্য ব্যবহৃত ভবন দুটি বেশ পুরনো এবং ভবন গুলোর অনেক জায়গায় প্ল্যাস্টার খসে পড়েছে। অধিকাংশ ক্ষেত্রে ২ জনের উপযোগী একটি রুমে ৩/৪ জনকে অবস্থান করতে দেখা গিয়েছে। এভাবে গাদা গাদি করে থাকার ছাত্র ছাত্রীদের পড়ালেখায় সমস্যা হচ্ছে। ভবনগুলোতে রান্নার কোন ব্যবস্থা নাই। কলেজ কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় একটি টিনশেড কিচেন তৈরি করা হয়েছে। সেখান থেকে আবাসিক ভবনগুলোতে খাবার সরবরাহ করা হচ্ছে। ভবনগুলোতে বিনোদন সুবিধার জন্য কোন ইনডোর গেমসের ব্যবস্থা রাখা হয়নি। তবে ছোট একটি রুম ডাইনিং কাম টিভি রুম হিসেবে ব্যবহৃত হচ্ছে। ছাত্র ছাত্রীরা ভবনগুলোতে নিরপত্তা ব্যবস্থাসহ পানি ও বিদ্যুতের সংকট রয়েছে। তাছাড়া বর্ষাকালে ভবনগুলো স্যাঁতসেঁতে হয়ে যায়। সকল ছাত্র ছাত্রী তাদের হোস্টেল দূত নির্মাণের দাবি জানিয়েছেন।

৫.১.৩১। অবকাঠামো নির্মাণ ব্যতিরেকে শিক্ষা কার্যক্রম পরিচালনা

কুষ্টিয়া মেডিকেল কলেজে ২০১১-২০১২ সালে একাডেমিক কার্যক্রম শুরু হয়। বর্তমানে সেখানে ৯তম ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান আছে। কুষ্টিয়া মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুলে আবাসিক সমস্যাসহ নানা সমস্যা মাথায় নিয়ে প্রায় ৩০০ জন শিক্ষার্থী শিক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। বর্তমানে কুষ্টিয়া মেডিকেল কলেজে ৭টি ব্যাচে প্রায় ৩০০ জন শিক্ষার্থী অত্যন্ত স্বল্প পরিসরে অস্থায়ী ক্যাম্পাসে মেডিকেল কলেজে অধ্যয়নরত আছে। এখানে আবাসিক সুবিধা না থাকায় মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং ইনস্টিটিউটের কার্যক্রম কর্তৃপক্ষের অনেক কিছুই তাদের ব্যবহার করতে হচ্ছে। মেডিকেল শিক্ষার ধরনের কারণে ছাত্রছাত্রীদের পৃথক আবাসন ব্যবস্থা থাকা প্রয়োজন। কিন্তু পরিপূর্ণ অবকাঠামো নির্মাণ না হওয়ায়, মেডিকেল কলেজের শিক্ষার্থীদের ভাড়া বাড়িতে, ডি টাইপ সরকারি কোয়ার্টারে স্বল্প পরিসরে আবাসনের ব্যবস্থা করা হয়েছে।

উল্লেখ্য কুষ্টিয়া মেডিকেল কলেজে ১ম, ২য় এবং ৩য় ব্যাচের শিক্ষার্থীরা ইন্টার্নশিপ শেষ করে ২০১৯ সালে চিকিৎসক হিসেবে আত্ম প্রকাশ করেছে এবং ৪র্থ ব্যাচ ইন্টার্নশিপ করছে। কিন্তু দুঃখজনক হলেও এটি সত্য যে জন্য নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কার্যক্রম শেষ করা সম্ভব হয়নি। বর্তমানে মোট তিন ব্যাচ চিকিৎসক হিসেবে আত্মপ্রকাশ করেছে কিন্তু তারা নির্মিতব্য মেডিকেল কলেজের নির্মিত অবকাঠামো ও মেডিকেল শিক্ষায় জন্য ক্রয়কৃত যন্ত্রপাতি ব্যবহার না করেই তাদের শিক্ষা জীবন শেষ করেছে। ফলে তাদের জ্ঞান অসম্পূর্ণ হবে। এখানে উল্লেখ্য যে

২০১৯ সালে মেডিকেল কলেজের কাছে হস্তান্তর করার কথা, ২০১৯ সাল এর জানুয়ারী পর্যন্ত নতুন ক্যাম্পাস হস্তান্তর না হওয়ায় তিন ব্যাচের প্রায় ১৫০ জন শিক্ষার্থী নিজস্ব ক্যাম্পাস না দেখেই বিদায় নিয়েছে।

৫.১.৩২। জনবল নিয়োগে গৃহীত পদক্ষেপ

কুষ্টিয়া মেডিকেল কলেজের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বিভিন্ন পর্যায়ের ৮৩টি পদের সম্মতি জ্ঞাপন করে। এক্ষেত্রে প্রথম শ্রেণীর কর্মকর্তা ৬৩ জন, কর্মচারী ১৬ জন এবং আউটসোর্সিং এর মাধ্যমে চার জন নিয়োগের জন্য পদ সৃজন করা হয়। বর্তমানে স্বাস্থ্য ক্যাডার থেকে মেডিকেল শিক্ষার জন্য শিক্ষক পদায়ন করা হয়েছে।

হাসপাতালের জন্য পদসৃজনের অগ্রগতি অবকাঠামো নির্মাণ কাজে উল্লেখযোগ্য অগ্রগতি না হওয়ায় এখন পর্যন্ত প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রয়োজনীয় সংখ্যক পদ সৃষ্টি, নিয়োগ ও পদায়নের ব্যাপারে ১৪৪৯টি পদ সৃষ্টির প্রস্তাবটি স্বাস্থ্য মন্ত্রণালয়ে প্রেরন করা হয়েছে। গত ৫/১১/২০১৯ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ১৪৪৯টি পদ সৃষ্টির প্রস্তাবটি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে যথাসময়ে জনবল (Skilled & Non-skilled) এর পদ সৃষ্টি, নিয়োগ ও পদায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল পক্ষকে আন্তরিকতার সাথে উদ্যোগ গ্রহণ করতে হবে।

৫.১.৩৩। প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি সংক্রান্ত পর্যালোচনা

মূল ডিপির তুলনায় ২য় প্রস্তাবিত সংশোধিত ডিপিতে পণ্য সংক্রান্ত প্যাকেজ এ মূল্য বৃদ্ধি পেয়েছে ৩৬০.৭২%, সেবা সংক্রান্ত প্যাকেজ এ মূল্য বৃদ্ধি পেয়েছে ৪৭৫.৩৭%, কার্য প্যাকেজে মূল্য বৃদ্ধি পেয়েছে ১৪৬.৯৭। মূল ডিপির তুলনায় ২য় প্রস্তাবিত সংশোধিত ডিপিতে ১২১.৮৬% মূল্য বৃদ্ধির আশংকা রয়েছে।

সারণী ৫.১০ মূল ডিপির তুলনায় প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপির বৃদ্ধি

প্যাকেজের খাত	মোট মূল্য (লক্ষ টাকা)			মূল ডিপির তুলনায় প্রস্তাবিত সংশোধিত ডিপির বৃদ্ধি (%)
	মূল	সংশোধিত	প্রস্তাবিত (২য় সংশোধন)	
পণ্য	৫৪৪১.৭১	১১,৬৩৮.৩৬	২৫০৭১.৫৬	৩৬০.৭২%
সেবা	৮.৬৯	২২.০০	৫০	৪৭৫.৩৭%
পূর্ত কাজ	২১১৩৯.৮৮	৪২৬২২.৬৯	৫২২০৯.৫১	১৪৬.৯৭%
ভূমি অধিগ্রহণ	৪৯৪.৭৪	৪৮৬৯.১২	৯২২.৫৭	৮৬.৪৭%
প্রাক্কলিত ব্যয়	২৭৫৪৩.৫১	৬১১০৮.৪৬	৬১১০৮.৪৬	১২১.৮৬%

প্রকল্প সংশোধনের কারণঃ

২য় সংশোধনের জন্য প্রস্তাবিত আরডিপিপিতে নিম্নোক্ত কারণসমূহের উল্লেখ করা হয়েছেঃ

নং	ব্যয় হ্রাস অথবা বৃদ্ধি	ব্যয় হ্রাস অথবা বৃদ্ধির কারণ
১	ভৌত কাজের ব্যয় বৃদ্ধিঃ	<ol style="list-style-type: none"> ২০১৮ সালে PWD এর রেট সিডিউল পরিবর্তন হওয়া; প্রকল্প কাজের পরিমাণ বৃদ্ধি পাওয়া; অসম্পূর্ণ কাজ সম্পূর্ণ করা; নিম্নলিখিত নতুন ভৌত কাজ সংযোজন করা। <ol style="list-style-type: none"> জিমনেশিয়াম আনসার ও ড্রাইভার ব্যারাক কাম গ্যারাজ সাব স্টেশন ভবন ব্যাংক পোস্ট অফিস ইত্যাদি সংযুক্ত করে বহুবিধ ব্যবহার উপযোগী ভবন জাতির জনকের মুরাল

২	জমির পরিমান বৃদ্ধি তবে অধিগ্রহণ ব্যয় হ্রাস	নতুন স্থাপনার জন্য অতিরিক্ত ৮ একর জমি অধিগ্রহণ করা হলেও সার্বিকভাবে এ অঞ্চের ব্যয় হ্রাসসহ প্রকল্পের মাস্টার প্ল্যান সংশোধন;
৩	যন্ত্রপাতির ব্যয় বৃদ্ধি	১. বর্তমানে যন্ত্রপাতির মূল্য বৃদ্ধি পাওয়া, ২. প্রয়োজনীয় নতুন যন্ত্রপাতি অন্তর্ভুক্ত হওয়া;
৪	আসবাবপত্রের ব্যয় বৃদ্ধি	৩. বর্তমানে আসবাবপত্রের মূল্য বৃদ্ধি পাওয়া, ৪. ১ম সংশোধনীতে অন্তর্ভুক্ত নতুন স্থাপনার(পুরুষ ও মহিলাদের ইন্টার্নী হোস্টেল); আসবাবপত্রের ব্যয় অন্তর্ভুক্ত হওয়া; ৫. হাসপাতালের নতুন বিভাগ ও ইউনিটের যন্ত্রপাতির ব্যয় অন্তর্ভুক্ত হওয়া;
৫	যানবাহনের ব্যয় বৃদ্ধি	অতিরিক্ত আরো ৫ টি যানবাহন (১ টি জীপ, ২ টি কোষ্টার, ১ টি মাইক্রোবাস, এবং ১ টি ট্রাক) এর সংস্থান;
৬	রাজস্ব খাতে ব্যয় বৃদ্ধি	MSR সামগ্রীর মূল্য বৃদ্ধি, অফিস সামগ্রীর মূল্য বৃদ্ধি, নতুন কোড সংযোজন।

গণপূর্ত অধিদপ্তরকে মেডিকেল কলেজ ও হাসপাতালের উদ্দেশ্যকে সামনে রেখে অতি দ্রুত সকল প্রয়োজনীয় নির্মাণ কাজ শেষ করতে নির্দেশনা প্রদান করা যেতে পারে। বিভিন্ন অব্যবস্থাপনার কারণে প্রকল্পের মেয়াদ ইতোমধ্যে ২০০% বৃদ্ধি পেয়েছে। তিন বছরের প্রকল্প আট বছরেও শেষ হয়নি। স্বাস্থ্য সেবা বিভাগের একজন দায়িত্বশীল কর্মকর্তাকে প্রকল্পটি নিবিড় ভাবে তদারকির দায়িত্ব প্রদান করে অতি দ্রুত সকল নির্মাণ কাজ সম্পন্ন করা এবং কলেজ ও হাসপাতালের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির ক্রয়ের জন্য টেন্ডার আহ্বানে প্রকল্প পরিচালককে সর্বাত্মক সহযোগিতার উদ্যোগ নেয়া যেতে পারে।

ষষ্ঠ অধ্যায়

সুপারিশ ও উপসংহার

৬.১ সুপারিশ

১. প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর ২০১৯-এ শেষ হয়ে যাওয়ায় অতি দ্রুত প্রকল্পটির সংশোধনপূর্বক মেয়াদ বাড়ানোর উদ্যোগ নেয়া যেতে পারে;
২. ভবিষ্যতে প্রকল্পের অনিয়ম ও বিশৃঙ্খলা রোধে একনেক সভায় গৃহীত সিদ্ধান্ত “যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই আর্থিক ও পরিকল্পনা শৃংখলা লঙ্ঘন করে অনুমোদিত ডিপিপি’র সংস্থানকৃত নির্মাণ কাজের Scope of work পরিবর্তনসহ যে সকল অনিয়ম করা হয়েছে সে বিষয়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে” বাস্তবায়ন করা যেতে পারে;
৩. প্রকল্পের কাজে নিয়মিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এবং প্রকল্প ষ্টিয়ারিং কমিটি (পিএসসি) সভা নিয়মিত আয়োজন করা যেতে পারে;
৪. প্রকল্পের আওতায় নির্মাণধর্মী কাজের মধ্যে অবশিষ্ট নির্মাণ প্যাকেজসহ প্রকল্পের আওতায় সকল পণ্য সংক্রান্ত প্যাকেজ ক্রয়ের নিমিত্ত প্রয়োজনীয় সকল কাজের বিস্তারিত Work Breakdown Structure এবং CPM প্রণয়ন করে তদানুযায়ী প্রকল্প বাস্তবায়ন করতে হবে;
৫. সকল প্যাকেজের টেন্ডার আহ্বানের ক্ষেত্রে এর ‘Eligibility Criteria’ তে ‘Lead Tenderer’ এবং ‘other partner’-দের ক্ষেত্রে অভিজ্ঞতার কথা উল্লেখ করতে হবে। ‘Lead Tenderer’ এবং ‘other partner’ উভয়কেই অভিজ্ঞতার আলোকে মূল্যায়ন করা যেতে পারে;
৬. অবশিষ্ট নির্মাণ সংক্রান্ত প্যাকেজসমূহ ক্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় স্থাপত্য নকশা, কাঠামোগত নকশা, বিস্তারিত ব্যয় প্রাক্কলন ইত্যাদি সম্পন্ন করে স্বল্পতম সময়ে টেন্ডার আহ্বান করে ঠিকাদার নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;
৭. ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে একটি ভবন নির্মাণকে অসংখ্য প্যাকেজে বিভক্ত না করে ডিপিপি প্রণয়নের সময় পূর্ত কাজ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ হতে বাস্তবসম্মত ক্রয় পরিকল্পনা সংগ্রহ করে ডিপিপিতে অন্তর্ভুক্ত করতে হবে যাতে সকল ক্রয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা সম্ভব হয়;
৮. ভবিষ্যতে প্রকল্পের সংশোধনের ক্ষেত্রে নতুন রেট শিডিউল কার্যকর হওয়ার পরেও পূর্ববর্তী রেট শিডিউল অনুসারে যেন কোন প্রকল্প সংশোধন করা না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে;
৯. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে ভবনের পরিমাণ, আয়তন এনং ফ্লোর সংখ্যা কমানোর কোন উদ্যোগ গ্রহণ করা যাবে না;
১০. ঠিকাদার নিয়োগের পর ঠিকাদার কর্তৃক চুক্তি অনুযায়ী কর্মপরিকল্পনা দাখিলের বিষয় থাকলেও তা ঠিকাদারের নিকট হতে যথাসময়ে গ্রহণ করা হয়নি। ভবিষ্যতে সকল নির্মাণ কাজের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার হতে কর্মপরিকল্পনা গ্রহণ ও কর্মপরিকল্পনা অনুযায়ী ঠিকাদারের নিকট হতে কাজ বুঝে নেয়ার বিষয়টি স্থানীয় গণপূর্ত অধিদপ্তর এর মাধ্যমে নিশ্চিত করা যেতে পারে;
১১. নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিতকরণে ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যেকটি নির্মাণ কাজে চুক্তির শর্তানুযায়ী স্নাতক ও ডিপ্লোমা ডিগ্রীধারী প্রকৌশলীর উপস্থিতিতে কার্যক্রম বাস্তবায়নের বিষয়টি নিশ্চিত করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে;
১২. যথাসময়ে কার্যক্রম বাস্তবায়নে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে চুক্তির শর্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;
১৩. নির্মাণ কাজের টেন্ডার মূল্যায়ন কমিটিতে প্রকল্প পরিচালককে অন্তর্ভুক্ত করা যেতে পারে;
১৪. ভবিষ্যতে প্রকল্প প্রণয়নের সময় ফিজিবিলাটি স্টাডি সম্পন্ন করে সুনির্দিষ্ট Formation Ground Level (FGL) নির্ধারণ করা যেতে পারে;
১৫. ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নকালীন ঠিকাদারের অবহেলা এবং অব্যবস্থাপনা শ্রমিকের মৃত্যুর কারণ হলে ক্ষতিপূরণ প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে;
১৬. সম্পূর্ণ নির্মাণ কার্যক্রম বাস্তবায়ন হওয়ার পূর্বে মেডিকেল শিক্ষা ব্যবস্থা চালু করায় এবং প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক ও ক্লিনিক্যাল প্রশিক্ষণের সুযোগ না থাকায় অসম্পূর্ণ শিক্ষা গ্রহণের মাধ্যমে মেডিকেল শিক্ষার্থীদের

চিকিৎসা শিক্ষা পরিপূর্ণ না হওয়ার আশংকা রয়েছে। যথাশীঘ্র সম্ভব প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক পদায়ন ও ক্লিনিক্যাল প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

১৭. স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় অনেক স্থাপনা নির্মাণ করা হলেও প্রয়োজনীয় সংখ্যক জনবল (Skilled & Non-skilled) এর পদ সৃষ্টি, নিয়োগ ও পদায়ন না হওয়ায় এ সকল প্রতিষ্ঠান হতে দক্ষীত মাত্রার সেবা প্রদান করা যাচ্ছে না। যথাসময়ে জনবল (Skilled & Non-skilled) এর পদ সৃষ্টি, নিয়োগ ও পদায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল পক্ষকে আন্তরিক হতে হবে।

৬.২। উপসংহার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নের জন্য “কুষ্টিয়া মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন প্রকল্প, কুষ্টিয়া (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। জনগণকে উন্নত স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে প্রকল্পের আওতায় নতুন হাসপাতাল ভবন নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের আওতায় সংগৃহীত/ সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্যক্রম ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন, গুণগতমান এবং পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে বা হচ্ছে কিনা সে বিষয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা; প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পণ্য, কার্য ও সেবা ক্রয়/ সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব প্রকল্পের অস্বাভাবিক ব্যয় বৃদ্ধি ও সময় বৃদ্ধি ইত্যাদি বিষয়াদি কারণসহ বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা প্রকল্পের নিবিড় পরিবীক্ষণে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য যে, কুষ্টিয়া সদর হাসপাতালের বর্তমান অবকাঠামো ব্যবহার করে স্নাতক পর্যায়ে ৫ বছর মেয়াদী এম.বি.বি.এস. শিক্ষা কার্যক্রম চালু রয়েছে। বর্তমানে ক্লিনিকাল এবং ব্যবহারিক পরীক্ষার জন্য পরীক্ষাগার হিসেবে কুষ্টিয়া সদর হাসপাতালটি শিক্ষার্থীরা ব্যবহার করছেন। নতুন হাসপাতাল ভবনটি নির্মিত হলে ভবিষ্যতে জনগণ ৫০০ শয্যা বিশিষ্ট হাসপাতালের সুফল ভোগ করতে পারবে। প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর ২০১৯-এ শেষ হয়ে যাওয়ায় অতি দ্রুত ২য় সংশোধন প্রক্রিয়াকরণ সম্পন্ন করে প্রকল্পটির মেয়াদ বাড়ানোর উদ্যোগ নেয়া যেতে পারে। নিবিড় পরিবীক্ষণে প্রতিবেদনে উল্লেখিত সুপারিশের আলোকে অবকাঠামো নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার মাধ্যমে হাসপাতালটিকে ক্লিনিক্যাল এবং ব্যবহারিক পরীক্ষাগার হিসাবে মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রীদের জন্য উপযোগী করা এবং কুষ্টিয়া ও তার পার্শ্ববর্তী জেলার জনগণের জন্য আধুনিক চিকিৎসা সেবা প্রদান করা সম্ভব হবে।

ইন্টিগ্রেটেড সলিউশনস লিমিটেড